Einstein wrote back to Satyendranath who had in the meantime sent him a follow up paper on June 15, 1924. Einstein duly translated and sent it for publication also but added few comments criticizing its conclusions. Somehow, the news of its publication did not reach Satyendranath for some time. In the meantime, he had left India for a two-year stay in Europe after some wrangling regarding leave with the University authorities. He wrote to Einstein from Paris inquiring about the second paper. Einstein replied and sent his copies of the published version. Satyendranath was somewhat disheartened, he always considered this paper to be his most important work. He took two months to reply and sent a third paper. A few months later, he went to Berlin to meet Einstein and spent a year with him.

The actual content of this third paper remains unknown. It was clear from

comments made later by Satendranath that Einstein did not agree with its conclusion. Satyendranath never published it; no copy of it has survived. From the letter accompanying the manuscript and a few comments of Satyendranath made later, some idea about its contents can tentatively be formed which we will consider in due course. In a parallel development, Einstein made a significant advance in the field. Satyendranath had applied his new statistics to photons only. Photons are massless particles. Einstein modified Bose's method to apply it to particles with mass; that is why we often call it Bose-Einstein statistics.

Let us now consider the importance of Bose statistics. It is a way of counting 'states'. Suppose we have a number of balls which we can place in different boxes. Each possible arrangement is called a 'state'. In Bose statistics, we place the photons in a number of energy intervals; the photons are the balls and the energy intervals are the boxes. However, there are two crucial differences. One is that the number of states are calculated assuming photons are particles, not waves. That is a completely new method.

Secondly, the photons are considered identical. Suppose we have two balls, 1 and 2, which are to be put in two boxes A and B. The possible configurations may be written as:

| I | | II | | III | | IV | |
|---|---|---|---|---|---|---|---|
| A | B | A | B | A | B | A | B |
| 1,2 | - | 1 | 2 | 2 | 1 | - | 1,2 |

However, the situation is different for particles obeying the Bose statistics. Since the particles are identical, one cannot distinguish between configurations II and III; thus the total number of configurations are three in this case. Though Bose or Einstein did not write of the indistinguishability explicitly, it was implied in their calculations. This is a phenomenon that we cannot observe in our everyday world, but frequently encounter in the microscopic realm. Two photons of the same energy are identical, so are two electrons. This is a very fundamental property of the elementary particles. Though, there is a crucial difference between the two; two electrons cannot be put in the same 'box'. For photons, there is no such restriction. There are two classes of elementary particle in the Universe. Particles that obey the Bose statistics are called Bosons, a term coined by the famous physicist Paul Dirac. Electrons, protons, quarks and many other particles obey the Fermi-Dirac statistics and are called fermions.


In the second paper, Satyendranath derived the aforementioned relation that Einstein had already obtained for atomic transitions; Bose's derivation was more general and required less assumptions. However, Einstein disagreed with the later part of the paper. His arguments are beyond the scope of the present article. Bose tried to clarify his ideas to Einstein in the third paper and available evidence shows that he seemed to have arrived at a very important conclusion, directly contradicting Einstein's idea about atomic transitions. Einstein never agreed to it and probably that is why Satyendranath never published the paper. We note that later developments of Quantum Mechanics have shown that particular assumption of Einstein to be erroneous, though whether Satyendranath an understanding in consonance with modern ideas is impossible to determine without more substantial evidence.

We now come to an interesting change that Einstein made while translating the first paper. Planck's formula required multiplication by a factor of two. Satyendranath assumed that a photon has spin, and it can rotate about itself either in a upward or in a downward direction. This, he deemed to be the origin of the multiplicative factor. Einstein removed the word 'spin' and replaced it by the term 'polarization', which is a wave property. Thus, the published version

paper also depended on the wave nature of light, a dependence that was absent in the original version. Spin of elementary particles was discovered soon after; though gradually it was understood that it is a fundamental property of the particle and does not represent rotation around itself.

Satyendranath's epoch-making paper is related to counting of states, a field which we call Quantum Statistics that started with its publication. It has nothing to do with the discovery of the Higgs boson as commonly found in newspapers and TV programmes. Higgs particle definitely obeys the Bose statistics, but its discovery cannot be traced back to the ideas of Bose; just as the fact that quarks or neutrinos are fermions does not mean that we ascribe their discoveries to Enrico Fermi or Paul Dirac.

Bose and Einstein's idea have found application in many areas. Nobel Prizes have been awarded for discovery or explanations of diverse phenomena such as superconductivity of some metals, superfluidity of helium at extremely low temperatures, and Bose-Einstein condensation of gas atoms, that depend on this statistics. Satyendranath was never nominated for the Prize by any world-renowned scientist. Soon after his discovery of the statistics, Quantum Mechanics burst upon the scene, and it is likely that the name of an Indian, working far away from the centre of excitement, was forgotten. Neither Bose-Einstein, nor Fermi-Dirac statistics was considered worthy of the Nobel Prize. However, that matters little, the name of Bose will forever be enshrined in the pantheon of science; elementary particles bearing his name permeate the Universe.



# সুভাষ-ওটেন দ্বন্দ্ব : এক রাজনৈতিক প্রেক্ষাপট

**শাশ্বত বন্দ্যোপাধ্যায়**
গবেষক

১৯১৬ সালে সরকার পোষিত প্রেসিডেন্সি কলেজে ছাত্র ধর্মঘট এবং তার পর পরই ছাত্রদের হাতে অধ্যাপক নিগ্রহের যে ঘটনা ঘটেছিল তা ছিল সেই সময়ের নিরিখে অভূতপূর্ব। শতাধিক বছর আগের ঘটনার গুরুত্ব আজ অনেকটাই স্তিমিত এবং জনমানসে অবলুপ্ত। কিন্তু বর্তমান যুগে দাঁড়িয়ে অতীতের সেই ঘটনার দিকে দৃষ্টি নিক্ষেপ করা প্রয়োজন যেহেতু ঘটনার মূল নায়কের ১২৬তম জন্মদিবস সদ্য অতিক্রান্ত।



শিল্পী : ঈশা মহম্মদ

মূল প্রসঙ্গে প্রবেশ করার আগে কিছু প্রাক্‌কথন প্রয়োজন। দরকার মূল কুশীলবদের প্রেসিডেন্সি কলেজে যোগদান এবং তাঁদের কার্যক্রমের বিবরণ।

অন্যতম মূল চরিত্র অধ্যাপক ওটেন ১৯০৯ সালে ইতিহাসের অধ্যাপক রূপে প্রেসিডেন্সি কলেজে যোগ দেন। তিনি ছিলেন কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর স্নাতক এবং ইন্ডিয়ান এডুকেশনাল সার্ভিসের সদস্য। প্রেসিডেন্সি কলেজে পড়ানোর অভিজ্ঞতা তিনি পরবর্তীকালে ব্যক্ত করেছেন এইভাবে যে ছাত্ররা ছিল কৌতূহলী, মেধাবী, পড়াশোনায় আন্তরিক ও পরিশ্রমী। বিদেশী শিক্ষকদের প্রতি ছিল শ্রদ্ধাশীল।

কিন্তু ছাত্রদের প্রতি তাঁর এই মনোভাব খুব বেশিদিন বজায় ছিল না। তাঁর লেখা থেকে জানা যায় যে ১৯১৫ সাল থেকেই রাজনীতির আঁচ কলেজ অঙ্গনে প্রবেশ করতে থাকে এবং ছাত্র নিয়মানুবর্তীতায় শৈথিল্য পরিলক্ষিত হতে থাকে। ছাত্র-শিক্ষক সম্পর্কেও একটা চিড় লক্ষ্য করা যায়।

সূত্র : (The Bengal Student As I know Him) (Paper written by Professor Oaten and read out at Netaji International Seminar on 13.01.1973, Page 32).

ছাত্র শিক্ষক সম্পর্কের এই মূল্যায়ন খুব একটা যে ভুল তা বলা যায় না। বিংশ শতকের দ্বিতীয় দশক বিশ্ব রাজনীতির এক মহাপ্রলয়ের সাক্ষী। একের পর এক রাজনীতির তরঙ্গাঘাতে বাংলা তথা ভারতের সামাজিক রাজনৈতিক অবস্থা তখন বেসামাল। ছাত্র সমাজও এর বাইরে ছিল না। বিভিন্ন বৈপ্লবিক কার্যক্রমে তাদের পরোক্ষ বা প্রত্যক্ষ যোগ গোপন ছিল না। অপরপক্ষে যে ইউরোপীয় শিক্ষককূল ভারতের শিক্ষাজগতে প্রবেশ করেছিলেন ভারত সম্বন্ধে ছিল তাঁদের এক বিস্ময়কর অনুকম্পা ও বিরূপ মনোভাব। তাঁরা কখনোই বিস্মৃত হতেন না যে তাঁরা হচ্ছেন সাম্রাজ্যবাদী শাসকের প্রতিনিধি এবং এদেশে এসেছেন এক অসভ্য, বর্বর ভারতবাসীকে শিক্ষার আলোকে সভ্য করার এক মহান দায়িত্ব নিয়ে।

অধ্যাপক ওটেনও এর বাইরে ছিলেন না। ১৯১৫ সালে ইডেন হিন্দু হোস্টেলের ছাত্রদের এক সভায়

সভাপতি হিসাবে ভাষণ দিতে গিয়ে বলেন যে— "As the Greeks had Hellerised the barbarious people with whom they came in contact so the mission of the English people has also been to civilise Indian people."

আমন্ত্রিত বক্তা হিসেবে সভাপতির ভাষণে শালীনতা বহির্ভূতভাবে অধ্যাপক ওটেন যা বলেছিলেন তা উপস্থিত ছাত্রদের উত্তেজিত করার পক্ষে যথেষ্ট ছিল। তবুও ছাত্ররা সংযমের পরিচয় দিয়ে কোনো প্রতিবাদের রাস্তায় যায়নি এবং সভা সুষ্ঠুভাবে ও শান্তিপূর্ণভাবেই শেষ হয়েছিল। অধ্যাপক ওটেনের এই ভারত বিদ্বেষী ভাষণের নেপথ্যে ছিল সভায় ছাত্রদের সমবেত কণ্ঠে গীত দ্বিজেন্দ্রলাল রায়ের "বঙ্গ আমার জননী আমার" এই গানটি যা প্রশাসকদের খাতায় কালো তালিকাভুক্ত ছিল।

কুশীলবদের আর একজন হলেন প্রেসিডেন্সি কলেজের তৎকালীন অধ্যক্ষ মি. এইচ. আর. জেমস। তিনি ১৯০৭ সালে অধ্যক্ষপদে প্রেসিডেন্সি কলেজে যোগ দেন। এর আগে তিনি ছিলেন এই কলেজেরই ইংরেজীর অধ্যাপক। তিনি ছিলেন দক্ষ প্রশাসক ও ছাত্র দরদী। তিনিই প্রথম ছাত্র-শিক্ষক সেতু বন্ধনের জন্য 'স্টুডেন্টস কলসালটেটিভ কমিটি' গঠন করেছিলেন যাতে সহজেই আলোচনার মাধ্যমে কলেজে কোনো অনভিপ্রেত ঘটনা এড়ানো যায়। কিন্তু তিনিও শাসকের গোঁড়ামির থেকে নিজেকে মুক্ত করতে পারেননি। ২৫.০৮.১৯১৪ তারিখে ছাত্রদের সভায় তাই তিনি সহজেই বলতে পেরেছিলেন যে ছাত্রদের মধ্যে দেশপ্রেমের যে প্রকাশ তার মূলে আছে ব্রিটিশ শিক্ষা ও মূল্যবোধ। কিন্তু তা যদি ব্রিটিশদের বিরুদ্ধে ধাবিত হয় তা হবে পিতৃ হত্যার তুল্য।

উপরের দুটি উদাহরণ থেকেই বোঝা যায় যে ছাত্র-শিক্ষক সম্পর্ক সঠিক খাতে প্রবাহিত হচ্ছিল না এবং তা স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়-এর মতো এদেশীয় শিক্ষাবিদদেরও নজর এড়িয়ে যায়নি। স্যার গুরুদাসের মতো দুর্ভাগ্যক্রমে অতীতের ইউরোপীয় শিক্ষকদের সাথে দেশীয় ছাত্রদের যে সুসম্পর্ক ছিল তা বর্তমানে অবলুপ্ত। (The Education Problem in India)

অধ্যক্ষ জেমস তাঁর সাথে সহমত পোষণ করে প্রেসিডেন্সি কলেজের পত্রিকায় এক প্রবন্ধে বলেন যে এর জন্য ভারতীয় ছাত্ররাই দায়ী। (সূত্র : Subhas Chandra by Dr. Hemendra Nath Das Gupta, Pages 16-17)

অর্থাৎ ছাত্র ও শিক্ষকদের মধ্যে একটা পারস্পরিক অবিশ্বাস ও চাপা অসন্তোষ বিরাজ করছিল। দরকার ছিল একটা বিস্ফোরণের যার বহিঃপ্রকাশ ঘটে ওটেন নিগ্রহের মধ্য দিয়ে। কিন্তু খুবই পরিতাপের বিষয় যে শিক্ষকরা তা অগ্রিম অনুধাবন করতে ব্যর্থ হয়েছিলেন। তাঁদের বিভিন্ন ব্যবহারে এবং কটূ মন্তব্যে যে ছাত্ররা অপমানিত ও আহত হচ্ছিল তা উপলব্ধি করার মতো মানসিকতা ইউরোপীয় শিক্ষকদের ছিল না এবং তাঁদের এই অবিমৃষ্যকারিতার ফলেই শিক্ষক নিগ্রহের মতো ঘটনা ঘটে।

এবার ঘটনার মূল হোতা হিসাবে চিহ্নিত সুভাষচন্দ্রের সাথে প্রেসিডেন্সি কলেজের পরিচয়ের সূত্রপাত আলোচনা করা যেতে পারে। সুভাষচন্দ্র ১৯১৩ সালের মার্চ মাসে কটকের র‍্যাভেনশ কলেজিয়েট স্কুল থেকে প্রবেশিকা পরীক্ষা দিয়ে সারা বিশ্ববিদ্যালয়ে ৭০০ নম্বরের মধ্যে ৬০৯ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেন এবং প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন। প্রথম স্থান পান প্রমথনাথ সরকার ৬১৬ নম্বর পেয়ে। সুভাষচন্দ্র ২০ টাকা বৃত্তিরও অধিকারী হন কিন্তু কটকে না পড়ার জন্য সে বৃত্তি থেকে বঞ্চিত হলেও প্রেসিডেন্সি কলেজ থেকে মাসিক ১০ টাকা বৃত্তিলাভ করেন। যদিও ১৯১৩ সালে রাঁচী থেকে তাঁর মা প্রভাবতী দেবীকে লেখা চিঠি থেকে জানা যায় যে তিনি প্রাথমিকভাবে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হতে অনিচ্ছুক ছিলেন।

প্রেসিডেন্সি কলেজে পড়াকালীন তাঁর মধ্যে আস্তে আস্তে রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটতে থাকে। কটক থেকে কলকাতায় এসে ইংরেজদের ভারতীয়দের প্রতি ব্যবহারে নানা অবজ্ঞার পরিচয় পেতে থাকেন যা তাঁর সংবেদনশীল মনে ইংরেজি জাতি সম্বন্ধে এক বিরূপ মনোভাবের জন্ম দেয়।

শাসক ও শাসিতের মধ্যে যে দুস্তর ব্যবধান তার প্রত্যক্ষ পরিচয় তিনি কলকাতাতেই পান যা কটকে এত দৃশ্যমান ছিল না। যাতায়াতের পথে উদ্ধত ইংরেজদের আচরণে বিরক্ত হয়ে তাদের সাথে মাঝে মাঝেই তিনি বাগ-বিতন্ডায় জড়িয়ে পড়তেন। প্রেসিডেন্সি কলেজে পড়ার সময়েই তিনি পড়া ছাড়াও নানা সামাজিক ও ধর্মীয় কাজে নিজেকে যুক্ত করেছিলেন। ১৯১৩-১৫ সালের মধ্যে তিনি বাংলা ও ভারতের নানা ঐতিহাসিক ও ধর্মীয় স্থান পরিভ্রমণ করেন। পরিভ্রমণের সূত্রে বোলপুরে রবীন্দ্রনাথের সাথে তাঁর প্রথম সাক্ষাৎ ঘটে এবং তাঁর কাছ থেকে গ্রাম উন্নয়ন ও পুনর্গঠন সম্বন্ধে প্রাথমিক জ্ঞান লাভ করেন। এই পরিভ্রমণের অভিজ্ঞতা তাঁকে নানাভাবে ঋদ্ধ করেছিল। এই ভ্রমণের মাধ্যমেই দেশের নানা জায়গায় নানা সামাজিক কুপ্রথার সাথে পরিচিত হন যা তাঁর ধর্মবিশ্বাসকে বিশেষভাবে প্রভাবিত করেছিল এবং তিনিও নতুন ভাবে দেশ, সমাজ ও ধর্মকে দেখতে শিখেছিলেন।

অন্যদিকে কলেজের নানা সাংগঠনিক কাজেও তিনি যুক্ত ছিলেন। তিনি ছিলেন কলেজে গঠিত দুর্ভিক্ষ ও ত্রাণ সমিতির যুগ্ম সম্পাদক যার কোষাধ্যক্ষ ছিলেন আচার্য পি. সি. রায়। তিনি ছিলেন কলেজে বিতর্ক সভার সচিব এবং কলেজে যে স্টুডেন্টস কনসালটেটিভ কমিটি ছিল তিনি ছিলেন তাঁর শ্রেণী থেকে নির্বাচিত ছাত্র প্রতিনিধি। তিনি ছিলেন কলেজের ম্যাগাজিন কমিটিরও উৎসাহী সদস্য। এই সব নানা কাজে ব্যস্ত থাকার ফলে ১৯১৫ সালে অনুষ্ঠিত আই. এ.-তে সাধারণভাবে প্রথম বিভাগে পাশ করেন যা তাঁর মতো মেধাবী ছাত্রের পক্ষে ছিল খুব নিম্নমানের। তিনি নিজেও এই ফলে কিছুটা হতাশ হয়ে পড়েছিলেন যার প্রমাণ পাওয়া যায় ২৭.০৩.১৯১৫-তে বন্ধু হেমন্তকুমারকে লেখা এই চিঠি থেকে যেখানে তিনি লিখছেন—"I wish to take Honours in Philosophy in my B.A. and come out first."

১৯১৩-১৫ পর্যন্ত শিক্ষাকাল ভালোভাবে অতিবাহিত হলেও ১৯১৬ সালের জানুয়ারি মাসে কলেজে ঘটা এক আকস্মিক ঘটনায় তার জীবনের মোড় ঘুরে যায়। কটকে যে বালকটি ছিল আত্মসমাহিত, নির্জনতা প্রিয় এবং ধর্মানুরাগী তার মনোজগতে এক আমূল পরিবর্তন ঘটে কলকাতায় প্রেসিডেন্সি কলেজে পড়তে এসে। এক ঐতিহাসিক ঘটনার মূল চরিত্র হিসাবে বাংলা তথা ভারতের শিক্ষা জগতের ইতিহাসে এক বিরাট আলোড়নের সৃষ্টি করেন এবং ভারতবর্ষ খুঁজে পায় তার ভাবী 'দেশনায়ক'-কে। এই সময় তাঁর বয়স ছিল মাত্র ১৯।

এবার মূল ঘটনার দিকে দৃষ্টি দেওয়া যেতে পারে। ১০.০১.১৯১৬ তারিখে হিন্দু ও হেয়ার স্কুলের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রেসিডেন্সি কলেজের ৩য় বর্ষের কিছু ছাত্ররা আমন্ত্রিত ছিল। অনুষ্ঠানে যোগ দেবার জন্য তারা অধ্যাপক আর. এন. ঘোষের কাছ থেকে আগাম অনুমতি নেয় যাতে তিনি তাঁর নির্দিষ্ট ক্লাস যা বেলা ১২টার সময় নেবার কথা তার থেকে কিছুটা দেরিতে নেন এবং ছাত্ররা অনুষ্ঠান শেষে ক্লাসে যোগ দিতে পারে। অনুষ্ঠান শেষে কলেজে ক্লাস শুরু হতে হতে যেহেতু ১২.৩০ হয়ে গেছিল, তাই অধ্যাপক ক্লাস না নিয়ে ছুটি দিয়ে দেন। ছাত্ররা যখন 'করিডর' দিয়ে আসছিল তখন কিছু গোলযোগের সৃষ্টি হয়। সেই সময় অধ্যাপক ওটেন ক্লাস নিচ্ছিলেন। গোলমাল শুনে তিনি বিরক্ত হয়ে ওঠেন এবং ক্লাস থেকে বেরিয়ে দেবেন্দ্রনাথ ব্যানার্জী নামে এক ছাত্রের ঘাড়ে ধাক্কা দিয়ে তার ক্লাসে ফেরত পাঠিয়ে দেন এবং অন্য ছাত্রদেরও ক্লাসে গিয়ে ১টা পর্যন্ত অপেক্ষা করতে বলেন।

অধ্যাপক ওটেন উত্তেজনায় এই সময় কোন কোন ছাত্রকে তিনি ধাক্কা দিয়েও ক্লাসে ফেরত পাঠিয়েছিলেন। উত্তেজনার আধিক্যে তাঁর সহকর্মী অধ্যাপক আর. এন. ঘোষকেও ছাত্র ভেবে তাঁর সাথে দুর্ব্যবহার করেন।

সুভাষচন্দ্র তখন লাইব্রেরিতে ছিলেন। তিনি যখন সমস্ত ঘটনা শুনলেন তাঁর মনে হয়েছিল যে ছাত্রদের প্রতি অধ্যাপক ওটেনের এই অপমানজনক ব্যবহারের একটা আশু বিহিত করা প্রয়োজন। তিনি যেহেতু স্টুডেন্টস কনসালটেটিভ কমিটির থেকে তাঁর ক্লাসের ছাত্র প্রতিনিধি ছিলেন, সেই অধিকারে তিনি তখনই অধ্যক্ষের সাথে দেখা করেন এবং সমস্ত ঘটনা তাঁকে জানিয়ে দাবি জানান যে অধ্যাপক ওটেনের ছাত্রদের

কাছে তাঁর রূঢ় ও উগ্র ব্যবহারের জন্য ক্ষমা চাওয়া উচিত।

অধ্যক্ষ এই ব্যাপারে তাঁর অপারগতা জানিয়ে স্পষ্ট ভাষায় সুভাষচন্দ্রকে জানান যে অধ্যাপক ওটেন যেহেতু ইন্ডিয়ান এডুকেশনাল সার্ভিসের একজন সদস্য, তাই তিনি তাঁকে ক্ষমা চাওয়ার কথা বলতে পারেন না। উপরন্তু অধ্যাপক ওটেনের ব্যবহারে পরোক্ষ সমর্থন জানিয়ে বলেন যে অধ্যাপক ওটেন ছাত্রদের সাথে কোনো খারাপ ব্যবহার করেননি বা বলপ্রয়োগ করেন নি। ছাত্রদের হাত ধরে সরিয়ে দিয়েছিলেন মাত্র। বিক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষের এই অজুহাত মানতে পারল না। সুবিচারের প্রত্যাখ্যান তাদেরকে যথেষ্টই আশাহত ও ব্যথিত করেছিল। অধ্যাপক ওটেনের হাতে ছাত্রদের নিগ্রহ এবং অধ্যক্ষের নিষ্ক্রিয়তার প্রতিবাদে ছাত্ররা পরের দিন অর্থাৎ ১১.০১.১৯১৬-তে কলেজে ছাত্র ধর্মঘটের ডাক দেয়।

ঘটনার অন্যতম প্রত্যক্ষদর্শী হিসাবে সুভাষচন্দ্রের নিজস্ব বক্তব্য যা তাঁর আত্মজীবনীতে বিবৃত আছে তা হল অধ্যক্ষ বিক্ষুব্ধ ছাত্রদের সাথে কথা বলেন এবং তাদের অভিযোগ প্রত্যাহার করে অধ্যাপক ওটেনের সাথে দেখা করে গণ্ডগোল মিটিয়ে ফেলতে বলেন। বিক্ষুব্ধ ছাত্রদের মধ্য থেকে তিনজন ব্যক্তিগত ভাবে অধ্যাপক ওটেনের সাথে দেখা করতে রাজি হয়। কিন্তু অধ্যাপকের সাথে দেখা না হওয়ায় এবং তাদের অভিযোগের কোনো নিষ্পত্তির সম্ভাবনা না থাকায় সব ছাত্র একযোগে ধর্মঘটের ডাক দেয় এবং দাবি জানায় যে তাদের অভিযোগের যতক্ষণ পর্যন্ত না কোনো সুরাহা হচ্ছে তারা কোনো ক্লাস করবে না। (The Presidency College Trouble—A True Version)

অধ্যক্ষের সপক্ষে কিন্তু একটা বলার জায়গা আছে। অধ্যক্ষ ছাত্রদের দাবি না মানাতে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় ছাত্রদের মনে হয়েছিল অধ্যক্ষ তাদের অভিযোগের যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন না বা স্বদেশীয় অধ্যাপককে আড়াল করার চেষ্টা করছেন। কিন্তু পরবর্তীকালে প্রকাশিত নানা তথ্যের ভিত্তিতে জানা যায় যে অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগ ছিল ভিত্তিহীন। প্রেসিডেন্সি কলেজে গণ্ডগোলের পরিপ্রেক্ষিতে সরকার যে তদন্ত কমিটি গঠন করেছিলেন তার রিপোর্ট প্রকাশ হলে জানা যায় যে অধ্যক্ষ যেমন ছাত্রদেরকে বলেছিলেন অধ্যাপকের সাথে দেখা করে গণ্ডগোল মিটিয়ে ফেলতে তেমনি অধ্যাপক ওটেনকেও ব্যক্তিগত চিঠি লিখে অনুরোধ জানিয়েছিলেন তাঁর উচিত হবে ছাত্রদের সাথে সমস্যা মিটিয়ে ফেলা। কিন্তু ছাত্রদের কাছে অধ্যক্ষের এই ভূমিকা অজ্ঞাত থাকায় ছাত্ররা অধ্যক্ষের নির্দেশকে ভুল বুঝেছিল। (Oaten Incident...Bholanath Roy, pp. 56-57)

ছাত্রদের ডাকা এই ধর্মঘট প্রেসিডেন্সি কলেজে তথা বাংলা ছাত্র আন্দোলনের ইতিহাসে এক নতুন যুগের সূচনা করে। ধর্মঘট শুরু হতেই অধ্যক্ষ নানা দমনমূলক ব্যবস্থা গ্রহণ করার সাথে সাথে সাম্প্রদায়িক তাস খেলেও ধর্মঘট বানচাল করার ব্যর্থ প্রয়াস চালান। মুসলমান ছাত্ররা যাতে ধর্মঘটে যোগ না দেয় তার জন্য তিনি সচেষ্ট হন। কিন্তু ইংরেজদের চিরকালীন নীতি "Divide and Rule" এই ক্ষেত্রে ব্যর্থ হয়। ধর্মঘট থেকে কোনো মুসলমান ছাত্রই সরে যায়নি। আন্দোলনের এটাও ছিল একটা সদর্থক দিক। অধ্যক্ষ সব ছাত্রদের পাইকারী হারে ৫ টাকা জরিমানা ধার্য করেন এবং ধর্মঘট যাতে ভেঙে যায় তার জন্য অধ্যাপকদের সাথে আলোচনা চালাতে থাকেন। কিন্তু ছাত্ররা আলোচনার বাইরেই থাকে।

দুদিন টানা ধর্মঘট চলার পর ছাত্র আন্দোলনে একটা ভাঁটার টান লক্ষ্য করা যায়। ছাত্রদের অভিভাবকরা ছিলেন ধর্মঘটের বিরোধী। বেশ কিছু ছাত্রও চাইছিল ধর্মঘটের সত্বর অবসান। কারণ বেশির ভাগ ছাত্রই ছিল শান্ত, নির্বিরোধী ও 'ক্যারিয়ারমনস্ক'। ধর্মঘট তাদেরকে ভীত ও সন্ত্রস্ত করে তুলেছিল। কর্তৃপক্ষও চাইছিলেন ধর্মঘট যাতে তাড়াতাড়ি শেষ হয়। কারণ প্রেসিডেন্সি কলেজের মতো অভিজাত সরকারি কলেজে ধর্মঘট চলা মানেই সরকারের বিরুদ্ধে একটা 'চ্যালেঞ্জ' যা সরকার অথবা কলেজ কর্তৃপক্ষকে যথেষ্ট বিব্রত করছিল। একটা সম্মানজনক মীমাংসা সূত্র খোঁজার জন্য সব পক্ষই ব্যগ্র ছিল। এমতাবস্থায় ধর্মঘটের তৃতীয় দিনে অর্থাৎ ১৩.০১.১৯১৬-তে অধ্যাপক পি. সি. রায়, অধ্যাপক এ. এন. মুখার্জী, অধ্যাপক পিকে, অধ্যাপক

পি. সি. ঘোষ এবং অধ্যাপক হিদায়েৎ হোসেন—এই পাঁচজন ইডেন হিন্দু হোস্টেলে গিয়ে ছাত্রদের সাথে আলোচনায় যোগ দেন যাতে ধর্মঘট উঠে যায়। আলোচনাকালে ছাত্ররা দাবি জানায় যে এই পাঁচজন অধ্যাপককেই তদন্ত করে দেখতে হবে ঘটনার জন্য কে দায়ী। যদি তাঁদের তদন্তে অধ্যাপক ওটেন দোষী হিসাবে চিহ্নিত হন তবে অধ্যাপক ওটেনকে তাঁর কাজের জন্য ক্ষমা চাইতেই হবে। অধ্যাপকরা ছাত্রদের এই দাবি স্বভাবতই মানতে পারলেন না। তাঁরা কলেজে ফিরে অধ্যক্ষকে জানান যে তাঁদের আলোচনা ব্যর্থ হয়েছে।

শেষ পর্যন্ত অবশ্য অধ্যক্ষের মধ্যস্থতায় ধর্মঘট শেষ হয় এবং সৌহার্দপূর্ণ পরিবেশে কলেজে 'ক্লাস' শুরু হয়। সুভাষচন্দ্রের লেখায়— "An atmosphere of forgive and forget"। যদিও বলা হয়ে থাকে যে অধ্যাপক ওটেন ঘটনার জন্য ছাত্রদের কাছে দুঃখ প্রকাশ করেছিলেন তার কোনো বস্তুনিষ্ঠ তথ্য নেই। পরবর্তীকালে ছাত্রদের সাথে ওটেনের ব্যবহারে এটা প্রমাণ হয় যে কলেজে ছাত্র ধর্মঘট তিনি মেনে নিতে পারেননি। তাই এটা মনে হতেই পারে যে তিনি 'দুঃখ প্রকাশ' করলেও তাতে আন্তরিকতার অভাব ছিল।

ধর্মঘট মিটে গেলেও অধ্যক্ষ যে পাইকারী হারে ছাত্র প্রতি ৫ টাকা জরিমানা ধার্য করেছিলেন তা তিনি প্রত্যাহার করেননি। এমন কি ছাত্ররা যখন জরিমানা হ্রাসের আবেদন জানায় তাও তিনি মানেননি। তাই ধর্মঘট উঠে গেলেও ছাত্রদের ক্ষোভ কিন্তু প্রশমিত হয়নি। ধর্মঘটের অব্যবহিত পরেই অধ্যক্ষ কলেজ ম্যাগাজিনে একটি প্রবন্ধ লেখেন। সেই প্রবন্ধতে ঘটনার জন্য ছাত্রদের দায়িত্বহীনতাকে নিন্দা করেন। তাঁর বক্তব্য ছিল যে কলেজের নিয়ম অনুসারে ক্লাস চলাকালীন ছাত্রদের 'করিডরে' চলাচল করা উচিত হয়নি। অধ্যক্ষ এও মনে করেন যে অধ্যাপক আর. এন. ঘোষও দায়িত্বশীলতার পরিচয় দেননি। তিনি দেরি করে ক্লাসে আসতেই কলেজে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। অর্থাৎ প্রকারান্তরে অধ্যাপক ঘোষকেই দোষী সাব্যস্ত করেন। অপরদিকে অধ্যাপক ওটেন যা করেছেন তা হল 'অনবধানতাবশত ঃ' (সূত্র ঃ Oaten Incident by Bhola Nath Roy, Page 31)

১৪.০১.১৯১৬-তে ধর্মঘট উঠে যাবার পর 'ক্লাস' শুরু হলেও ছাত্ররা আবার কোনো কারণ ছাড়াই অধ্যাপক ওটেনের দুর্ব্যবহারের শিকার হয়। তাঁর ক্লাসের যে ১০ জন ছাত্র ধর্মঘটে অংশগ্রহণ করেছিল তাদের তিনি ক্লাস থেকে বার করে দেন। ছাত্ররা অধ্যক্ষের কাছে এই ব্যাপারে অভিযোগ জানালেও অধ্যক্ষ ছাত্রদের ক্ষোভ নিরসনের কোনো ব্যবস্থাই গ্রহণ করেননি যা ছাত্রদের তরুণ হৃদয়ে গভীর প্রভাব ফেলেছিল। ফলে তাদের উত্তেজনার আবহে পরপর ইন্ধন যোগ হতে থাকে।

কিন্তু এটা খুবই পরিতাপের বিষয় যে অধ্যক্ষ এবং অপরাপর ইউরোপীয় অধ্যাপকবৃন্দ ছাত্রদের এই প্রচ্ছন্ন ক্ষোভের পরিমাণ পরিমাপ করতে ব্যর্থ হন এবং তাঁদের কার্যকলাপে এটা মনে করা যেতেই পারে যে 'মানুষ গড়ার কারিগর' হিসাবে তাঁদের ভূমিকা সমালোচনার ঊর্ধ্বে ছিল না। তাঁদের উন্নাসিক মনোভাব এটাই প্রমাণ করে যে সমকালীন ভারতে রাজনৈতিক ও সামাজিক অবস্থা সম্বন্ধে তাঁরা কতটা অজ্ঞ ও উদাসীন ছিলেন!

ধর্মঘট মিটে যাবার এক মাস অতিক্রান্ত হতে না হতেই ১৫.০২.১৯১৬-তে কলেজে আর একটা অপ্রিয়জনক ঘটনা ঘটে যার মূলে ছিলেন সেই অধ্যাপক ওটেন। ওই দিন কলেজের রসায়ন বীক্ষণাগারে আগুন লাগায় অধ্যাপক পি. সি. রায় রসায়নের নির্দিষ্ট ক্লাসটি না নেওয়ায় তাঁর ক্লাসটি নেন 'ডেমনস্ট্রেটর' গঙ্গাগোবিন্দ বসাক। তিনি কিছুক্ষণ ক্লাসে থেকে নির্ধারিত সময়ের পূর্বেই ছাত্রদের ছুটি দিয়ে দেন। ছাত্রদের ক্লাস থেকে বেরিয়ে করিডর দিয়ে নীচে নামার সময় স্বভাবতই কিছু হৈ চৈ হয়। অধ্যাপক তখন ৫ম বর্ষের ক্লাস নিচ্ছিলেন। গোলমালে বিরক্ত হয়ে তিনি ছাত্রদের কথা বলতে নিষেধ করেন। এর মধ্যে কমলাভূষণ বোস নামে এক ছাত্র একজনকে 'পঞ্চানন' বলে দু'বার ডাকে। এই শুনে অধ্যাপক ওটেন উত্তেজিত হয়ে ছেলেটির ঘাড় ধরে কলেজ স্টুয়ার্ডের কাছে নিয়ে যান এবং ১ টাকা জরিমানা ধার্য করেন। কমলাভূষণ তৎক্ষণাৎ অধ্যক্ষের কাছে অভিযোগ জানিয়ে বলেন যে অধ্যাপক তার ঘাড় ধরেছেন এবং তাকে 'রাস্কেল' বলেছেন। অধ্যক্ষ

সব শুনে তাকে বেলা ৩টার সময় অভিযোগ জমা করতে বলেন।

অধ্যাপক ওটেনের হাতে ছাত্র নিগ্রহের এই নতুন ঘটনা সারা কলেজে তৎক্ষণাৎ আগুনের মতো ছড়িয়ে পড়ে এবং ছাত্ররা এক যোগে বিক্ষুব্ধ হয়ে ওঠে। পূর্ববর্তী ঘটনার জন্য ছাত্ররা এমনিতেই কলেজ কর্তৃপক্ষের উপর অসন্তুষ্ট ছিল। বর্তমান ঘটনা তাদের অসন্তোষে নতুন মাত্রা যোগ করে। ক্ষুব্ধ ছাত্ররা এবার কোনো ধর্মঘটের পথে না হেঁটে অধ্যাপক ওটেনের উপর বল প্রয়োগের সিদ্ধান্ত গ্রহণ করে। সুভাষচন্দ্রের কথায়... "Constitutional protests like strike would simply provoke disciplinary measures and appeals to the principal would be futile." তাই অধ্যাপক ওটেনকে 'প্রহার' করেই তাঁর উদ্ধত ব্যবহারকে সমুচিত জবাব দিতে হবে—এই সিদ্ধান্ত নেওয়া হয় যার অন্যতম শরিক ছিলেন সুভাষচন্দ্র।

সেদিনই অপরাহ্ণে অধ্যাপক ওটেন যখন ক্লাস শেষে এক তলায় নেমে এসে নোটিস বোর্ডে ক্রিকেট খেলার এক বিজ্ঞপ্তি লাগাচ্ছিলেন তখন কিছু ছাত্র তাঁকে পেছন থেকে আঘাত করে। তিনি মাটিতে পড়ে গেলে কিছু ছাত্র তাঁকে লাথি ও ঘুঁষি মেরে হেয়ার স্কুলের মাঠ দিয়ে বেকার ল্যাবরেটরির দিকে পালিয়ে যায়। পুরো ব্যাপারটা ৪০-৪৫ সেকেন্ডের মধ্যেই শেষ হয়। অধ্যাপক গিলক্রাইস্ট পুরো ঘটনা সিঁড়ির মাথা থেকে প্রত্যক্ষ করলেও ওটেনের সাহায্যে এগিয়ে আসেন নি। যদিও তিনি তৎক্ষণাৎ অধ্যক্ষকে ঘটনাটি জানান। আক্রমণকারীরা কতজন ছিল বা কারা ছিল সে সম্বন্ধে পরিষ্কার কোনো তথ্য না থাকলেও তিনজন ছাত্রের নাম ভেসে উঠে। একজন হল দর্শন বিভাগের ৬ষ্ঠ বর্ষের ছাত্র অনঙ্গমোহন দাম। আর একজন ঈশান স্কলারসিপ প্রাপ্ত বিপিন চন্দ্র দে এবং এটা গুজব আকারে ছড়িয়ে পড়েছিল যে অধ্যাপক ওটেনের উপর প্রথম আঘাতটি বিপিন দে-ই করেছিল। অপর ছাত্রটি সুভাষচন্দ্র। (The Oaten Incident..., Bholanath Roy, Page 40)

অধ্যাপক ওটেনকে নিগ্রহ করার পরিষ্কার চিত্রটি আমরা সুভাষচন্দ্রের আত্মজীবনী থেকে জানতে পারি। তাঁর বক্তব্য অনুযায়ী ঘটনার পরে যে গুজব ছড়িয়ে ছিল যে অধ্যাপক ওটেনকে পেছন থেকে আঘাত করা হয়েছে এবং তাঁকে ধাক্কা দিয়ে সিঁড়ি থেকে ফেলে দেওয়া হয়েছে তা সত্য নয়। অধ্যাপক ওটেন পেছন থেকে সামান্য আঘাত পেয়েছিলেন। যাদের আঘাতে তিনি পড়ে গেছিলেন তারা সকলেই তাঁর সামনেই দাঁড়িয়ে ছিল।

অধ্যাপক ওটেনের আক্রমণকারীদের সনাক্ত না করা গেলেও ঘটনার পরের দিন অর্থাৎ ১৬.০২.১৯১৬-তে অধ্যক্ষ স্বতঃপ্রণোদিত ভাবে ঘটনার তদন্ত শুরু করেন। তার কাছে আগে থেকেই সম্ভাব্য অপরাধী ছাত্রদের এক নামের তালিকা ছিল—যার মধ্যে সুভাষচন্দ্রের নামও ছিল। তালিকা ধরে তিনি তদন্ত শুরু করেন। প্রত্যক্ষদর্শী হিসাবে 'বংশীলাল' নামে এক বেয়ারার সাক্ষ্য নেওয়া হয়। সে গোপনে আক্রমণকারী হিসাবে অনঙ্গমোহন দাম ও সুভাষচন্দ্রকে চিহ্নিত করে। অধ্যক্ষ তৎক্ষণাৎ তাঁদের দুজনকে কলেজ থেকে বহিষ্কার করেন এবং সুভাষচন্দ্রের প্রতি কঠিন ভাষা ব্যবহার করে বলেন যে, "Bose, you are the most troublesome man in the college, I suspend you."

কলেজ থেকে সুভাষচন্দ্রের বহিষ্কারের প্রস্তাবে লেখা হয়— "Resolved that Subhas Ch. Bose be expelled from the college for taking a leading part in the assault on Mr. Oaten. (Subhas Chandra : Dr. Hemendra Nath Das Gupta, Page 26).

কমলাভূষণ বোসের জন্যও মৃদু শাস্তির ব্যবস্থা করা হয় যেহেতু অধ্যক্ষের মনে হয়েছিল কমলাভূষণ যে অভিযোগ করেছিল তা ছিল অতিরঞ্জিত ও ভিত্তিহীন। অধ্যক্ষ কমলাভূষণ সম্বন্ধে তাঁর রিপোর্টে লেখেন— "That Kamala Bhusan Bose be kept back for one year in the 1st year I.Sc. class for bringing exaggerated and inaccurate charges against a Professor." অধ্যক্ষ স্টুডেন্টস কনসালটেটিভ কমিটিও ভেঙে দেন এবং ১৭.০২.১৯১৬-তে তদন্তের প্রতিবেদন তাঁর উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেন।

১৯.০২.১৯১৬-তে কলেজ পরিচালন সমিতি

ওটেন নিগ্রহের জন্য অধ্যক্ষ যে যে ব্যবস্থা নিয়েছিলেন তাতে সীলমোহর দেয়। অর্থাৎ কলেজ থেকে সুভাষচন্দ্রের বিতাড়ন পর্ব শেষ হয়। সুভাষচন্দ্র পরবর্তীকালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে আবেদন জানান যে যাতে তিনি অন্য কলেজে ভর্তি হতে পারেন, কিন্তু তখনই তাঁর সে আবেদন গৃহীত হয়নি। এর জন্য তাঁকে আরও বৎসরাধিক অপেক্ষা করতে হয়।

তবে ওটেন নিগ্রহের পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ যে পদক্ষেপগুলি গ্রহণ করেছিলেন তাতে এটা মনে করা অস্বাভাবিক নয় যে তিনি যতটা ক্রোধের বশবর্তী হয়ে তদন্তের কাজ পরিচালনা করেছিলেন ততটা বুদ্ধিমত্তার সাথে সমস্ত ঘটনা পর্যালোচনা করেননি। তাই কলেজে বিশৃঙ্খলাকে হাতিয়ার করে "লঘু পাপে গুরুদণ্ডের" ব্যবস্থা করেছিলেন।

অধ্যাপক ওটেনের উপর ছাত্রদের আক্রমণের ঘটনার অভিঘাত কিন্তু অধ্যক্ষের তদন্তেই শেষ হল না। বরং এই ঘটনা থেকে আরও অনেক নতুন ঘটনা পর্যায়ক্রমে সৃষ্টি হতে থাকে এবং সেই কাহিনিও কম রোমাঞ্চকর নয়। সেই প্রসঙ্গে এবার আমরা প্রবেশ করব। ওটেন নিগ্রহের ঘটনা স্বদেশে ও বিদেশে তুমুল আলোড়নের সৃষ্টি করে। এমনকি ব্রিটিশ পার্লামেন্টেও এ ব্যাপারে প্রশ্ন উঠেছিল। সরকারি সমর্থক Statesman পত্রিকা সরাসরি ছাত্রদের বিরুদ্ধে লেখনী ধারণ করে এবং তাদের কাজকে চরম বিশ্বাসঘাতকতা (Treason) বলে নিন্দা করে। ছাত্রদের বিরুদ্ধে কঠোর ও কঠিন শাস্তির দাবি করে। তাদের ভাষায় ওটেনের উপর আক্রমণ খুবই 'Disgraceful' এবং ছাত্ররা সব 'Unruly'। তাদের বক্তব্য এটাও ছিল যে ওটেন যদি কোনো ছাত্রকে 'রাস্কেল' বলেও থাকেন এবং তার হাত ধরেন, তবুও ছাত্রদের কাজকে সমর্থন করা যায় না। Statesman এমনও মত প্রকাশ করে যে তদন্ত কমিটির গঠন পরোক্ষ ভাবে ছাত্রদের কাজকেই সমর্থন করে। অপরদিকে দেশীয় সংবাদপত্র বিশেষ করে সুরেন্দ্রনাথ সম্পাদিত 'বেঙ্গলী' পত্রিকা ছাত্রদের কাজকে সমর্থন করে এবং সম্পাদকীয়তেও ছাত্রদের শাস্তিদানের পদ্ধতি নিয়ে নিন্দা প্রশ্ন তোলা হয়। সুরেন্দ্রনাথের কাগজ (বেঙ্গলী) ওটেনের হাতে কমলাভূষণের লাঞ্ছনার পুর্ণ বিবরণ প্রকাশ করে। পরবর্তীকালে অধ্যাপক ওটেনের লেখা থেকে জানতে পারা যায় যে তিনি ও অধ্যাপকরা সুরেন্দ্রনাথের সাথে দেখা করেছিলেন এবং কলেজের ঘটনা সম্বন্ধে অতিরঞ্জিত কোনো সংবাদ অর্থাৎ বলপ্রয়োগের ঘটনা যাতে তার সংবাদপত্রে না প্রকাশ পায় তার অনুরোধ করেছিলেন। যদিও সুরেন্দ্রনাথ সে অনুরোধ রক্ষা করেননি। (Paper written by Professor Oaten and read at Netaji International Seminar on 23.01.1973, p. 32)

প্রেসিডেন্সি কলেজের ঘটনা রবীন্দ্রনাথকেও যথেষ্ট বিচলিত করেছিল যার পরিপ্রেক্ষিতে তিনি 'ছাত্রশাসন তন্ত্র' প্রবন্ধটি লিখেছিলেন যা ১৩২২ সালের চৈত্র সংখ্যায় সবুজপত্রে প্রকাশিত হয়েছিল। (রবীন্দ্র রচনাবলী, ১৪শ খণ্ড, পৃ. ৩৭৪, পঃ বঃ সরকার, ১৯২২)। রবীন্দ্রনাথ লিখেছেন যে বিদেশ থেকে আগত বিদেশী অধ্যাপকরা নিজেদের শিক্ষক হিসাবে তুলে ধরার থেকেও তাঁরা যে রাজার জাত এই পরিচয় দিতেই বেশি উৎসাহিত ছিলেন। ছাত্রদের তাঁরা অধীনস্থ প্রজা হিসাবে দেখতেই অভ্যস্ত ছিলেন এবং স্বল্প কারণেই তাঁরা অসহিষ্ণু হয়ে ছাত্রদের সাথে ব্যবহারে সংযম হারিয়ে ফেলতেন। রবীন্দ্রনাথ শ্লেষের সুরে বলছেন–তাঁদের না ছিল জিভের উপর কোনো নিয়ন্ত্রণ, না ছিল তাঁদের মেজাজের উপর কোনো লাগাম। প্রবন্ধটির একটি ইংরেজি তর্জমা *Modern Review* পত্রিকার এপ্রিল, ১৯১৬ সংখ্যাতে প্রকাশিত হয় এবং প্রবন্ধটির একটি কপি তদানীন্তন ছোটলাট লর্ড কারমাইকেলের কাছে পাঠিয়ে দেন এই আশায় যে গভর্নর কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার হিসাবে পুরো ঘটনা সম্বন্ধে একটা পরিষ্কার চিত্র এই প্রবন্ধ থেকে পাবেন এবং কোনো সিদ্ধান্ত নেবার আগে ছাত্রদের কথাও বিবেচনা করার সুযোগ পাবেন। কি ভয়ঙ্কর আত্ম-অবমাননা ও অপমানজনক ব্যবহার করার ফলে ছাত্ররা এই আচরণ করতে প্ররোচিত হয়েছিল এই কথাটি সকলকে বোঝানোর জন্যই রবীন্দ্রনাথ খোলাখুলি ছাত্রদের সমর্থনে প্রবন্ধটি লিখেছিলেন। (নেপাল মজুমদার—রবীন্দ্রনাথ ও সুভাষচন্দ্র, পৃ. ১-২)

এসবের মধ্যে বাংলা সরকারও চুপ করে থেকে নীরব দর্শকের ভূমিকায় ছিল না। সন্দেহভাজন অনেক ছাত্রকে ভারত রক্ষা আইনে গ্রেফতার করা হতে থাকে এবং ১৮.০২.১৯১৬-তে সরকার অধ্যক্ষকে জানায় যে কলেজ এই দিন থেকে বন্ধ থাকবে। পরবর্তীকালে ১১ই মার্চের এক বিজ্ঞপ্তিতে সরকার জানায় যে কলেজ চলতি সেশান পর্যন্ত বন্ধ থাকবে। ২রা মার্চ এক আদেশ বলে ইডেন হিন্দু হোস্টেলও বন্ধ করে দেওয়া হয় এবং সমস্ত আবাসিকদের হোস্টেল ছেড়ে চলে যেতে বলা হয়। সরকারের কাছে ইডেন হিন্দু হোস্টেল সমস্ত আন্দোলনের আঁতুড়ঘর হিসাবে চিহ্নিত হয়। তাই ছাত্র আন্দোলন দমন করার প্রাথমিক ব্যবস্থা হিসাবে সরকার এই পদক্ষেপ নেয়। যদিও জুলাই মাসেই কলেজ ও হোস্টেল খুলে যায়।

২০.০২.১৯১৬-তে শিক্ষা দপ্তর আশুতোষ মুখোপাধ্যায়ের অধীনে ৬ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। অধ্যক্ষও কমিটির একজন সদস্য রূপে নির্বাচিত হন। কিন্তু যেহেতু অধ্যক্ষের সাথে কোনো আলোচনা ছাড়াই এক তরফা তদন্তের ব্যবস্থা হয়েছে অধ্যক্ষ নিজেকে অপমানিত মনে করে কমিটির সদস্য হতে অসম্মতি জ্ঞাপন করেন। বিশেষ করে কমিটিতে আশুতোষের অন্তর্ভুক্তি তিনি কিছুতেই মেনে নিতে পারেননি। তিনি শিক্ষা বিভাগের অধিকর্তা মি. পি. সি. লায়নের সাথে দেখা করেন এবং তাঁর সাথে তীব্র বাদানুবাদে জড়িয়ে পড়েন যা ছিল সকল শিষ্টাচার ও সৌজন্য বিরোধী। সরকার কমিটির সদস্য পদ থেকে তাঁর পদত্যাগ মেনে নেয় এবং তাঁর জায়গায় অধ্যাপক পিক নির্বাচিত হন।

সরকার কিন্তু অধ্যক্ষের এই উদ্ধত আচরণকে ভালোভাবে নেয়নি। ২৪.০২.১৯১৬-তে এক আদেশ বলে তাঁকে প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ পদ থেকে অপসারিত করা হয় এবং তাঁর পদাবনতি ঘটিয়ে প্রেসিডেন্সি বিভাগের বিদ্যালয় পরিদর্শক হিসাবে নিযুক্ত করা হয়। মি. ওয়ার্ডসওয়ার্থকে নতুন অধ্যক্ষ হিসাবে দায়িত্বভার অর্পণ করা হয়। অপমানিত মি. জেমস ছুটির জন্য দরখাস্ত করেন এবং তার সাথে সাথে অবসরের প্রস্তুতিও শুরু করেন। কিন্তু নিয়ম অনুযায়ী যতক্ষণ না পর্যন্ত তাঁর বিরুদ্ধে গৃহীত বরখাস্তের আদেশ প্রত্যাহৃত হচ্ছে ততক্ষণ পর্যন্ত তিনি কোনো ছুটি পাবার অধিকারী নন এবং ফার্লোর অধিকারও পেতে পারেন না। এই রকম অবস্থায় মিঃ জেমসের কাছে একটা পথই খোলা ছিল এবং তা হচ্ছে তিনি যে আচরণ করেছিলেন তার জন্য নিঃশর্ত ক্ষমা চাওয়া। শেষ পর্যন্ত বিকল্প কোন পথের সন্ধানে ব্যর্থ হয়ে মিঃ জেমস ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে ক্ষমা চাইলেন। কর্তৃপক্ষ ১১.০৩.১৯১৬-তে তাঁর বিরুদ্ধে আনীত বরখাস্তের আদেশ প্রত্যাহার করে নেন এবং শিক্ষা বিভাগে তাঁর পদত্যাগ পত্র গৃহীত হয়। এইভাবে অধ্যাপক ওটেন নিগ্রহের পরিপ্রেক্ষিতে মিঃ জেমসের শিক্ষক জীবনের এক অগৌরবজনক পরিসমাপ্তি ঘটে। ছাত্র আন্দোলনের উদ্ভুত পরিস্থিতিতে অধ্যক্ষ যে যে পদক্ষেপ নিয়েছিলেন Statesman তা পূর্ণ সমর্থন করেছিল। এমন কি সরকার কর্তৃক নিযুক্ত তদন্ত কমিটি গঠন হওয়ায় অধ্যক্ষ যে প্রতিবাদ জানিয়েছিলেন Statesman-এর মতে তা যথার্থ ছিল। Statesman-এর সমর্থন ছিল মি. জেমসের একমাত্র সান্ত্বনা, যা হয়ত তাঁর অপমানকে কিছুটা হলেও প্রশমিত করতে পেরেছিল।

সুভাষচন্দ্রের আত্মজীবনী থেকে জানা যায় যে শিক্ষাজগত থেকে অধ্যক্ষের এই অপমানজনক অপসারণ তিনি সহানুভূতির দৃষ্টিতেই দেখেছিলেন। তাঁর মতে অধ্যক্ষ ছাত্রদের কাছে জনপ্রিয়ও ছিলেন। কিন্তু ওটেন সংক্রান্ত ঘটনায় তিনি সঠিক সিদ্ধান্ত নিতে ব্যর্থ হওয়ার ফলে তাঁকে এই অপমানজনক পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

২০.০২.২০১৬-তে তদন্ত কমিটি গঠন হবার পর ২১.০২.১৯১৬ থেকে কমিটির কাজ শুরু হয় এবং তদন্ত-কার্য শেষ হয় ১০.০৩.১৯১৬-তে। সব সদস্যদের সম্মিলিত সিদ্ধান্ত ক্যালকাটা গেজেটে ২৭.০৫.১৯১৬-তে প্রকাশিত হয়। কমিটির বিচার্য বিষয় ছিল নিম্নলিখিত বিষয়ের উপর আলোকপাত করা—

১. প্রেসিডেন্সি কলেজে ইউরোপীয় ও ভারতীয় অধ্যাপকদের মধ্যে সম্পর্ক।

২. ইউরোপীয় অধ্যাপক ও ভারতীয় ছাত্রদের মধ্যে সম্পর্ক।
৩. ভারতীয় অধ্যাপক ও ভারতীয় ছাত্রদের মধ্যে সম্পর্ক।
৪. নিয়ম শৃঙ্খলার অবনতির কারণ যার জন্য 'ষ্ট্রাইক' হয় এবং
৫. নিয়ম শৃঙ্খলার অবনতির কারণ যার জন্য শারীরিক আক্রমণের ঘটনা ঘটে।

(সূত্রঃ ২৯.০২.১৯১৬-তে হেমন্তকুমার সরকারকে লেখা সুভাষচন্দ্রের চিঠি) নেতাজী রচনাবলী, ১ম খণ্ড, পৃ. ১০০)

তদন্ত কমিটি অধ্যাপক ওটেন, অধ্যক্ষ জেমস, অধ্যাপক গিলক্রাইস্ট, অধ্যাপক ডি. এন. মল্লিক প্রমুখ অধ্যাপকদের সাক্ষ্য গ্রহণ করে ছাত্রদের মধ্যে অনঙ্গমোহন দাম, সুভাষচন্দ্র, স্টুডেন্টস কনসালটেটিভ কমিটির সেক্রেটারি প্রভৃতির সাক্ষ্যও গ্রহণ করে। সুভাষচন্দ্র এই সাক্ষাৎকারের পূর্ণ বিবরণী দিতে গিয়ে লেখেন যে, তাঁকে সোজাসুজি একটাই প্রশ্ন করা হয় যে তিনি অধ্যাপক ওটেনের উপর দৈহিক আক্রমণ সমর্থন করেন কিনা। এর উত্তরে তিনি বলেন যে যদিও এই আক্রমণ করা যায় না, কিন্তু ছাত্রদের উত্তেজিত হবার যথেষ্ট কারণ ছিল। প্রমাণ স্বরূপ কলেজে ইংরেজ অধ্যাপকদের বিভিন্ন কুকীর্তির বিবরণ দাখিল করেন।

অর্থাৎ অধ্যাপক ওটেনের উপর আক্রমণের কোনো নিন্দা তিনি করেননি এবং আক্রমণকারী হিসাবে কোনো ছাত্রের নামও তিনি প্রকাশ করেননি। বরঞ্চ শিক্ষকদের ব্যবহারই যে ছাত্রদের উত্তেজিত করেছিল তা তাঁর সাক্ষ্যে উঠে আসে। ...they [students] did it under great provocation. তদন্তের ফল তাঁর অনুকূলে যাবার ব্যাপারে তিনি সন্দিহান ছিলেন তাই তাঁর আত্মজীবনীতে লিখছেন যে তদন্তের ফল যাই হোক না কেন তাঁর মনে হয়েছিল তিনি যা করেছেন তা ঠিকই করেছেন। হেমন্তকুমারকে ২৯.০২.১৯১৬-র চিঠিতে তিনি লিখছেন যে তাঁর ভরসার একটা জায়গা আশুতোষ মুখোপাধ্যায়। আশুবাবু আছেন, আমাদের বিশ্বাস ছেলেদের Right Suffer করবে না। চিঠিতে তিনি আরও লিখছেন যে বহিষ্কারের সম্ভাবনা খুবই ক্ষীণ। তাঁর এটাও মনে হয়েছিল যে ভালো ছাত্র হিসাবে তাঁর একটা সুনাম আছে এবং বংশপরিচয়েও তিনি উঁচুমহলে পরিচিত তাই তদন্ত থেকে হয়তো তিনি কিছুটা সুবিধা আদায় করতে সমর্থ হবেন। আর কিছুই যদি না হয় অর্থাৎ তদন্তের ফল যদি তাঁর বিরুদ্ধে যায় তবে আইনের আশ্রয় নেবার কথাও তিনি ভেবেছিলেন।

এর কিছুদিন পরে ০৬.০৩.১৯১৬-র চিঠিতে হেমন্তকুমারকে জানান যে "আমাদের উপর Committee-র Attitude ভালো বলে মনে হয় এবং আশা করি নির্দোষ সাব্যস্ত না করিলেও benefit of doubt দিবে।"

কিন্তু বাস্তবে তা হয়নি। তদন্ত কমিটির রায় বেরোলে দেখা যায় যে সব থেকে কঠিন শাস্তি সুভাষচন্দ্রের জন্যই বরাদ্দ হয়। তিনি যে কলেজ থেকে বহিষ্কৃত হন তা সর্বোচ্চ নিয়ামক সংস্থা দ্বারা অনুমোদিত হয় এবং অন্য কলেজে পড়ার আবেদনও উপেক্ষিত হয়। অর্থাৎ প্রথাগত পড়ায় তাঁর ছেদ পড়ে এবং তিনি পরিবারের পরামর্শে কলকাতার উষ্ণ রাজনৈতিক পরিবেশ ছেড়ে কটকে ফিরে যান। সুভাষচন্দ্র অবশ্য তাঁর কাজের জন্য সব সময়ই পরিবারের থেকে সমর্থন পেয়েছিলেন। অধ্যাপক লিওনার্ড গর্ডনের ভাষায়— "To the government he was a mischief-maker and demagogue, to some of his fellow students he was a hero and martyr, to others a fool, but to this family he was a young son in need of their care." (Brothers Against the Raj, Page 50).

কমিটি তার রিপোর্টে বলে যে ১০.০১.১৯১৬ ছাত্ররা যে করিডরে আসা যাওয়া করছিল তা উদ্দেশ্য প্রণোদিত ছিল না। অধ্যাপক আর. এন. ঘোষ তাঁর নির্ধারিত ক্লাস না নেওয়াতেই গণ্ডগোল ঘটে। কমিটি তার রিপোর্টে এও বলে যে কমলাভূষণ যে 'পঞ্চানন' বলে ডেকেছিল যা শুনে অধ্যাপক ওটেন ক্ষিপ্ত হয়ে উঠেছিলেন, তার মূলে কোনো নেতিবাচক অভিসন্ধি ছিল না। কমিটির রিপোর্ট বেরোলে সরকার অধ্যাপক আর. এন. ঘোষকে শাস্তি হিসাবে মফঃস্বল কলেজে

বদলী করে দেন এবং তিনি এর প্রতিবাদে পদত্যাগ করেন।

কমিটি কিন্তু প্রকারান্তরে ছাত্রদের প্রতি অধ্যাপক ওটেনের ব্যবহারের সমালোচনা করে। প্রকাশিত রিপোর্ট থেকে জানা যায় যে অধ্যাপক ওটেনের উপর অধ্যক্ষের কোন নিয়ন্ত্রণ ছিল না। ১৩.০১.১৯১৬-তে ধর্মঘট মিটে যাবার পর অধ্যক্ষ সব ইউরোপীয় অধ্যাপকদের সতর্ক করে নির্দেশ দেন যে তাঁরা যেন কোনো অবস্থাতেই ভারতীয় ছাত্রদের গায়ে হাত না দেন। ঘটনাবলী প্রমাণ করে যে অধ্যাপক ওটেন অধ্যক্ষের এই নির্দেশ মান্য করেননি। ধর্মঘট মিটে গেলেও অধ্যাপক ওটেনের ব্যবহারে কোনো পরিবর্তন ঘটেনি। ধর্মঘটের পরের দিন ক্লাস শুরু হলে অধ্যাপক ওটেন বিনা কারণে ১০ জন ছাত্রকে তাঁর ক্লাস থেকে বার করে দেন, যেহেতু তারা ধর্মঘটে যোগ দিয়েছিল। অধ্যক্ষ তদন্ত কমিটির সামনে তাঁর সাক্ষ্যে অধ্যাপক ওটেনের এই কাজকে "Extremely injudicious" বলে বর্ণনা করেছিলেন এবং তদন্ত কমিটি তাঁর এই বক্তব্যে সহমত পোষণ করেছিল। কিন্তু তদন্ত কমিটি পরিষ্কারভাবে অধ্যাপক ওটেনের বিরুদ্ধে কোনো বক্তব্য লিপিবদ্ধ করেনি।

অন্যান্য বিষয়ে কমিটির পর্যবেক্ষণ ছিল এই যে সমযোগ্যতা সম্পন্ন হওয়া সত্ত্বেও ইউরোপীয় ও দেশীয় অধ্যাপকদের মধ্যে ছিল নানা বৈষম্য যা ছাত্রদের কাছে গ্রহণীয় ছিল না এবং এই বৈষম্যকে তারা শাসক শ্রেণীর এক ভারত বিদ্বেষী অভিসন্ধি বলে মনে করেছিল। ছাত্রদের প্রতি ইউরোপীয় অধ্যাপকদের অনেকেরই আচরণ ছিল উদ্ধত। তাঁরা বিভিন্ন সময়েই ছাত্রদের উদ্দেশ্যে নানা অপমানজনক মন্তব্য করতেন যা ছাত্রদের মধ্যে ক্ষোভের সঞ্চার করেছিল এবং ছাত্রদের এই চাপা অসন্তোষ অধ্যাপকরা বুঝতে পারেননি। কমিটির রিপোর্টে এও প্রকাশ পায় যে সমকালীন রাজনীতির প্রভাব কলেজে প্রবেশ করেছিল এবং ছাত্ররা নানাভাবে ইংরেজ বিরোধী হয়ে উঠছিল যার প্রভাবে কলেজে প্রথম ধর্মঘট ও পরে অধ্যাপক নিগ্রহের মতো ঘটনা ঘটে। সমস্ত ঘটনার জন্য তদন্ত কমিটি সুভাষচন্দ্রকে প্রধানতঃ দায়ী করে এবং এর জন্যই সুভাষচন্দ্রকে 'রাষ্টিকেট' হওয়ার মতো কঠিন শাস্তি পেতে হয়। আত্মজীবনীতে তাই সুভাষচন্দ্র লিখছেন— "Mine was the only name singled out for mention—so my fate was sealed."

ওটেন নিগ্রহ এবং কলেজ তথা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার তাঁর মনোজগতে এক তীব্র আলোড়ন সৃষ্টি করে। বিগত কয়েক মাসের ঘটনার পরম্পরা তাঁকে আত্মসমীক্ষা করতে বাধ্য করে। প্রাথমিকভাবে তাঁর মনে হয়েছিল তাঁর পড়া বোধহয় এখানেই ইতি এবং ভবিষ্যৎ অনিশ্চিত ও অন্ধকার। তাঁর তৎকালীন মানসিক উদ্বেগ তিনি আত্মজীবনীতে এই ভাবে প্রকাশ করেন যে তাঁর মনে হয়েছিল তাঁর বাড়ী হয়তো 'সার্চ' হবে এবং তিনি হয়তো গ্রেফতার হতে পারেন। কিন্তু আস্তে আস্তে তিনি মনেব সেই অবস্থা থেকে মুক্ত হন। তিনি মনে করেন যে তিনি যা করেছেন তা ঠিকই করেছেন এবং তার জন্য কোনো অনুশোচনাও তাঁর ছিল না। বরং তিনি আত্মশ্লাঘা অনুভব করেন যে একটা মহান দায়িত্ব তিনি সুচারু ভাবে পালন করতে পেরেছেন। যৌবনের প্রারম্ভেই তাঁর মনে হয়েছিল ত্যাগ ছাড়া জীবন বৃথা। সমস্ত ঘটনা পর্যবেক্ষণ করে তাঁর মনে হয়েছিল অধ্যক্ষ তাঁকে কলেজ থেকে বহিষ্কার করলেও তাঁর ভবিষ্যৎ জীবনের ভিত গড়ে দিয়েছিলেন। এই প্রথম তিনি নেতৃত্বের স্বাদ গ্রহণ করেছিলেন এবং সে স্বাদ প্রাথমিকভাবে তিক্ত হলেও তাঁর ভবিষ্যৎ জীবনের পাথেয় ছিল।

বস্তুতঃ অধ্যাপক নিগ্রহে সুভাষচন্দ্র প্রত্যক্ষভাবে কতটা যুক্ত ছিলেন তার মীমাংসা করতে কিন্তু অধ্যক্ষের তদন্ত ব্যর্থ হয়। শুধুমাত্র একজন বেয়ারার সাক্ষ্য এরকম গুরুত্বপূর্ণ বিষয়ে কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হতে পারে না। তাই তার সাক্ষ্যের ভিত্তিতে অনঙ্গমোহন ও সুভাষচন্দ্রের বহিষ্কার অধ্যক্ষের প্রতিশোধ স্পৃহাই প্রমাণ করে, মূল সত্য কিন্তু অনুদ্ঘাটিত থাকে। সরকারী তদন্তও এ ব্যাপারে কোনো আলোকপাত করতে ব্যর্থ হয়। অর্থাৎ সুভাষচন্দ্র ওটেনকে মেরেছিলেন বলে যে কাহিনি বহুল প্রচলিত তার কোনো সুনির্দিষ্ট প্রমাণ নেই। এ ব্যাপারে সুভাষচন্দ্রের বন্ধু দিলীপকুমার রায়ের বক্তব্য প্রণিধানযোগ্য। ঘটনার দিন তিনি কলেজে ছিলেন না। পরে ব্যক্তিগত আলাপচারিতায় সুভাষচন্দ্রের কাছ থেকে

জানতে পারেন যে সুভাষচন্দ্র কোনো অধ্যাপককে প্রহার করার বিরোধী ছিলেন। কিন্তু যখন তিনি দেখলেন যে অনেকে বড়ো বড়ো কথা বলে আসল সময়ে পিছিয়ে গেল, তখন তিনি ফল যাই হোক না কেন—এই ভাবনা নিয়ে মূল কাজে ঝাঁপিয়ে পড়েন। তাঁর কথায়, "I plunged into action, come what may." সুভাষচন্দ্র দিলীপকুমারকে এ কথা বললেও যেহেতু ঘটনার দিন দিলীপকুমার অনুপস্থিত ছিলেন তাই তাঁর বক্তব্যকে মান্যতা দেওয়া যায় না। (সূত্র ঃ Oaten Incident...Bhola Nath Roy, Page 59) চিত্তরঞ্জন জায়া বাসন্তী দেবীর কথা অনুসারে ঘটনার দিন রাতে (১৫.০২.১৯১৬) সুভাষচন্দ্র আরও কয়েকজন ছাত্রকে নিয়ে দেশবন্ধু যখন নৈশাহারের জন্য প্রস্তুত হচ্ছেন, তখন তাঁর সাথে দেখা করেন এবং কলেজের সমস্ত ঘটনা তাঁকে জানান। সমস্ত ঘটনা শুনে দেশবন্ধু তাঁদের আরও অপেক্ষা করতে বলেন। বাসন্তী দেবীর মতে এটাই ছিল দেশবন্ধুর সাথে সুভাষচন্দ্রের প্রথম সাক্ষাৎ। বাসন্তী দেবীর বক্তব্য অনুযায়ী পরবর্তীকালে যখনই ওটেনকে মারার প্রসঙ্গ উঠত সুভাষচন্দ্র এ ব্যাপারে কিছুই ভাঙতেন না। তবে বাসন্তী দেবী ব্যক্তিগত ভাবে মনে করতেন যে সুভাষচন্দ্র মার না দিলেও ওটেনকে প্রথমে ধাক্কা দিয়ে মাটিতে ফেলে দেওয়া সুভাষেরই কীর্তি। (সূত্র ঃ প্রসঙ্গ সুভাষচন্দ্র—বাসন্তী দেবীর কাছে শোনা কাহিনি—কৃষ্ণা বসু, পৃ. ৫৭)

এ প্রসঙ্গে চিত্তরঞ্জন কন্যা অপর্ণা দেবী তাঁর লেখা 'মানুষ চিত্তরঞ্জন' বইতে লিখেছেন যে সুভাষচন্দ্র যখন তাঁর বাবার সাথে দেখা করে চলে গেলেন দেশবন্ধু তখন তাঁদের বলেছিলেন যে "আশ্চর্য তেজী ছেলে। তার কলেজের প্রিন্সিপাল (অধ্যাপক) মিঃ ওটেন ছাত্রদের সাথে অশিষ্ট ব্যবহার করাতে সুভাষ তাঁকে ভালোভাবে শিক্ষা দিয়ে এসেছে। কিন্তু এর ফল কি হবে তাই ভাবছি।" (মানুষ চিত্তরঞ্জন, পৃ. ১৯০)। সুভাষচন্দ্রের মা আবার মনে করতেন যে সুভাষ এই কাজ করতে পারেন না।

অর্থাৎ কারোর বক্তব্য থেকেই এটা পরিষ্কার নয় যে সুভাষচন্দ্র প্রত্যক্ষ ভাবে অধ্যাপক ওটেনকে প্রহার দেবার ব্যাপারে যুক্ত ছিলেন। ভোলানাথ রায় তাঁর বইতে একজন ১ম বর্ষের ছাত্রের কথা প্রত্যক্ষদর্শী হিসাবে উল্লেখ করেছেন। তাঁর বক্তব্য অনুযায়ী সে কমনরুমে ছিল। হৈ চৈ শুনে বেরিয়ে এসে দেখে যে অধ্যাপক ওটেন মাটিতে পড়ে আছেন এবং সুভাষচন্দ্র তাঁকে জুতো পেটা করছেন এবং আর একজন ছাত্র তাঁকে লাথি মারছেন। (সূত্র ঃ Oaten Incident by Bhola Nath Roy, p. 40) প্রত্যক্ষদর্শীর কথা কিন্তু সন্দেহাতীত নয়। কারণ ঘটনার পর দু-দুটো তদন্ত কমিটি গঠিত হয় এবং কোনো তদন্তেই এই তথ্যের কোনো উল্লেখ নেই। অন্য কারও জবানীতেও এ রকম কোনো ঘটনার কথা জানা যায় না। তাই সুভাষচন্দ্র যে প্রত্যক্ষভাবে ওটেনকে প্রহার করার ব্যাপারে জড়িত ছিলেন এই বক্তব্য গ্রহণযোগ্য নয়।

অধ্যাপক শঙ্করীপ্রসাদ বসু তাঁর 'সমকালীন ভারতে সুভাষচন্দ্র' বইতে এ বিষয়ে আলোচনা করতে গিয়ে কয়েকজন প্রত্যক্ষদর্শীর বিবৃতি উল্লেখ করেছেন। সুভাষচন্দ্রের রাজনৈতিক সহকর্মী ও এক সময়ে সহ-জেলবন্দী নরেন্দ্রনারায়ণ চক্রবর্তী তাঁর লেখা 'নেতাজী সঙ্গ ও প্রসঙ্গ' বইতে লিখছেন যে তিনি যখন সুভাষচন্দ্রকে জিজ্ঞেস করেছিলেন 'ওটেনকে কে মেরেছিল'? সুভাষচন্দ্র এর উত্তরে বলেছিলেন, "মনে হয় অনঙ্গই মেরেছিল।" সুভাষচন্দ্রের সহপাঠী ও ঘটনার অন্যতম প্রত্যক্ষদর্শী প্রমথনাথ সরকারের কথায়, "ওটেনকে সুভাষচন্দ্রের সামনেই মার খেতে হয়েছিল, কিন্তু প্রহার করার মধ্যে সুভাষচন্দ্র ছিলেন না। ঘটনার অন্যতম আলোচিত ব্যক্তি অনঙ্গমোহন দামের মন্তব্য বিশেষ উল্লেখযোগ্য। তিনি বলছেন—"মারামারির মধ্যে সুভাষচন্দ্র ছিলেন না। তবে ছাত্রদের আন্দোলনে পুরোবর্তীদের অন্যতম ছিলেন বলিয়াই তাঁহার নাম এ প্রসঙ্গে উঠিয়াছিল। (সূত্র ঃ সমকালীন ভারতে সুভাষচন্দ্র—শঙ্করীপ্রসাদ বসু, ১ম খণ্ড, পৃ. ৪৯-৫০ )। অর্থাৎ সুভাষচন্দ্র ওটেনকে প্রহার করেছিলেন কিনা এ প্রশ্ন অমীমাংসিতই থেকে যায়।

সুভাষচন্দ্রের প্রাচীন জীবনীকার, তাঁর পরিচয়ের বৃত্তে থাকা ড. হেমেন্দ্রনাথ দাসগুপ্তের লেখা Subhas Chandra বই থেকে জানা যায় যে পরিণত বয়সেও সুভাষচন্দ্র ওটেন ঘটনার জন্য আত্মপ্রসাদ অনুভব

করতেন এবং এই ঘটনার জন্য হেমেন্দ্রনাথ তাঁর মধ্যে কোনো অনুশোচনা বা অনুতাপ লক্ষ্য করেননি। কিন্তু সুভাষচন্দ্র ওটেনকে ব্যক্তিগত ভাবে প্রহার করেছিলেন কিনা এ প্রশ্নের কোনো উত্তর কিন্তু তাঁর লেখা থেকে পাওয়া যায় না। হেমেন্দ্রনাথের বক্তব্য হল সুভাষচন্দ্র দলের মধ্যে থাকলেও প্রত্যক্ষ ভাবে প্রহারের মধ্যে ছিলেন না। তবে ঘটনার দায় নিতে তিনি কখনই অস্বীকার করেন নি। (Subhas Chandra—Dr. Hemendra Nath Das Gupta)। লিওনার্ড গর্ডনের মতে, সুভাষচন্দ্রের লেখা সেই সময়কার চিঠি থেকে এটা পরিষ্কার যে ঘটনার সাথে যুক্ত থাকার ফলে তিনি সম্ভাব্য শাস্তি এড়ানোর চেষ্টা করেছিলেন। অর্থাৎ ঘটনার সাথে তাঁর যোগ ছিল। (সূত্র ঃ Brothers Against the Raj—Leonard Gordon, p. 49) ২৩.০৪.১৯২১ কেম্ব্রিজ থেকে শরৎচন্দ্রকে লেখা এক চিঠিতে সুভাষচন্দ্র অনেক বিষয়ের মধ্যে ওটেন নিগ্রহের উল্লেখ করে লেখেন যে, '১৯১৬-তে প্রেসিডেন্সী কলেজের তদানীন্তন অধ্যক্ষ মি. জেমসের সামনে যদি ওটেনকে মারার কথা স্বীকার করতেন তবে তা সততার পরিচায়ক হত যদিও এই স্বীকারোক্তির ফলে হয়তো তাঁর পক্ষে ভালো হত না।' অর্থাৎ ওটেনকে নিগ্রহ করার কথা তিনি স্বীকার করেছেন। এ সম্বন্ধে বিশদ কোনো ব্যাখ্যা অবশ্য পরবর্তীকালে কোথাও তিনি ব্যক্ত করেননি। কিন্তু যাঁকে কেন্দ্র করে মূল ঘটনাটি ঘটেছিল সেই অধ্যাপক ওটেন কিন্তু তদন্ত কমিটির সামনে তাঁর সাক্ষ্যে আক্রমণকারীর কোনো নাম বলেননি এবং তিনি কাউকে চিহ্নিত করতে পারেননি। ১৯৭৩ সালে তাঁর লিখিত প্রবন্ধ (The Bengal Student As I know Him) কলকাতায় নেতাজী আন্তর্জাতিক সেমিনারে পাঠ করা হয়। প্রবন্ধে কিন্তু তিনি তাঁর উপর আক্রমণের উল্লেখ করেন এবং মনে করেন যে সুভাষচন্দ্র হয়তো এ ব্যাপারে জড়িত থাকলেও থাকতে পারেন। কিন্তু কোনো প্রত্যক্ষ প্রমাণ তাঁর কাছে ছিল না। তাই অধ্যাপক ওটেন যে প্রহৃত হয়েছিলেন তা নিয়ে কোনো সংশয় না থাকলেও কে বা কারা এই প্রহারে যুক্ত ছিল বা সুভাষচন্দ্র এই ব্যাপারে ব্যক্তিগত ভাবে কতটা জড়িত ছিলেন তা কিন্তু রহস্যাবৃতই থেকে যায়। ঘটনার সাথে তাঁর প্রত্যক্ষ সংস্রবের কথা সুভাষচন্দ্র নিজেও বলেননি। যদি কখনো এই প্রশ্ন উঠত তিনি নিজে প্রহার করেছিলেন কিনা, তিনি উত্তর না দিয়ে শুধু হেসে আলোচনা শেষ করে দিতেন, যা হয়তো গোপন করা থেকে প্রকাশ করত বেশি।

ওটেন নিগ্রহে তিনজন ব্যক্তিই সব থেকে আলোচিত এবং তাঁদের জীবনে এক নতুন গতিপথ সঞ্চারিত করতে এই ঘটনা এক বিশেষ স্থান নিয়েছিল। অধ্যক্ষ জেমস তাঁর পদ হারান এবং অসম্মানিত হয়ে দেশে ফিরে যান। অধ্যাপক ওটেনেরও সাময়িক ভাবে অধ্যাপনায় ছেদ পড়ে এবং তিনি সামরিক বাহিনীতে যোগ দেন। অধ্যাপক ওটেন এই ঘটনার উল্লেখ করে পরবর্তীকালে বলেন যে তাঁর ইচ্ছে থাকলেও প্রথম বিশ্বযুদ্ধে ব্রিটিশ সামরিক বাহিনীতে তিনি যোগ দিতে পারেননি কারণ তৎকালীন নিয়ম অনুযায়ী ইন্ডিয়ান এডুকেশনাল সার্ভিসের কোনো সদস্য ব্রিটিশ সামরিক বাহিনীতে যোগ দিতে পারিত না। তাঁর উপর আক্রমণের পরেই সরকার তাঁকে পড়ানোর দায়িত্ব থেকে সাময়িক অব্যাহতি দেয় এবং তিনি সামরিক বাহিনীতে যোগ দেন। এভাবে তাঁর এক সুপ্ত বাসনা চরিতার্থ হয়। সামরিক বাহিনীতে তাঁর যোগদানের ব্যাপারে ছাত্রদের সাথে তাঁর সংঘর্ষ এক অনুঘটকের কাজ করে এবং পরবর্তীকালে তিনি তা 'কৃতজ্ঞতা'র সাথে স্মরণও করেন।

সুভাষচন্দ্রের জীবনেও এই ঘটনা এক সুদূরপ্রসারী ভূমিকা পালন করেছিল। মূল ঘটনার নেতৃত্বের পূর্ণ দায়িত্ব তিনি গ্রহণ করেছিলেন। তদন্ত কমিটির সামনে তিনি দৃঢ়তার সাথে তাঁর বক্তব্য তুলে ধরেছিলেন। ঘটনার সমস্ত দায়ভার নিজের ঘাড়ে নিয়ে অপরকে বাঁচানোর যে মহান দৃষ্টান্ত সেই অল্প বয়সে দেখাতে পেরেছিলেন তা তাঁর চরিত্রের এক বিশেষ দিক উন্মোচিত করে। যদি তিনি দোষ স্বীকার করে নিতেন বা ঘটনাকে নৈতিক ভুল বলেও মেনে নিতেন তাহলে হয়তো 'রাষ্টিকেট' হবার মতো এত বড়ো শাস্তি তিনি এড়াতে পারতেন। কিন্তু কিশোর বয়স থেকেই মিথ্যাচার বা কপটতা ছিল তাঁর স্বভাব বিরুদ্ধ। সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে দাঁড়িয়ে তিনি যে সাহসের পরিচয়

দিয়েছিলেন যা তাঁর পরবর্তীকালের ঝঞ্ঝা বিক্ষুব্ধ রাজনৈতিক জীবনে বারবার পরিলক্ষিত হয় তাঁর মূলে ছিল এই অনন্য সত্যনিষ্ঠা, তীব্র আত্মসম্মানবোধ ও ঋজু মেরুদণ্ড। ওটেন নিগ্রহকে শুধুমাত্র ছাত্র-শিক্ষক দ্বন্দ্ব বলে অভিহিত করলে এর গুরুত্ব অনেকটাই কমে যায়। বস্তুত এটা ছিল এক উদ্ধত রাজপুরুষের বিরুদ্ধে এক তরুণ দেশপ্রেমীর বলিষ্ঠ প্রতিবাদ। কলেজ তথা কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের ঘটনায় সাময়িকভাবে তিনি যে হতাশ হয়ে পড়েছিলেন তা তাঁর আত্মজীবনী থেকে জানা যায়। কিন্তু অচিরেই তিনি এই সাময়িক বিষাদ কাটিয়ে ওঠেন। কলকাতা বিশ্ববিদ্যালয় ২০.০৭.১৯১৭ সালে তাঁর বিরুদ্ধে অভিযোগ তুলে নেয় এবং তিনি স্কটিশ চার্চ কলেজে দর্শন শাস্ত্রে অনার্স নিয়ে বি.এ. ক্লাসে ভর্তি হন এবং ১৯১৯ সালে বি.এ. পরীক্ষায় দ্বিতীয় স্থান অধিকার করেন।

সুভাষচন্দ্র অধ্যাপক ওটেনকে নিজে প্রহার করেছিলেন কিনা এই প্রশ্নের উত্তর পাওয়া না গেলেও ওটেনকে যে ছাত্রদের হাতে লাঞ্ছিত হতে হয়েছিল এ সম্বন্ধে কোনো দ্বিমত নেই। অধ্যাপক ওটেন নিজেও বলেছিলেন, "I suffered no injury except for a few bruises." (The Bengal Student As I Knew Him—Page 33)। কিন্তু এই ঘটনার অন্য এক তাৎপর্য আছে এবং তা ভাষাগত। ইংরেজি ভাষায় 'ওটেনাইজ' বলে এক নতুন ক্রিয়াপদের আবির্ভাব ঘটে। এরপর থেকে যে কোনো অধ্যাপক নিগ্রহই 'ওটেনাইজ' বলে চিহ্নিত হতে থাকে। ওটেন নিগ্রহে সুভাষচন্দ্রের ভূমিকা অমীমাংসিত থেকে গেলেও রূপকার্থে এক নতুন শব্দের উৎপত্তি হিসাবে এই ঘটনাও কম উপভোগ্য নয়। (প্রবন্ধ সংগ্রহ—কৃষ্ণা বসু, পৃ. ২৫০-২৫১)।

প্রেসিডেন্সি কলেজের শতবর্ষ উদ্‌যাপনে ১৯৫০ সালে যে স্মারক পত্রিকা প্রকাশ হয়েছিল তাতে প্রেসিডেন্সি কলেজে পড়ানোর অভিজ্ঞতা নিয়ে অধ্যাপক ওটেনের একটা ছোট্ট স্মৃতিচারণা আছে। লক্ষ্যণীয় যে তাঁর স্মৃতিচারণায় পড়া, খেলা, ছাত্র রাজনীতি, ছাত্র ধর্মঘট প্রভৃতি বিষয়-সহ তাঁর সময়কার বিভিন্ন অধ্যাপক ও ছাত্রদের নামোল্লেখ থাকলেও বিস্ময়কর ভাবে সুভাষচন্দ্রের নাম তাতে অনুপস্থিত। তাই মনে হয় অধ্যাপক ওটেন অতীতের তিক্ত স্মৃতি বহুকাল পরেও ভুলতে পারেননি। সেই কারণেই হয়তো প্রেসিডেন্সি কলেজের খ্যাতিমান ছাত্রটির নাম সচেতনভাবে তাঁর স্মৃতিচারণায় উহ্য থেকে গেছে।

তবে অধ্যাপক ওটেন চরিত্রের আর একটা দিক উন্মোচিত হয় ১৯৪৫ সালে বিমান দুর্ঘটনায় সুভাষচন্দ্রের আকস্মিক মৃত্যুর খবরের পরে। এই ঘটনা তাঁকে এতটাই আলোড়িত করেছিল যে সুভাষচন্দ্রের অমর স্মৃতির উদ্দেশে তিনি একটা সনেট লেখেন। বিশিষ্ট গবেষক ও ঐতিহাসিক সুগত বসুর মতে ১৯৬৭-তে সনেটটির খোঁজ পাওয়া যায়। কৃষ্ণা বসুর মতে সনেটটি ১৯৪৫ সালেই লেখা হয়েছিল। সনেটটির যে বিষয় সকল সংশয়ের ঊর্ধ্বে, তা হল সনেটটিতে সুভাষচন্দ্রের প্রতি অধ্যাপক ওটেনের গভীর শ্রদ্ধার প্রদর্শন। সনেটটির ছত্রে ছত্রে সুভাষচন্দ্রের গভীর দেশপ্রেমের অকুণ্ঠ প্রশংসা পরিস্ফুট। সনেটটি বঙ্গানুবাদ-সহ পরিশিষ্টে সংযোজিত হলো।

উপসংহারে এটুকু বলেই এই প্রবন্ধের ইতি টানা যেতে পারে যে এই শ্রদ্ধা প্রকাশের ফলে অধ্যাপক ওটেনের খলনায়কের যে ভাবমূর্তি বাংলা তথা ভারতের জনমানসে চিরস্থায়ী জায়গা করে নিয়েছিল তা কিছুটা হলেও হ্রাসপ্রাপ্ত হয়।

তথ্যসূত্র :


১. His Majesty's Opponent—Professor Sugata Bose.
২. An Indian Pilgrim—Subhas Chandra Bose.
৩. Subhas Chandra—Dr. Hemendra Nath Das Gupta.
৪. Brothers Against the Raj—Leonard A. Gordon.
৫. Netaji International Seminar (Netaji Research Bureau) 1973.
৬. Oaten Incident 1916...A Chapter in the life of Netaji Subhas Bose—Bhola Nath Roy.
৭. Netaji—The Man Reminiscences—Dilip Kumar Roy.
৮. ভারত পথিক
৯. নেতাজী পত্রাবলী
১০. সমকালীন ভারতে সুভাষচন্দ্র—শঙ্করী প্রসাদ বসু।

# Subhas Chandra Bose

## Obiit 1945

*Did I once suffer, Subhas, at your hands ?*
*Your patriot heart is stilled, I would forget!*
*Let me recall but this, that while as yet*
*The Raj that you once challenged in your land*
*Was mighty; Icarus-like your courage planned*
*To mount the skies, and storm in battle set*
*The ramparts of High Heaven, to claim the debt*
*Of freedom owed, on plain and rude demand*
*High Heaven yielded, but in dignity*
*Like Icarus, you sped towards the sea.*
*Your wings were melted from you by the sun,*
*The genial patriot fire, that brightly glowed*
*In India's mighty heart, and flamed and flowed*
*Forth from her Army's thousand victories won!*

Edward F. Oaten

# সুভাষচন্দ্র বসু

## তিরোভাব ১৯৪৫

হে সুভাষ
তুমি কি একদিন করেছিলে লাঞ্ছনা আমায়!
সে কথা ভুলিয়া যাব!
দেশপ্রেমে উদ্‌বুদ্ধ হৃদয় তোমার স্তব্ধ আজ।
শুধু মনে থাকে যেন,
তোমার স্বদেশে তুমি একদিন করেছিলে যাকে
সমরে আহ্বান
তখনও সে 'রাজ' ছিল মহাশক্তিমান্।
দুর্জয় সাহসে মৈনাকের মত লঙ্ঘিয়া আকাশ
অমরাপুরীর প্রাকার করিতে আক্রমণ
করেছিলে পণ;
সুস্পষ্ট কঠোর দাবীতে
নিজ প্রাপ্য স্বাধীনতাঋণ করিতে আদায়।
অমরাপুরী তোমার সে দাবী নিয়েছিল মেনে
সম্ভ্রান্ত হৃদয়ে।
মৈনাকের মত তুমি চলেছিলে দ্রুত সাগরের দিকে,
সূর্য্যাগ্নিতে দগ্ধ পক্ষ তোমার হল বিগলিত,
যে অগ্নি জ্বালাহীন দেশপ্রেম
উজ্জ্বলিয়া ছিল ভারতের মহান অন্তর,
বাহিরিয়া এসেছিল তার সেনাবাহিনীর
সহস্র রণজয় করি প্রজ্বলিত।

এডওয়ার্ড এফ. ওটেন

ইংরাজী হইতে অনূদিত (বীরবন্দনা)
(নেতাজী রিসার্চ ব্যুরো)

# কথাকার প্রভাতকুমার : যেমন রসিক তেমনি বুদ্ধিমান

**রামকুমার মুখোপাধ্যায়**
সাহিত্যিক

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের জন্ম হয় ১২৭৯ বঙ্গাব্দের ২২ শে মাঘ (১৮৭৩ খ্রিস্টাব্দের ৩ ফেব্রুয়ারি) বর্ধমান জেলার ধাত্রীগ্রামে তাঁর মামাবাড়িতে। আদি বাড়ি হুগলি জেলার গুড়াপে। বাবা জয়গোপাল মুখোপাধ্যায় রেল দপ্তরে একটি সাধারণ পদে চাকরি করতেন আর কর্মজীবনের বেশিরভাগ সময় ছিলেন বিহারের ঝাঁঝা, জামালপুর, দিলদারনগর ইত্যাদি জায়গায়। বাবার বদলির চাকরির কারণে প্রভাতকুমার তাঁর মাসতুতো দাদা রাজেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাছে থেকে জামালপুর রেলওয়ে স্কুলে পড়াশোনা করেন। রাজেন্দ্রচন্দ্র ওই স্কুলেরই শিক্ষক ছিলেন। ১৮৮৮ সালে প্রভাতকুমার প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। তারপর পাটনা কলেজে পড়াশোনা করে ১৮৯১-এ ফার্স্ট আর্টস আর ১৮৯৫-এ বি. এ. পরীক্ষায় সফল হন। ফার্স্ট আর্টস পরীক্ষার দ্বিতীয় বছরে হালিশহরের অন্নদাপ্রসাদ চট্টোপাধ্যায়ের দ্বিতীয় মেয়ে ব্রজবালার সঙ্গে তাঁর বিয়ে হয় আর এর পাঁচ বছর পরে ১৮৯৭ সালে অরুণকুমার ও প্রশান্তকুমার নামে দুটি শিশু সন্তানকে রেখে প্রভাতকুমারের স্ত্রী প্রয়াত হন। প্রভাতকুমার স্নাতক হওয়ার পরে সরকারি করণিক পরীক্ষায় বসে সফল হন এবং কর্মক্ষেত্র সিমলায় চলে যান। সেখান থেকে ১৮৯৯ সালে কলকাতায় ফিরে ডিরেক্টর জেনারেল অব টেলিগ্রাফ দপ্তরে যোগ দেন। ১৯০১ সালে ঠাকুর পরিবারের অর্থনৈতিক সাহায্যে বিলেতে আইন বিষয়ে পড়তে যান এবং তিন বছর পরে ব্যারিস্টার হয়ে ফেরেন। প্রথমে কিছুদিন দার্জিলিঙে থাকার পর ১৯০৪-এ রংপুরে যান এবং সেখানে চার বছর কাটিয়ে গয়াতে যান। সেখানে আট বছর ওকালতির পর ১৯১৬ সালে কলকাতায় আসেন এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে অধ্যাপনায় যোগ দেন। ১৯৩২-এ মৃত্যুর আগে পর্যন্ত তিনি ওই পদে ছিলেন।



প্রভাতকুমারের জীবনরেখা ষাট বছর পর্যন্তও বিস্তার পায়নি কিন্তু দেশের নানা জায়গায় এবং বিদেশে কয়েক বছর থাকার কারণে বড় এক ভূগোলের সঙ্গে পরিচিত হয়েছিলেন। সে সঙ্গে নানান সংস্কৃতি, বহু মানুষ এবং নানা চরিত্রের মানুষের সংস্পর্শে এসেছিলেন। তাছাড়া পারিবারিক পরিসরেও কম অভিজ্ঞতা ঘটেনি। পঁচিশ বছর বয়সে স্ত্রীকে হারান। ১৮৯৫ সালে লেখার সূত্রে *ভারতী* পত্রিকায় সম্পাদক সরলা দেবীর সঙ্গে

পরিচয় হয় এবং পরবর্তীকালে পরস্পরের অন্তরঙ্গ হয়ে ওঠেন। বিলেত থেকে ফেরার পর বিয়ে হওয়ার কথা কিন্তু প্রভাতকুমারের মায়ের অসম্মতির কারণে তা সম্ভব হয়নি। আইনের পেশায় প্রথম দিকে তেমন পসার জমেনি আর তাই একাধিকবার ঠাঁইনাড়াও হতে হয়েছিল। এ সব অভিজ্ঞতা পরবর্তীকালে লেখক জীবনে কাজে দিয়েছিল। বাবার রেলে সিগন্যালের চাকরি আর পরে মাসতুতো দাদার রেল কোয়ার্টার্সে থাকাও প্রভাতকুমারের লেখায় উপাদান জুগিয়েছিল।

প্রভাতকুমার মুখোপাধ্যায় গল্প ও উপন্যাস লেখার আগে কবিতা লিখতেন। 'সিমলা শৈল' নামে গদ্যে একটি স্থান বিবরণও লেখেন। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অনুমান প্রভাতকুমার মুখোপাধ্যায়ের প্রথম লেখা হলো ১২৯৭ সালে (১৮৯০ খ্রিস্টাব্দ) *ভারতী ও বালক* পত্রিকায় ছাপা 'চির-নব' নামের কবিতাটি। আঠারো স্তবক ও বাহাত্তর পংক্তিতে লেখা সে কবিতায় তিনি বলছেন যে, সূর্যের উদয় থেকে অস্ত এবং অস্ত থেকে উদয় পর্যন্ত প্রকৃতি প্রতিদিন একই গান গায় তবু তাতেই প্রাণ পূর্ণ হয়ে ওঠে। সে কবিতার দুটি স্তবক পড়লেই বোঝা যাবে সতেরো বছর বয়সেই দৃশ্য বর্ণনা এবং শব্দ চয়নে তিনি কতখানি দক্ষতা অর্জন করেছিলেন ---

লোহিত রঙ মাখা
যে দিকে নভঃখানি
সে দিকে চেয়ে থাকি,
উঠিবে দিনমণি।

হেরিয়া সেই শোভা
মোহিত হ'য়ে থাকি
উথলি উঠে হিয়া,
ভরিয়া যায় আঁখি।

কবিতা লেখা চলছিল কিন্তু *প্রদীপ* পত্রিকার ১৩০৫-এর বৈশাখ সংখ্যায় শ্রীমতী রাধামণি দেবী ছদ্মনামে 'শ্রীবিলাসের দুর্ব্বুদ্ধি' গল্পটি লেখেন। তার শুরুর তিনটি বাক্য ছিল---

> শ্রীবিলাসবাবুর বিবাহিত-জীবন সুখের ছিল কি দুঃখের ছিল, তাহা তিনি ঠিক বুঝিতে পারিতেন না। তাঁহার স্ত্রী সরোজবাসিনী যে তাঁহাকে ভালবাসেন, তাহার পরিচয় শ্রীবিলাস শত সহস্রবার পাইয়াছেন। কিন্তু এই ভালবাসার মধুরাশির মধ্যে মাঝে মাঝে মধুমক্ষিকার হুলের দংশনজ্বালা অনুভব করিয়া তিনি অস্থির হইয়া পড়িতেন।

উনিশ শতকের শেষ দিকে লেখা এই গল্পের ধরতাই থেকেই বোঝা যায় ঠিক কতখানি আকর্ষণীয় ছিল তাঁর গদ্যের গড়ন ও চলন। পরের বছর *ভারতী* পত্রিকার ভাদ্র সংখ্যায় 'বেনামা চিঠি' নামে আর একটি গল্প লেখেন। দুটি গল্পই রবীন্দ্রনাথ পড়েন এবং পত্রিকায় লিখিত ভাবে প্রশংসা করেন। রবীন্দ্রনাথ তখনও জানতেন না যে কে গল্প দুটির প্রকৃত লেখক কিন্তু জহুরির জহর চিনতে ভুল হয়নি। রবীন্দ্রনাথের প্রশংসা পেয়ে প্রভাতকুমার স্বনামে ফিরলেন আর প্রাথমিক ভয় কাটিয়ে কবিতার পথ ছেড়ে কথাসাহিত্যে ঢুকে পড়লেন। পরবর্তী তিন-সাড়ে তিন দশকে একশো চব্বিশটির মতো গল্প আর চোদ্দোটি উপন্যাস লেখেন। গল্পের জন্যেই তিনি বিশেষভাবে জনপ্রিয়। তিনি গল্পকার হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুর ও প্রমথ চৌধুরীকে পেয়েছিলেন পূর্বসূরি হিসেবে আর উত্তরসূরি হিসেবে দেখেছিলেন শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ও রাজশেখর বসুকে। এই মধ্যবর্তী পর্বে প্রভাতকুমার মুখোপাধ্যায় তাঁর নিজস্ব ভাব ও ভঙ্গিতে লিখে গেছেন। তাঁর কাহিনি নিয়ে একাধিক চলচ্চিত্র ও নাটক তৈরি হয়েছে। একুশ শতকেও তাঁর গল্পের সংকলন ও উপন্যাস নতুন করে ছাপা হয়েছে। বোঝা যায় সময়ের স্রোত তাঁকে ভাসিয়ে নিয়ে যেতে পারেনি।

প্রভাতকুমারের কথাসাহিত্যের প্রধান বৈশিষ্ট্য হলো তাঁর গল্পের ভৌগোলিক বিস্তার। বিহার থেকে বিলেত, সাহেবদের কলকাতা থেকে সিমলা পর্যন্ত বিস্তৃত ছিল তাঁর শিক্ষা ও কর্মক্ষেত্র। তাঁর জীবনের মানচিত্রে গুড়াপ, হালিশহর, দার্জিলিং আর রংপুরও

জায়গা করে নিয়েছিল। এই এতখানি ব্যাপ্ত ভূগোল তাঁর সাহিত্যের খোলটিকে অনেকখানি বড় করে দিয়েছিল। প্রভাতকুমার ছিলেন স্থান সচেতন লেখক এবং প্রায় প্রতিটি কাহিনিকে একটি সুনির্দিষ্ট স্থানিক বিশিষ্টতা দেন। একদিকে তার দুর্গা প্রতিমার চালচিত্রের মতো বিস্তৃত প্রেক্ষিত আর অন্যদিকে স্থানভিত্তিক নিজস্বতায় প্রতিষ্ঠিত। এই স্থান আর বিষয় একের সঙ্গে অন্যটির কেমন সম্পর্ক তার উল্লেখ রয়েছে প্রভাতকুমারের 'ভুলশিক্ষার বিপদ' গল্পে। বর্ধমানের মহারাজ মোলনাইয়ের গোল্লা খেয়ে এতই খুশি হয়েছিলেন যে, সেখানকার প্রধান মোদককে বর্ধমানে আনিয়ে গোল্লা বানাতে বললেন। গোল্লা তৈরির পর খেয়ে তেমন স্বাদ পেলেন না। মোদককে সে কথা বলাতে মোদকের সবিনয় মন্তব্য হলো, 'মহারাজ, মোলনাই থেকে আমাকেই নিয়ে এসেছেন, মোলনাইয়ের মাটিও আনতে পারেননি, মোলনাইয়ের জলও আনতে পারেননি।'

প্রভাতকুমার যখন 'বিলেত-ফেরতের বিপদ' গল্পটি লেখেন তখন বাকিংহাম প্যালেসে যাওয়ার পথে সোয়ালো স্ট্রিটের যে একদিকের মুখ পড়ে সে কথা জানান। শোনান, একজন বিশপের স্ত্রী একদিন সন্ধেবেলায় ট্রেন থেকে নেমে প্যালেসে যাওয়ার কথা বলাতে কোচম্যান রাজপ্রাসাদের বদলে মিউজিক হল 'প্যালেস'-এ নিয়ে যান। লেখেন, প্রিন্সেপ স্কোয়ারের তুলনায় শহরতলি হ্যাম্পস্টেডে বাড়ি ভাড়া কম। এ হলো শহর পরিচয়। আবার প্রকাশচন্দ্রের পরা কাপড়ের প্রসঙ্গে লেখেন যে সেটি 'সিমুলিয়ার ধুতি'। বিলেতে প্রকাশচন্দ্রের পোশাক কাচার বিষয়ে উইলিয়ম হোয়াইটলি লিমিটেডের ধোপা বিভাগের উল্লেখ করেন। 'গহনার বাক্স' গল্পে সে সময়ের কলকাতার যে ছবি আঁকেন তা সিনেমার চিত্রগ্রাহককে হার মানায়। প্রৌঢ় উকিল সতীশচন্দ্রের যাত্রাপথের বর্ণনায় লিখছেন---

> দুর্বৃত্ত মোটর গাড়ি, গভীর গর্জনে পশ্চাদ্দিক হইতে তাঁহাকে আক্রমণ করিতে চেষ্টা করিতেছে, কিন্তু বাবুটির পরমায়ু থাকায় সে চেষ্টায় বিফল হইয়া, প্রচুর ধুলায় তাঁহার মলিন বেশ মলিনতর করিয়া দিয়া চলিয়া যাইতেছে।

*রত্নদীপ* উপন্যাসে ছোটো স্টেশন খুস্রুপুরের দিন ও রাতের বর্ণনা এবং পার্সেল গুদামের ভিতর ও বাইরের বিবরণ পড়লে সেখানের মানুষজনকেও চেনা হয়ে যায়। স্টেশনের ছোটোবাবু রাখাল ভট্টাচার্যের বাসস্থানটির বিস্তারিত বর্ণনা থেকে রাখালের চরিত্রের অনেকটাই বোঝা হয়ে যায়। *আধুনিক সন্ন্যাসী*-র বাঁকিপুর আর *বলবান জামাতা*-র এলাহাবাদ যেন জায়গা দুটির জলছবি। এভাবেই গল্প ও উপন্যাসের প্রেক্ষিত বারে বারে বদলে দেন আর কাহিনি ও চরিত্রগুলি নতুন ও বিশিষ্ট হয়ে ওঠে।

দ্বিতীয় যে বিষয়টি প্রভাতকুমারের কথাসাহিত্যে উল্লেখযোগ্য তা হলো উনিশ শতকের শেষ তিন দশক এবং বিশ শতকের প্রথম তিন দশকের সমাজচিত্র। দুধের মধ্যে যেমন স্নেহপদার্থ অদৃশ্য থেকে যায় তেমনই প্রভাতকুমারের বাহ্যিক রঙ্গরসের মধ্যে ওই সময়ের ইতিহাস লুকিয়ে আছে। 'দেবী' গল্পে শক্তির উপাসক কালীকিঙ্কর রায় স্বপ্নে দেখেন যে তাঁর পুত্রবধূ দয়াময়ী হলো মানবীরূপে মা জগন্ময়ী। তারপর সে কথার এতই প্রচার ঘটে যে পাঁচ গাঁয়ের মানুষ নানান সমস্যা নিয়ে ছুটে আসে আর দয়াময়ী নিজেকেও একসময় দেবী বলে ভাবতে শুরু করে। স্বামী উমাপ্রসাদ বলেছিল এই অলৌকিকতা থেকে দয়াময়ীকে বাঁচাতে তাকে নিয়ে দূরে চলে যাবে কিন্তু দয়াময়ী রাজি হয় না কারণ মিথ্যে বিশ্বাস তার কাছে ততদিনে সত্য হয়ে উঠেছে। শেষে সেই ষোড়শী গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে নিষ্কৃতি পায়। 'গহনার বাক্স' এমনিতে বেশ মজার কিন্তু এর মধ্যে লুকিয়ে আছে পণপ্রথার ব্যাধি। আর যাঁর পণ নেওয়ার বিষয়ে বেশি উৎসাহ তিনি জীবিকায় একজন সাবজজ। 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টার বিমল অন্যের মানি-অর্ডারের টাকা

সরিয়ে মদ ও মাংস খায়, খাম খুলে অন্যের প্রেমপত্র পড়ে, অন্যের প্রেমিকাকে নিয়ে রাতের অন্ধকারে পালাতে চায়, ধরা পড়ে বেদম মার খায়, তারপর গল্প ফাঁদে যে রাতে পোস্ট-অফিসে কাজ করার সময় ডাকাতের দল তাকে মারধর করে সিন্দুকের টাকা নিয়ে পালিয়ে গেছে। পোস্ট-অফিসের টাকা পুলিশ আসার আগেই সে সরিয়ে ফেলেছে। ঘটনার তদন্তের পর 'আত্মপ্রাণ তুচ্ছ করিয়া সরকারের টাকা রক্ষা করিতে চেষ্টা করিয়াছিল, এই বিশ্বাসে সদাশয় গভর্নমেন্ট তাহাকে ইন্সপেক্টর পদে উন্নীত করিয়া দিলেন।' সেকালের সামাজিক রূপ থেকে ইংরেজের শাসনব্যবস্থা বিষয়ে ইঙ্গিতে অনেক কিছুই একটা বাক্যে গল্পকার বলে দিলেন। *জীবনের মূল্য* উপন্যাসে সুদের কারবারি বিপত্নীক গিরিশ মুখোপাধ্যায় পঁয়তাল্লিশ বছর বয়েসে পনেরো বছরের প্রভাবতীকে বিয়ে করতে চায় আর তা করতে না পেরে তাদের পরিবারটিকে তছনছ করে দেয়। 'দাম্পত্য' গল্পে প্রভাতকুমার লিখছেন চৈত্রের চড়কের মেলায় তারকেশ্বরের মোহান্ত 'কাশী থেকে বাঈ, কলকাতা থেকে খ্যামটা নাচ আনাচ্চে।' বাল্য বিধবাদের শ্বশুরবাড়ির তরফ থেকে আজীবন বৈধব্যে আটকে রাখার কথা আছে। সে সঙ্গে কোনও কোনও বিধবা মেয়ের পালিয়ে গিয়ে নতুন সংসার পাতার কথাও আছে। রয়েছে ব্রাহ্ম সমাজের মেয়েদের বিয়ের বিষয়ে বিলেত-ফেরত ছেলেদের প্রতি বাড়তি টানের কথাও।

প্রভাতকুমারের লেখার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো গতিময়তা। কাহিনি বিবরণ পাঠকদের নদীর স্রোতের মতো সামনে টেনে নিয়ে যায়। প্রভাতকুমারের কথাসাহিত্যের এই খর চলন প্রসঙ্গে পদ্মানদীর গায়ে বাস করা রবীন্দ্রনাথ অবশ্য আরও আকর্ষণীয় একটি তুলনা টেনেছেন। প্রভাতকুমারের 'নব-কথা' ও 'ষোড়শী' নামের দুটি গল্পের বই পড়ে ১৩১৮ সালে গল্পকারকে লিখছেন, 'হাসির হাওয়ায় কল্পনার ঝোঁকে পালের উপর পাল তুলিয়া একেবারে হু হু করিয়া ছুটিয়া চলিয়াছে, কোথাও যে কিছুমাত্র ভার আছে বা বাধা আছে তাহা অনুভব করিবার জো নাই।' রবীন্দ্রনাথ স্রোতের টানের সঙ্গে 'হাসির হাওয়া'-কে জুড়ে নিলেন।

এই হাসিই প্রভাতকুমারের রচনার সবচেয়ে বড়ো আকর্ষণ। সব গল্প বা উপন্যাসেই যে হাস্যরস পরিবেশন করা হয়েছে তা নয় কিন্তু তাঁর অধিকাংশ লেখাতেই এটি মেলে। সে হাস্যরসের স্বাদ পানসে নয়, তা মোলনাইয়ের গোল্লা আর স্পেনের সেভিল দেশের কমলালেবুর রস থেকে তৈরি মার্মালেডের মতো সুস্বাদু। সংস্কৃত সাহিত্য, পাশ্চাত্য সাহিত্য এবং ভারতচন্দ্র রায়ের লেখার গভীর পাঠ প্রভাতকুমার মুখোপাধ্যায়ের হাস্যরসে জাত কৌতুকের জন্ম দিয়েছিল। এমনকী তাঁর লেখা 'দ্বিতীয় বিদ্যাসাগর'-এর মতো প্রায় অনালোচিত গল্পেও মধুর মতো মিষ্টি হাস্যরস মেলে। নদিয়ার দেবগ্রামের জমিদার শিবদাস বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে রান্নার কাজে সাহায্যের জন্যে চন্দ্রমোহন নামের ব্রাহ্মণ পরিবারের একটি ছোট ছেলেকে রাখা হয়। ছেলেটি বেশ চালাক, চতুর এবং মিষ্টভাষী। মুহুরিদের সাধ্যসাধনা করে সে চারটে বাংলা বই সংগ্রহ করে পড়ে অক্ষর ও কিছু শব্দ শেখে আর তখন তার লেখক হওয়ার সাধ জাগে। একটা খাতা বানিয়ে সে পাড়ার নানা ঘটনা লিখতে থাকে। যেমন, কে ছুরিতে পা কেটেছে, কার পড়বার বই নেই, কে পাঠশালায় যায় না, কে তিন দিনে নতুন বই কুটি কুটি করে ছিঁড়ে ফেলেছে ইত্যাদি 'সমসাময়িক ইতিহাস।' তারপর মলাটের উপর প্রান্তরেখার অলংকরণ করে মাঝে লেখে 'বর্ণপরিচয় প্রথমভাগ --- চন্দ্রমোহন বিদ্যাসাগর প্রণীত'। তার ধারণা ছিল প্রথম ভাগ লিখতে পারলেই 'বিদ্যাসাগর' উপাধি গ্রহণ করা যায়। এই সব দেখে বাড়ির বড়রা খুবই মজা পায় আর তাকে 'বিদ্যাসাগর' নামে ডাকতে থাকে। এক সময় সে নামের নিচে তার চন্দ্রমোহন নামটি চাপা পড়ে যায়। পরের ঘটনা আরও মজার। একবার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বাড়িতে শিবদাস বন্দ্যোপাধ্যায়ের পরিবার নিমন্ত্রিত

হয়েছে। যাওয়ার আগে বাড়ির কর্ত্রী সবাইকে বলেছেন বিদ্যাসাগরের বাড়িতে গিয়ে কেউ যেন চন্দ্রমোহনকে 'বিদ্যাসাগর' বলে না ডাকে। সবই ঠিক ছিল কিন্তু খাওয়ার সময় পুরোনো স্বভাবে ডাকাডাকি শুরু করে --- 'ও বিদ্যেসাগর! ডালে নুন হয়নি কেন?', 'ও বিদ্যাসাগর! হাত চালিয়ে নাও না, হাঁ করে কী দেখছ?', 'ও বিদ্যেসাগর! পায়েসটায় যে ধোঁয়ার গন্ধ বেরিয়েছে।' বিদ্যাসাগর মশাই এ সব কথা শুনে চমকে চমকে ওঠেন। পরে কৌতূহল না চাপতে পেরে শিবদাসবাবুকে ব্যাপারটা ঠিক কী তা জানতে চাইলেন। তারপর শিবদাসবাবুর মুখে চন্দ্রমোহনের উপাধি প্রাপ্তির ঘটনা শুনে খুবই হাসলেন এবং চন্দ্রমোহনের শিক্ষার ব্যবস্থাও করলেন। তাকে নিজের ছাপাখানায় চাকরিও দেন যদিও পরে সে অন্য জায়গায় চলে যায়। গল্পটি পড়লে বোঝা যায় এটি নেওয়া হয়েছে একটি সত্য ঘটনা থেকে কিন্তু প্রভাতকুমারের কৌতুকরসের অসামান্য প্রয়োগে তা হয়ে উঠেছে একটি নিটোল সুখপাঠ্য গল্প। এরকমই 'বলবান জামাতা', 'রসময়ীর রসিকতা', 'মাস্টার মহাশয়' ইত্যাদি বহু গল্পের নাম করা যায় যেখানে কৌতুক রসের বান ডেকেছে।

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের একটি গল্প আছে আকবর বাদশা আর বীরবলকে নিয়ে। একবার দরবার শেষে আতর দানের সময় এক ফোঁটা আতর গালিচার উপর পড়ে আর আকবর ঝুঁকে আঙুল দিয়ে সেটি তুলে নেন। সেটা দেখে বীরবল মাথা নিচু করে হাসছিলেন। আকবর বীরবলের হাসি লক্ষ্য করেছিলেন। ভাবলেন তাঁর মতো বাদশার এমন কঞ্জুষের মতো কাজ করা ঠিক হয়নি। এ নিয়ে বীরবল পরে মজা করতে পারে। তাই পরের দিন একটা বিশাল হাউজে (চৌবাচ্চা) ঘড়া ঘড়া আতর ঢেলে শহরে ঢোল পিটিয়ে ঘোষণা করালেন যে, যার ইচ্ছে সেখান থেকে আতর নিয়ে যেতে পারে। তারপর বীরবলকে পাশে দাঁড় করিয়ে আতরলুট দেখলেন আর জিজ্ঞেস করলেন, 'কেমন আনন্দ হইল বল দেখি?' তার উত্তরে বীরবল বললেন, 'জাঁহাপনা, হাউজ দিয়া কি বিন্দু ঢাকা যায়?' সে কথা শুনে বাদশা রেগে বীরবলের ধনসম্পত্তি বাজেয়াপ্ত করলেন আর তাঁকে রাজধানী থেকে চলে যেতে বললেন। বীরবল চলে যাওয়ার কিছুদিন পর বাদশার রাগ পড়ে গেল। তখন বীরবলের আর খোঁজ পান না। শেষে রাজ্যে রাজ্যে ছাগল পাঠানো আর তাদের নিত্যদিন চার সের দানা বরাদ্দের গল্প সবারই জানা। সে সঙ্গে বীরবলকে খুঁজে পাওয়ার ঘটনাও। কিন্তু এর মাঝে বীরবল না থাকার পর্বে বাদশা আকবর অনুশোচনা করেছিলেন কেন তিনি বীরবলকে তাড়ালেন! বীরবল সম্পর্কে বলেছিলেন, 'বড় ভালো লোক ছিল --- যেমন রসিক, তেমনি বুদ্ধিমান।'

প্রভাতকুমারের জন্মের সার্ধশতবর্ষে তাঁর লেখা সেই গল্প থেকে ধার নিয়ে বলা যায় যে, লেখক হিসেবে তিনি ছিলেন যেমন রসিক তেমনই বুদ্ধিমান। প্রমথ চৌধুরীর ছদ্মনাম ছিল 'বীরবল' কিন্তু কথাসাহিত্যিক প্রভাতকুমার মুখোপাধ্যায়ের জাত ও ধাতের সঙ্গে কান্যকুব্জের আদি বীরবলের বেশি মিল চোখে পড়ে।

# বনফুল ও বাংলা কথাসাহিত্য

**ভগীরথ মিশ্র**
কথাসাহিত্যিক

পৃথিবীর বড় বড় নদীগুলোর একাধিক উপনদী থাকেই। উপনদীগুলো তাদের জলসম্ভারসহ মূল নদীতে এসে মেশে বলেই মূল নদীটি স্ফীতকায় হয়ে ওঠে। বস্তুতপক্ষে, যে-নদীর যতগুলো উপনদী, সেই নদী তত বেশি পরিপুষ্ট।

যে কোনো ভাষার সাহিত্যও তেমনই এক-একটি দীর্ঘকায় প্রবহমান নদী। ওই নদীরও একাধিক উপনদী থাকে। ওই উপনদীগুলি মূল সাহিত্য-ধারাটিকে পুষ্ট ও সমৃদ্ধ করে। বাংলা সাহিত্যও তার ব্যতিক্রম নয়। বিভিন্ন সময়কালে বাংলা সাহিত্যের মূল ধারার সঙ্গে অনেক উপনদী মিলিত হয়ে বাংলা সাহিত্যের মূল ধারাটিকে পুষ্ট ও বেগবান করেছে।



নির্দ্বিধায় বলা যায়, কবিতা-উপন্যাস-ছোটগল্প-নাটক-প্রবন্ধ-রম্যরচনা ইত্যাদির সম্ভার নিয়ে বলাইচাঁদ মুখোপাধ্যায় ওরফে বনফুলের সাহিত্যকর্ম বাংলাসাহিত্যের মূল ধারায় একটি স্বতন্ত্র ও পরিপুষ্ট উপনদী। তবে, সাহিত্যের অন্য শাখাগুলির তুলনায় কথাসাহিত্যেই তাঁর অধিক সিদ্ধিলাভ ঘটেছে।

বলাইচাঁদ মুখোপাধ্যায়। বাংলা সাহিত্যের গোটা দুনিয়া তাঁকে বনফুল নামেই চেনে। সেই বনফুল-এর সাহিত্যমানস নিয়ে আলোচনা করতে গেলেই প্রাসঙ্গিক হয়ে ওঠে মানুষটির বেড়ে ওঠার ধরন ও পরিমণ্ডল। সর্বপ্রথম তাই নিয়ে দু-চার কথা বলে নেওয়া যাক।

জন্ম ও বেড়ে ওঠা বিহারের কাটিহার জেলার মণিহারী গ্রামে। বাবা পেশায় নামকরা চিকিৎসক। তবে আজীবন আদর্শবাদী মানুষটি কেবল অর্থকরী বৃত্তিতেই আটকে থাকেননি। মণিহার এলাকাতেই গড়ে তুলেছিলেন একটি দাতব্য চিকিৎসালয় এবং একটি বিদ্যালয়। এছাড়া, নানা জনহিতকর কাজে লিপ্ত মানুষটি এলাকায় যারপরনাই জনপ্রিয় ছিলেন। ছয় ছেলে, দুই মেয়ে, অসংখ্য আত্মীয়-পরিজন, ঝি-চাকর-ঠাকুর ইত্যাদি নিয়ে সত্যচরণের ছিল বিশাল একান্নবর্তী পরিবার। ওই সময়কালে জন্মেও আগাগোড়া কুসংস্কারহীন মুক্তমনের মানুষ ছিলেন সত্যচরণ। জাতি-ধর্ম-বর্ণবিহীন, আভিজাত্যের অহঙ্কারশূন্য এমনই একটি পারিবারিক পরিবেশে কেটেছে বনফুলের শৈশব ও কৈশোর। ফলত, কৈশোরেই তিনি লাভ করেছেন হিন্দু-মুসলিমসহ সব ধর্ম ও জাতের অসংখ্য সহচর বন্ধুর সান্নিধ্য।

মণিহারী থেকে সাহেবগঞ্জ। কৈশোরের অনেকখানি সময় কেটেছে সেখানেও। সাহেবগঞ্জের পাহাড়তলি, নির্ঝরিণী, পরিত্যক্ত নীলকুঠি দেখে,

ভগলু মাঝির নৌকায় চড়ে, তার মুখে কখনো গান, কখনো গল্প শুনে, দিগন্তবিস্তৃত গঙ্গা পাড়ি দিয়ে বাড়ি আর স্কুলে যাওয়া-আসা। গঙ্গার ধারে ভাঙা নীলকুঠিতে 'নাইট স্কুল' স্থাপন করে নিরক্ষর মানুষজনকে পড়ানো। পাশাপাশি, গ্রামীণ জনজীবনের সঙ্গে পরিচিত ও একাত্ম হওয়ার পাঠটিও বোধ করি বাবার থেকেই পেয়েছিলেন মানুষটি।

একজন লেখকের জীবনে একটা বর্ণাঢ্য কৈশোর অবশ্যই চাই। কৈশোর হল এক সোনার পাতে মোড়া সিন্দুক। আশৈশব-আকৈশোর ওই সিন্দুকে যা জমা পড়ে, তা বুঝি সারাজীবনেও হারায়, ফুরোয় না। বস্তুতপক্ষে, কৈশোরের সিন্দুকে সঞ্চিত ওই স্মৃতিগুলোই হয়ে ওঠে একজন লেখকের সারাজীবনের অমূল্য পুঁজি। ওই পুঁজি ভাঙিয়েই একজন লেখক আজীবনকাল অক্ষরচর্চা করে চলেন। বনফুলেরও বর্ণাঢ্য কৈশোর ছিল। শৈশব ও কৈশোরসহ তাঁর জীবনের সিংহভাগ কেটেছে বিহারের মণিহারী-সাহেবগঞ্জসহ বিভিন্ন স্থানে। তাঁর সেই কৈশোর ছিল আর পাঁচজন কিশোরের চেয়ে সম্পূর্ণ স্বতন্ত্র। বনফুলের নিজের কথায়, "ছেলেবেলায় ভৃত্য মহলে আমার নাম ছিল জংলি বাবু। বনজঙ্গল আমি খুব ভালোবাসি। বাল্যকালে অনেক কীটপতঙ্গ প্রজাপতির পেছনে ঘুরিয়াছি। পরিণত বয়সেও পাখি চিনিবার জন্য অনেক জঙ্গলে জঙ্গলে ঘুরিতে হইয়াছে। বন চিরকালই আমার নিকট রহস্য-নিকেতন। এইজন্যই বোধহয় ছদ্মনাম নির্বাচনের সময় 'বনফুল' নামটা আমি ঠিক করিলাম।"

বিহারের গ্রামীণ পরিমণ্ডলে উন্মুক্ত প্রকৃতির বুকে বেড়ে উঠেছিল যাঁর জীবন, সেই মানুষটি পরবর্তীকালে পেশায় হলেন ডাক্তার। বলাই বাহুল্য, আর দশজন ডাক্তারের মতো হননি তিনি। তিনি ছিলেন গরিব-দুঃখীদের আশ্রয়। এই শিক্ষাও তিনি অর্জন করেছিলেন কৈশোরেই। জন্মদাতা পিতার আজন্মচর্চিত দর্শন এবং পারিবারিক পরিমণ্ডলই বুঝি বনফুলকে তাঁর নিজের অজ্ঞাতেই 'সহৃদয় সামাজিক' করে তুলেছিল, এবং পরবর্তীকালে তাঁর রচনা-সম্ভারেও চারিয়ে যায় তা।

বাংলা কথাসাহিত্যে বনফুল ছিলেন যথার্থই সব্যসাচী লেখক। অন্য অনেক কথাশিল্পীর মতো তিনিও শুরু করেছিলেন কবিতা দিয়ে। তারপর, প্রায় সাড়ে-চার দশক ধরে লিখেছেন প্রায় হাজারেরও বেশি কবিতা। লিখেছেন ৫৮৬টি ছোটগল্প, ৬০টি উপন্যাস, ৫টি নাটক, ও অসংখ্য প্রবন্ধ। বন্ধুবর পরিমল গোস্বামীর উৎসাহে কিছু ব্যঙ্গ-রচনাও লিখেছিলেন। তবে, শেষ অবধি কথাসাহিত্যই তাঁর 'প্রথম প্রেম' হয়ে ওঠে।

বনফুলের কলমটি যখন সবেগে চলমান, সেটা এমনই-এক সময়কাল, যখন বাংলা কথাসাহিত্যের আঙিনায় চলছে তিন-বন্দ্যোপাধ্যায়ের দাপট। ওই তিন দিকপালের সঙ্গে পাল্লা দিয়ে বনফুল যে ওই সময়কালেও বাংলা সাহিত্যে নিজের আসনটি এতখানি পোক্ত করতে সমর্থ হয়েছেন, তার পেছনে একটাই কারণ ছিল। তিন-বন্দ্যোপাধ্যায়ের সমকালীন হওয়া সত্ত্বেও তিনি নিজের কথাসাহিত্যকে ওই তিন মহারথীর প্রভাব থেকে পুরোপুরি মুক্ত রাখতে পেরেছিলেন। একই সময়কালে লেখালিখি করলেও বনফুলের রচনাগুলি পটভূমি নির্বাচনে, বিষয়বস্তুতে, চরিত্রসৃষ্টিতে, আঙ্গিক-চিন্তায়, গদ্যভাবনায় এবং সামগ্রিক দর্শন-চেতনায় তিন-বন্দ্যোপাধ্যায়ের রচনাগুলির থেকে পুরোপুরি স্বতন্ত্র হয়ে উঠেছিল।

যেহেতু বনফুলের শৈশব, কৈশোরসহ জীবনের সিংহভাগই কেটেছে বিহারের বিভিন্ন অঞ্চলে, খুব স্বাভাবিকভাবেই তাঁর অধিকাংশ গল্প-উপন্যাসের পটভূমি হয়েছে বিহারের গ্রামাঞ্চল ও মফস্বল। ওইসঙ্গে আমরা তাঁর রচনাগুলিতে বিহার অঞ্চলের লোকজীবনকেও পদে পদে আবিষ্কার করি। আর, অঞ্চলটি যেহেতু বিহার এবং সময়কালটি যেহেতু বিগত শতাব্দীর চারের দশক থেকে সাতের দশক, ফলত, তাঁর বহু রচনায় প্রত্যক্ষভাবে এসেছে তৎকালীন কৃষিপ্রধান, সামন্ততান্ত্রিক গ্রামীণ জীবনের ছোঁয়া। রচনার ছত্রেছত্রে এসেছে

জাতপাত, অস্পৃশ্যতা, সামন্ততান্ত্রিক শোষণ, নারীলোলুপতা এবং হাজারো কিসিমের কুসংস্কার, যা তৎকালীন বিহার-মুলুকসহ সমগ্র গ্রাম-ভারতের চেনা ছবি ছিল।

বনফুল রচিত ছোটগল্পগুলি বাংলা কথাসাহিত্যের অনন্য সম্পদ। বাস্তবিক, বাংলা ছোটগল্পে তিনি এক নতুন ধারার প্রবর্তন করেছেন। একজন বামন-মানুষ যেমন আকারে খর্বকায় হয়েও একজন পূর্ণাঙ্গ মানুষের তাবৎ প্রকৃতি ধারণ করেন শরীরে ও মনে, একটি বনসাই যেমন আকারে খর্বকায় হয়েও সারা অঙ্গে বহন করে একটি মহীরুহের তাবৎ লক্ষণ, ঠিক তেমনই, বনফুলের ছোটগল্পগুলির প্রধান বৈশিষ্ট্য হল, আকারে অতিশয় ছোট হয়েও গল্পগুলি বিষয়বস্তুতে, বক্তব্যে ও দর্শনে একটি পূর্ণাঙ্গ ছোটগল্পের তাবৎ বৈশিষ্ট্যগুলি শরীরে ও আত্মায় ধারণ ও বহন করে। যেন বিন্দুতে সিন্ধু দর্শন। এইজাতের বামন-গল্পকে ইদানীংকালে অনুগল্প বলা হয়। নিঃসংশয়ে বলা যায়, আজকের অনুগল্পের জনক ছিলেন বনফুল। এবং বাংলা কথাসাহিত্যে এই স্বতন্ত্র গোত্রের গল্প রচনায় বনফুলই ছিলেন পথিকৃৎ। কাজেই, এমন কথা নিশ্চিতভাবেই বলা যায় যে, এত-এত বলিষ্ঠ উপন্যাস রচনা করলেও বনফুল তাঁর ছোটগল্পগুলির জন্যই আরও বহুকাল পাঠক-মননে বেঁচে থাকবেন।

# Book Release



Lt Col Anant Sinha, Director, The Asiatic Society Kolkata releasing a book *Lcuq_Ib Tgcuq* on 24 Nov 2023 at Victoria Memorial in presence of Dr CV Ananda Bose, Governor of West Bengal and Patron of The Asiatic Society.

# জন্মশতবর্ষে সুচিত্রা মিত্র ও তাঁর গান

**দেবাশিস রায়**
ব্রহ্মসঙ্গীত বিশেষজ্ঞ

রবীন্দ্রসংগীতের অন্যতম জনপ্রিয় শিল্পী সুচিত্রা মিত্রের জন্মশতবর্ষ শুরু হয়েছে। ১৯২৪ সালের ১৯ সেপ্টেম্বর সুচিত্রা মিত্রের (মুখোপাধ্যায়) জন্ম। তাঁর পিতা সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায় (০৯.০৮.১৮৮৪-১২.০৫.১৯৬৬) পেশায় পুলিস কোর্টের উকিল হলেও নেশায় সাহিত্যিক। সেই সুবাদেই *ভারতী* পত্রিকার সম্পাদিকা স্বর্ণকুমারী দেবীর সঙ্গে পরিচয়। অবনীন্দ্রনাথ ঠাকুরের জামাতা মণিলাল গঙ্গোপাধ্যায় ছিলেন সৌরীন্দ্রমোহনের ঘনিষ্ঠ সুহৃদ। তাঁর সঙ্গেই যৌথভাবে ১৩২২-৩০ পর্যন্ত *ভারতী* পত্রিকার সম্পাদনা করেন। তাঁর লেখা নাটকে নিয়মিত অভিনয় করতেন শিশির ভাদুড়ী, দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়, কৃষ্ণভামিনী, মধু বসু, সাধনা বসু প্রমুখ।



সুচিত্রার মাতা সুবর্ণলতা দেবীর (০৩.০৩.১৯০৩-২৮.০২.১৯৬৬) সুন্দর গানের গলা ছিল। 'মা খুব ভালো গান করতেন। অর্গ্যান বাজিয়ে রবীন্দ্রনাথের বিভিন্ন ধরনের গান গাইতেন তিনি। আজকের দিনে হলে বড়ো গাইয়ে হিসেবে তাঁর নাম-ডাক হতে পারত।' 'সন্ধ্যা হল গো—ওমা' গানটি সুবর্ণলতা প্রায়ই গাইতেন। 'সন্ধ্যার অন্ধকারে যখনি এ গান শুনেছি তখনি কেঁদে ভাসিয়েছি।' তাঁর জন্মটাও ভারি অদ্ভুত। 'শুনেছি, আমি জন্মেছি ট্রেনে এবং যে জন্যে ডিহির-অন-শোন প্রত্যাহত ট্রেন থামাতে হয় খুব রোমাঞ্চকর ভাবে, এক অজ্ঞাত শালবনাচ্ছাদিত স্টেশনে। সে জায়গাটির নাম গুজুণ্ডি।'

পড়াশুনার জন্য বেথুন কলেজিয়েট স্কুলে চতুর্থ শ্রেণীতে ভর্তি হয়েছিলেন সুচিত্রা। সেখানে গান শেখাতেন অমিতা সেন (খুকু)। সুচিত্রার কথায় : 'নিত্যকার পাঠ্যাভ্যাসের আগে.... বিশ্ব সাথে যোগে যেথায় বিহারো, অন্তর মম বিকশিত কর, আমার মাথা নত করে দাও, বিপদে মোরে রক্ষা করো—এমনি আরো কত গান। তখনকার অপরিণত হৃদয়ে এইসব গানের কতটা উপলব্ধ হত বলা শক্ত তবুও এ গানের পরে যখন দিনের কাজ শুরু হত কেমন জানি এক সুন্দর সুরে মন ভরে থাকত। মনে হত সারাদিনটাই একটা গান।'

### সুচিত্রার গানের জগতের সন্ধান

১৯৪১ সাল। সুচিত্রা বেথুনে দশম শ্রেণীর ছাত্রী।

একটা সরকারি বৃত্তি পেয়েছে মাসিক কুড়ি টাকার। এই সময়ে কাগজে বিজ্ঞাপন বেরিয়েছে শান্তিনিকেতনে ভর্তি হওয়ার। বাড়ির কাউকে না জানিয়ে আবেদন করলেন সুচিত্রা। ডাক আসতেও দেরি হল না। পঙ্কজ মল্লিক ছিলেন পারিবারিক বন্ধু। শান্তিনিকেতনে পড়ার ব্যাপারে তাঁর উৎসাহ-উদ্দীপনার অন্ত ছিল না। সুচিত্রা লিখছেন, 'পঙ্কজ তো আমার গানের জগতের হিরো ছিলেন। রবিবার সংগীত শিক্ষার আসর তো কখনো মিস্ করিনি। ও সময় আমার কান অন্য জগতের ক্ষেত্রে একদম কালা।' সব বন্ধন কাটিয়ে পাঠ্যপুস্তক ট্রাঙ্কে ভরে সুচিত্রা পা বাড়ালেন রবীন্দ্রনাথের 'সাধন ভূমি' শান্তিনিকেতন অভিমুখে।

'২২শে শ্রাবণের কুড়িদিন পরে (২৭ অগস্ট ১৯৪১) এক বাদল সন্ধ্যায় উপস্থিত হলাম টিনের চালা দেওয়া, টিমটিমে তেলের আলো জ্বালানো ছোট্টো বোলপুর স্টেশনে।... একটা গরুর গাড়ি চড়ে স্টেশন থেকে রওনা দিলাম শান্তিনিকেতন অভিমুখে, সঙ্গে বাবা এবং ছোটো ভাই।'

সংগীতভবনে শিক্ষক হিসেবে পেলেন ভি. ভি. ওয়াঝলওয়ার (ওস্তাদজী), শান্তিদেব ঘোষ, শৈলজারঞ্জন মজুমদার, ইন্দিরাদেবীকে। রবীন্দ্রসংগীত ছাড়া খেয়াল-ঠুংরি, ধ্রুপদ-ধামার, টপ্পা, এসরাজ ও তবলা প্রভৃতি নানা বিষয় শিখতে হত। তিনি এই বিষয়গুলিতে কৃতিত্ব দেখিয়েছিলেন। পুরস্কার পেলেন। পূজা-পর্যায়ের ধ্রুপদ ও টপ্পাঙ্গের রবীন্দ্রসংগীত গায়নের জন্য লন্ডনের Tagore Hymn Society-র পুরস্কার (১৯৪৫)। এই বছরেই প্রকাশিত হল তাঁর রবীন্দ্রসংগীতের প্রথম রেকর্ড (N27564) যার এক পিঠে 'মরণরে তুঁহু মম শ্যাম সমান', অন্য পিঠে 'হৃদয়ের একূল ওকূল'।

সংগীতভবনে গানের পাঠ নিতে নিতেই প্রাইভেটে ম্যাট্রিকুলেশন এবং ইন্টারমিডিয়েট পাস করে নিলেন সুচিত্রা। শান্তিনিকেতন থেকে ফিরলেন কলকাতায়। ১৯৪৭ সাল। ভারত স্বাধীন হল। এই বছর সুচিত্রা স্কটিশ চার্চ কলেজ থেকে বি.এ. পাস করলেন। কলেজে পড়বার সময় মার্কস-এঙ্গেলসের রচনার সঙ্গে পরিচয় হল। আই.পি.টি.-র সঙ্গে যোগ ছিল সুচিত্রার। আই.পি.টি.-এর গান গাইতে গাইতেই জর্জ (দেবব্রত বিশ্বাস), হেমন্ত মুখোপাধ্যায়, জ্যোতিরিন্দ্র মৈত্র, বিনয় রায়ের সঙ্গে পরিচয়। পরে সলিল চৌধুরীর সুরেও গেয়েছেন অনেক গান। জনপ্রিয় হয়েছিল রবীন্দ্রনাথের 'কৃষ্ণকলি' গানের রূপান্তর 'সেই মেয়ে'। পরিচিত হলেন আর এক যুবক ধ্রুব মিত্রের সঙ্গে। ১ মে ১৯৪৮ তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হলেন। ১৯৫৫-র ডিসেম্বরে বিবাহ বিচ্ছেদ। তারপর সুচিত্রার মুক্ত নিঃসঙ্গ কিন্তু সংগীতময় জীবনযাত্রা শুরু হল।

জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে প্রতিষ্ঠিত হল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। এখানে সংগীত বিভাগের সঙ্গে যুক্ত হলেন তিনি (১৯৬২)। বহুকাল এখানে যুক্ত ছিলেন। ১৯৭৯ রবীন্দ্রসংগীত বিভাগের প্রতিষ্ঠা করেন এবং বিভাগীয় প্রধান হিসেবেই ১৯৮৪ সালে অবসর গ্রহণ করেন। অধ্যাপনার ফাঁকেই ১৯৬৭ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে এম.এ. পাস করেন সুচিত্রা।

প্রখ্যাত সংগীত বিশেষজ্ঞ অধ্যাপক সুধীর চক্রবর্তী মহাশয়কে একটি সাক্ষাৎকারে সুচিত্রা মিত্র রবীন্দ্রসংগীত সম্পর্কে তাঁর সুচিন্তিত ও প্রাসঙ্গিক মতামত জানিয়েছিলেন। তার কয়েকটি উদ্ধৃতি এখানে ব্যবহার করা হল।

১. অপরকে আনন্দ দেবার জন্য আমি গান গাই না। আমি নিজে আনন্দ পেলে নিশ্চিত জানি তা অপরকেও আনন্দ দেবে।
২. মনের বিভিন্ন ভাবধারাই তো ধরা পড়েছে রবীন্দ্রনাথের গানে। তাই যখন যেমন মানসিকতা তখন তেমন গানই গাইতে ভালো লাগে। তবে অপেক্ষাকৃত সিরিয়াস গান গাইতে আমার সবসময়ই ভালো লাগে।
৩. রবীন্দ্রনাথের দুঃখের গান আমাকে অভিভূত ও আকর্ষণ করে বেশি কারণ সে দুঃখ তো দুঃখ নয় এক আশ্চর্য উত্তরণ। রবীন্দ্রনাথের দুঃখের গান আমাকে জীবন চিনতে শেখায়, মনকে সুদৃঢ় করে তোলে। এ এক আশ্চর্য শিক্ষা।
৪. শ্রোতার অনুভূতি রিয়াকশন আমাকে ইন্‌স্পায়ার

করে। আমার সংগীত পরিবেশনকে আরও পারফেক্ট করে। সেই সঙ্গে একথাও আমি জানি—যেহেতু শিল্পী হিসেবে আমার জায়গা উঁচু ডায়াসে সেহেতু শ্রোতার রুচি আমার পক্ষে তৈরি অথবা পরিবর্তন করা সম্ভবপর।

৫. আজ রবীন্দ্রগীতের সমাদর ও প্রসার দুইই নিঃসন্দেহে বেড়েছে। যাঁরাই শোনেন এ গান তাঁরা যে বোদ্ধা সমজদার একথা বলি না। কিন্তু এখানে ফাঁকি দিয়ে গেলে যে সে ফাঁকি ধরা পড়ে সে কথা ঠিক। আজকাল এই যে প্রায় শুনে থাকি, গেল গেল সব গেল—এই ছুতমার্গের আমি একান্তই বিরোধী। আমার সুদীর্ঘ অভিজ্ঞতা থেকে দেখেছি বহু ঘোলাজলের আবর্তন থেকে মুক্তি পেয়েছে রবীন্দ্রসংগীত।

সুচিত্রা মিত্রের এই উক্তিগুলির মধ্যে এমন মননশীলতা ও ব্যক্তিত্বের ছাপ আছে, যা থেকে বোঝা যায় তিনি রবীন্দ্রসংগীতের ক্ষেত্রে নিছক একজন পারফরমার নন। এ ব্যাপারে তাঁর একটি স্পষ্ট সামাজিক অবস্থান আছে। রবীন্দ্রবাণী শান্তিনিকেতনের আশ্রমিক পরিচর্যা অর্থাৎ এক সামগ্রিক রাবীন্দ্রিকতা তাঁর শিল্পীসত্তাকে স্পষ্ট করে তুলেছে।

**আমার সুচিত্রাদি**

গ্রামোফোন রেকর্ডে সুচিত্রাদির কণ্ঠের সঙ্গে আমার পরিচয় বাল্যকাল থেকে। তখন তৃতীয় বা চতুর্থ শ্রেণীর ছাত্র। এইচ.এম.ভি.-র *শাপমোচন* রেকর্ডে তাঁর গান শুনে অনুরাগীও হলাম। বাড়ির কাছে কোম্পানিবাগানের রবীন্দ্রকাননে তখন একমাস ব্যাপী রবীন্দ্রোৎসব পালিত হত। বাংলার শ্রেষ্ঠ শিল্পীরা সেখানে সংগীত পরিবেশন করতেন। সেই মঞ্চেই প্রথম দেখলাম সুচিত্রা মিত্রকে। তাঁর গান শুনে আবারও আপ্লুত হলাম। 'গীতবিতানে' ভর্তি হলাম রবীন্দ্রনাথের গান শেখার জন্য। ১৯৮০ সাল, আমি 'গীতভারতী' পরীক্ষার্থী। আগে পরীক্ষা নিতেন আচার্য শৈলজারঞ্জন মজুমদার। সেবার এলেন সুবিনয় রায় ও সুচিত্রা মিত্র। সেই প্রথম এত কাছ থেকে বাংলার দুই শ্রেষ্ঠ শিল্পীকে দেখলাম। কনক বিশ্বাস ও নীহারবিন্দু সেনের আশীর্বাদ নিয়ে পরীক্ষা কক্ষে গেলাম। মনে হল এঁদের কাছেই নেব আমার গানের পরবর্তী পাঠ। 'গীতভারতী' উপাধি প্রাপ্ত হয়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে এম.এ. পড়ার সময় সুচিত্রাদিকে পেয়েছিলাম বিভাগীয় প্রধান হিসেবে। আমার প্রিয় শিল্পী হয়ে উঠলেন প্রিয় শিক্ষক। তাঁর কাছ থেকে অনেক রবীন্দ্রসংগীত শেখার সৌভাগ্যও হয়েছিল। এর বেশ কিছু বছর পর, আমি তখন বিশ্বভারতীর স্বরলিপি আধিকারিক, তখন আবার সুচিত্রার সঙ্গে কাজ করার সুযোগ হল। উনি ছিলেন বিশ্বভারতীর সংগীত সমিতি ও স্বরলিপি সমিতির সম্মানীয় সদস্য। সংগীত ও স্বরলিপি সংক্রান্ত ওঁর আদেশ, গুরুত্বপূর্ণ মতামত আমাকে ঋদ্ধ করেছে।

**প্রসঙ্গ : আমার সোনার বাংলা**

স্বদেশ পর্যায়ের এই গানটি বঙ্গভঙ্গের প্রতিবাদে কলকাতার টাউন হলে ৭ অগস্ট ১৯০৫-এ, যে সভা হয় সেই উপলক্ষে গানটি রচিত *সন্ন্যাসী* পত্রিকার ২২ ভাদ্র ১৩১২ সংখ্যায় রবীন্দ্রনাথের স্বাক্ষরসহ প্রকাশিত। সম্ভবত ৯ ভাদ্র ১৩১২ টাউন হলে 'অবস্থা ও ব্যবস্থা' শীর্ষক প্রবন্ধ পাঠের আসরে প্রথম গাওয়া হয়। ইন্দিরা দেবী কৃত স্বরলিপি প্রথমে *সংগীত প্রকাশিকা* পত্রিকার আশ্বিন ১৩১২ ও পরে *স্বরবিতান* ৪৬ খণ্ডে সংকলিত হয়। এই গানটির সুচিত্রা মিত্রের গাওয়া গ্রামোফোন রেকর্ড অনুসারে শান্তিদেব ঘোষ কৃত স্বরলিপি (*স্বরলিপি-পত্র* ফাল্গুন ১৩৭৮) *স্বরবিতান* ৪৬-এর পরিশিষ্টে মুদ্রিত হয়। বর্তমানে এই সুরটিই বহুল প্রচারিত। বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে এই সুরটিই গাওয়া হয়।

**সুচিত্রা মিত্রের জীবনপঞ্জী**

১৯২৪ ১৯ সেপ্টেম্বর সুচিত্রা মিত্র (মুখোপাধ্যায়)-এর জন্ম। বাবা সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, মা সুবর্ণলতা।

১৯৩৫ বেথুন কলেজিয়েট স্কুলে চতুর্থ শ্রেণীতে ভর্তি হন।

১৯৩৬ প্রথমে বাবা-মা পরে পারিবারিক বন্ধু পঙ্কজকুমার মল্লিকের কাছে কাব্য ও সংগীতে প্রাথমিক পাঠগ্রহণ।

১৯৪১ ২৭ আগস্ট শান্তিনিকেতনে সংগীত ভবনে শিক্ষার্থীরূপে যোগদান। বেথুন কলেজিয়েট স্কুল থেকে ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তীর্ণ।

১৯৪৪ ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় রবীন্দ্রসংগীত শিল্পীরূপে তাঁকে অভিনন্দন জানালেন।

১৯৪৫ সংগীতভবন থেকে ডিপ্লোমা লাভ। ধ্রুপদ ও টপ্পাঙ্গের পূজা পর্যায়ের রবীন্দ্রসংগীত গায়নের জন্য লন্ডনের Tagore Hymn Society-র Tagore Hymn পুরস্কাৰ। প্রথম গানের রেকর্ড প্রকাশ।

১৯৪৬ 'রবিতীর্থ'-এর প্রতিষ্ঠা, নামকরণ কালিদাস নাগ।

১৯৪৭ স্কটিশচার্চ কলেজ থেকে বি.এ. পরীক্ষায় উত্তীর্ণ।

১৯৪৮ ১ মে ধ্রুব মিত্রের সঙ্গে বিবাহ।

১৯৫০ অল বেঙ্গল মিউজিক কনফারেন্সে স্বর্ণপদক লাভ।

১৯৫১ তৃতীয় বিশ্ব যুব উৎসবের প্রতিনিধিরূপে চেকোস্লোভাকিয়া, পোলান্ড, হাঙ্গেরি, পূর্ব জার্মানি প্রভৃতি দেশভ্রমণ। এই তাঁর প্রথম বিদেশযাত্রা।

১৯৫১ এই সময় গণনাট্য সংঘের সঙ্গে তাঁর নিবিড় সংযুক্তি এবং সমগ্র দেশে সংঘের গান গাওয়ার অভিজ্ঞতা। সঙ্গী-দেবব্রত বিশ্বাস, প্রীতি বন্দ্যোপাধ্যায়, রেবা রায়চৌধুরী, বিনয় রায়, জ্যোতিরিন্দ্র মৈত্র, হেমন্ত মুখোপাধ্যায় প্রমুখ।

১৯৫২-৫৫ এর মধ্যে কোনো সময় রামকিঙ্কর সুচিত্রা মিত্রের মূর্তি গড়েন। 'তোমার মুখটা মজার'। বলেছিলেন রামকিঙ্কর।

১৯৫৩ অলবেঙ্গল মিউজিক কনফারেন্সে স্বর্ণপদক।

১৯৫৫ বিবাহ বিচ্ছেদ।

১৯৬০ দিল্লী থেকে প্রচারিত আকাশবাণীর জাতীয় অনুষ্ঠানে রবীন্দ্রসংগীত পরিবেশন।

১৯৬২ ভারতীয় সাংস্কৃতিক দলের সদস্যরূপে সিংহল ভ্রমণ।

১৯৬৩ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে সংগীতবিভাগে শিক্ষকরূপে যোগদান।

১৯৭১ 'জয়বাংলা' (পরিচালনা : উমাপ্রসাদ মৈত্র) ছবিতে অভিনয়। বাংলাদেশ ভ্রমণ।

১৯৭২ ইন্দো-সোভিয়েট ফ্রেন্ডশিপ সোসাইটির আমন্ত্রণে সোভিয়েট দেশভ্রমণ।

১৯৭৩ বিশ্বশান্তি সম্মেলনে প্রতিনিধিরূপে মস্কো ভ্রমণ। 'পদাতিক' (পরিচালনা : মৃণাল সেন)-এ অভিনয়।

১৯৭৪ আমেরিকা ও কানাডা ভ্রমণ, উদ্দেশ্য: বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উদাহরণ সহযোগে ভারতীয় সঙ্গীত বিষয়ে বক্তৃতা দান। 'পদ্মশ্রী' উপাধি লাভ ভারতের রাষ্ট্রপতি শ্রী ভি.ভি.গিরি কর্তৃক।

১৯৭৫ ভারত সরকারের আদান-প্রদান কর্মসূচীতে হাঙ্গেরি ভ্রমণ। আমেরিকা ও কানাডা পুনর্ভ্রমণ। এবার সঙ্গে ছিলেন 'রবিতীর্থ'-এর তেত্রিশ জন শিল্পী। আমেরিকা, কানাডা, সুইজারল্যান্ড, লন্ডনে 'তাসের দেশ' অভিনয়। বাল্টিমোরের মেয়রের কাছ থেকে সাম্মানিক নাগরিকত্ব লাভ।

১৯৭৯ রবীন্দ্রভারতীতে রবীন্দ্রসংগীত বিভাগের প্রতিষ্ঠা ও প্রথম বিভাগীয় প্রধান পদে যোগদান।

১৯৭৯ বাংলা চলচ্চিত্র পুরস্কার সমিতি কর্তৃক পঙ্কজ মল্লিক স্মৃতি পুরস্কার লাভ।

১৯৮০ এইচ.এম.ভি.-র গোল্ডেন ডিস্ক লাভ।

১৯৮১ আমেরিকা ভ্রমণ।

১৯৮৪ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ। আমেরিকা ভ্রমণ।

১৯৮৫ অক্সফোর্ড, ইংল্যান্ড ভ্রমণ। সংগীত-নাটক আকাদেমির পুরস্কার। এশিয়ান পেন্টস-এর শিরোমণি পুরস্কার। লেডিজ স্টাডি গ্রুপের পুরস্কার।

১৯৮৮ অল ইন্ডিয়া ক্রিটিক অ্যাসোসিয়েশন-এর

অপ্সরা পুরস্কার। আমেরিকা ও ইংল্যান্ড ভ্রমণ।বাংলাদেশ 'SAARC Summit'-এর ভারতীয় সদস্যরূপে যোগদান।

১৯৯০ টেগোর রিসার্চ ইনসটিটিউটের 'রবীন্দ্র-তত্ত্বাচার্য' ডি.লিট উপাধি লাভ। বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে উপাধি লাভ।ইংল্যান্ড, আমেরিকা ভ্রমণ।

১৯৯১ অস্ট্রেলিয়া ভ্রমণ। ৩ সেপ্টেম্বর সাহিত্য আকাদেমির উদ্যোগে 'ব্যক্তি ও বই' শিরোনামে বক্তৃতা দান। ১৯ সেপ্টেম্বর সংগীত-জীবনের পঞ্চাশ বর্ষ পূর্তি উপলক্ষে সংবর্ধনা।

১৯৯২ All India Journalist Association 'দিশারী' কর্তৃক ইন্দিরা গান্ধী স্মৃতি পুরস্কার লাভ।

১৯৯৩ ভারত সেবাশ্রম সঙ্ঘ কর্তৃক 'সুরশ্রী' উপাধি লাভ।

১৯৯৭ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃক 'দেশিকোত্তম' উপাধি লাভ। হেমন্ত স্মৃতি পুরস্কার লাভ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক 'বাবা আলাউদ্দিন খান' পুরস্কার লাভ।

২০১০ এশিয়াটিক সোসাইটির রবীন্দ্রনাথ ঠাকুর জন্মশতবার্ষিকী পুরস্কার লাভ।

২০১১ ৩ জানুয়ারি জীবনাবসান।

২০১৩ 'মুক্তিযুদ্ধের বন্ধু' বাংলাদেশ সরকার কর্তৃক মরণোত্তর স্বীকৃতি।

**একটি অপ্রকাশিত রবীন্দ্রসংগীত স্বরলিপি**

'ধীরে বন্ধু গো, ধীরে ধীরে' *ফাল্গুনী* কাব্যগ্রন্থের (১৩২৩) 'পূজা পর্যায় ও বন্ধু' উপপর্যায়ের গানটির রচনা। প্রকাশকাল ফাল্গুন ১৩২১, ফেব্রুয়ারি-মার্চ ১৯১৫। পিলু-দাদরায় নিবদ্ধ গানটির স্বরলিপিকার দিনেন্দ্রনাথ ঠাকুর, স্বরবিতান ৭ খণ্ডে প্রকাশিত। এই গানটির একটি সুরান্তর পাওয়া যায় সুচিত্রা মিত্র গীত সা রে গা মা'র Musical Journey with Suchitra Mitra ইউটিউব প্রকাশিত গানে। শিল্পী গানটি তাল ছাড়া, ঢালা ভাবে গেয়েছেন। স্বরবিতানের সঙ্গে এটির অনেক তফাৎ। শিল্পীর অসাধারণ গায়কীতে গানটি ভিন্ন রূপে ধরা দিয়েছে। এই সুরটির কোনো স্বরলিপি এখনও পর্যন্ত প্রকাশিত হয়নি। সুচিত্রা মিত্রর গাওয়া গানটির গীতরূপ অনুসরণ করে স্বরলিপি প্রস্তুত করে বর্তমান সংখ্যায় সংকলিত হল। জন্মশতবর্ষের প্রাক্কালে এটিই আমার সুচিত্রাদির উদ্দেশে শ্রদ্ধার্ঘ্য।

ধীরে বন্ধু, গো, ধীরে ধীরে
চলো তোমার বিজনমন্দিরে।।
জানি নে পথ, নাই যে আলো,
ভিতর বাহির কালোয় কালো,
তোমার চরণশব্দ বরণ করেছি
আজ এই অরণ্যগভীরে।।
ধীরে বন্ধু, গো, ধীরে ধীরে
চলো অন্ধকারের তীরে তীরে।
চলব আমি নিশীথরাতে
তোমার হাওয়ার ইশারাতে,
তোমার বসনগন্ধ বরণ করেছি
আজ এই বসন্ত সমীরে।।

কথা ও সুর : রবীন্দ্রনাথ ঠাকুর স্বরলিপি : দেবাশিস রায়

।। সরা -া সন্‌া -া সজ্ঞা -া জ্ঞা -া রজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা -জ্ঞরা -জ্ঞা -া -রসা -া
ধীo o রেo o বo ন্ ধু o গো- oo oo oo oo oo o oo o

সা -া -রজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -রজ্ঞা -রা সা [স]রা -ন্‌া সা -া -া
ধী o oo oo oo oo oo o রে ধী o রে o o

মা পা -া -া -া পধা -ণর্সা -ণা -ণর্সা -ণা -ধা -[ধ]পা -া -া
চ লো o o o তো- oo o মাo o o o o র্

পদা -া -পা পমা গমপা -মগা গমা -পা [প]মা [ম]পা -া -া -া
ধি o o জo নoo oo মo ন্ দি রে o o o

জ্ঞা -া রা সন্‌া -া -া সজ্ঞা -া জ্ঞা -া -া রজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা -[জ্ঞ]মজ্ঞা
ধী o o রেo o o বo ন্ ধু o o গোo oo oo oo

জ্ঞরা -জ্ঞা -া -রা -সা -া সা -া -রজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -রজ্ঞা -রা সা
oo o o o o o ধী o oo oo oo oo oo o রে

[স]রা -ন্‌া সা -া -া [পদা]মা পা -া -া -[প]দপা -[প]দপা -মা -পা -জ্ঞা
ধী o রে o o জা নি o o oo oo o o o

-মজ্জা মজ্জা জ্জা -া -মা    পমা -া -পা পা -া পমা -া পা -া -া
০০ নে প ০ থ্    না ০ ই যে ০ আ ০ লো ০ ০

পণা ণা -া ণধা -ণা -া -া    ণর্রা -া র্সা -ণা ণধা র্সণা -ধণা -া -দা পা -া -া
ভি ত র্ বা হি ০ র্    কা০ ০ লো য়্ কা০ লো০ ০০ ০ ০ ০ ০ ০

পধা -ণর্সণা -ণর্সণা -ণর্সণা -ধা -ণা -দা    ণদা -া পা -া
গো০ ০০ ০০ ০০ ০ ০ ০    তো ০ মা র্

পণা -া ণা -া ণধা -া ণা -া -া    ণধা ণা -া ণধা ণা -া ণধা -া -ণর্সণা -ণর্সণা
চ ০ র ণ্ শ ব্ দ ০ ০    ব র ণ ক রে ০ ছি ০ ০০ ০০

ণর্সণা -ধা -ণা -দা -া দা -া পা -া -া -া    পা পা -া দা পমা গমপা -পমা
০০ ০ ০ ০ ০ আ জ্ এ ০ ই ০    অ র ০ ণ্ ন০ গ০০ ০

[ন্া -া -া নপ্া]
গমপা -মা মপা -া -া -া {মজ্জা -াঃ রঃ সন্া -া সজ্জা -া জ্জা -া -া
ভী০০ ০ রে ০ ০ ০ ধী০ ০ ০ রে০ ০ ব০ ন্ ধু ০ ০

রজ্জা -জ্জামজ্জা -জ্জামজ্জা -জ্জামজ্জা -জ্জরা -জ্জা -া -জ্জরা -সা -া -া
গো০ ০০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০ ০ ০

সা -া -রজ্জা -মজ্জা -মজ্জা -মজ্জা -রজ্জা -রা রসা    সরা -ন্া সা -া -া}
ধী ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০ রে    ধী ০ রে ০ ০

মা পা -া -া -া    পধা -ণর্সা র্সণা ণর্সণা -র্সণা ণধা পা -া -া
চ লো ০ ০ ০    অ০ -০ন্ ধ০ কা০ ০ ০ রে ০ র্

পা -া -পদা পমা -া -া    মা -া -মপা পজ্জা -া -া
তী ০ ০ রে ০ ০    তী ০ ০ রে ০ ০

জ্জা -াঃ -জ্জারঃ সন্া -া -া    সজ্জা -া জ্জা -া -া -া
ধী ০ ০ রে০ ০ ০    ব০ ন্ ধু ০ ০ ০

রজ্জা -জ্জমজ্জা -জ্জমজ্জা -জ্জমজ্জা -জ্জরা -জ্জা -া -জ্জরা -সা -া -া    সা -া -রজ্জা -মজ্জা
গো০ ০০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০ ০ ০    ধী ০ ০০ ০০

-মজ্ঞা -মজ্ঞা -রজ্ঞা -রা রসা -া সরা -ন্া সা -া -া
০০ ০০ ০০ ০ রে ০ ধী ০ রে ০ ০

{পা -া পা -া -া পদপা পদপা পদপা -মা -পা -জ্ঞা মজ্ঞা -া -া
চ ল্ ব ০ ০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০০ ০ ০

জ্ঞমাঃ -ঃ পা না -া -ধনর্সা না র্সা -া -া -া -া র্সা -া নর্সা -র্রজ্ঞা -া
আমি ০ নি শী ০ ০০থ্ রা তে ০ ০ ০ ০ তো ০ মা০ ০০০ র্

জ্ঞর্রা -া র্সা -া -া -র্সা র্সা -া সর্রা র্সা -ণা ণধা র্সণা -ধণা -া -দা -পা -া -া
হা ও য়া ০ ০ র্ ই ০ ০ শা ০ রা০ তে০ ০০ ০ ০ ০ ০ ০

পা -ধা ণর্সণা ণর্সণা ণর্সণা ধা -ণা-দা} ণদা -া পা -া -া
গো ০ ০০ ০০ ০০ ০ ০ ০ তো ০ মা ০ র্০

পণা র্ণা -া ধা -া ণা -া -া ধা ণা -া ধা ণা ণধা -া ণর্সণা ণর্সণা ণর্সণা
ব০ স ন্ গ ন্ ধ ০ ০ ব র ণ্ ক রেছি০ ০০ ০০ ০০

-ধণা -দা দা -া পা -া -া পা পা -া -দা পা -মা গমপা
০০ ০ আজ্০ এ ০ ই ব স ০ ন্ ত ০ স০০

-মজ্ঞা জ্ঞমপা পমা মপা -া -া -া মজ্ঞা -াঃ -রঃ সন্া -া -া
০০ মী০০ ০ রে০ ০ ০ ০ ধী০ ০ ০ রে০ ০ ০

সজ্ঞা -া জ্ঞা -া -া -া রজ্ঞা জ্ঞমজ্ঞা জ্ঞমজ্ঞা জ্ঞমজ্ঞা -জ্ঞরা-জ্ঞা -া জ্ঞরা -সা -া
ব০ ন্ ধু ০ ০ ০ গো০ ০০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০ ০

II

সা -া -রজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -মজ্ঞা -রজ্ঞা -রা রসা -া সরা -ণ্া সা -া -া II II
ধী ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০ রে ০ ধী ০ রে ০ ০

# গানের মোহর

**স্বপন সোম**
রবীন্দ্রসঙ্গীত বিশেষজ্ঞ

'নামেই শুধু / মোহর নয়। / তার গানেও লেগেছে / নিখাদ সোনার ছোঁয়া...।'--- সুচিত্রা মিত্র বলছেন তাঁর সম্পর্কে। মোহর মানে কণিকা বন্দ্যোপাধ্যায় (১২.১০.১৯২৪--০৫.০৪.২০০০)। সতীর্থ শিল্পীর এই সত্যভাষণের পাশেই মনে পড়ে এক কবির কথা : 'ওই কণ্ঠ কাঁপে যেন পদ্মপাতার জলে / ছড়িয়ে যায় ছোটো ছোটো মুক্তোদানা / কখনো ভোরের কখনো সন্ধের আবছা আলোয় /...রবীন্দ্রনাথের শব্দমালা / আমাদের স্নায়ুধমনীতে ঝলকায় / আমাদের রক্তকণিকারা আলোয় মাতে / ওই কণ্ঠের জাদুকরি-খেলায়।' রবীন্দ্রগানের এক প্রবাদপ্রতিম রূপকারের গায়নের এমত বর্ণনা বুঝি কবি অরুণ মিত্রের পক্ষেই সম্ভব।



বাঁকুড়া জেলার সোনামুখীতে জন্ম কণিকার। বাবা সত্যচরণ মুখোপাধ্যায় বিশ্বভারতীর কেন্দ্রীয় গ্রন্থাগারে গ্রন্থাগারিক প্রভাতকুমার মুখোপাধ্যায়ের সহকারী হিসেবে যোগ দিলে তাঁরা শান্তিনিকেতনে চলে আসেন। অল্পবয়স থেকেই শান্তিনিকেতনের অবাধ প্রকৃতি আর সংস্কৃতির নিবিড় সান্নিধ্যে কণিকার বড়ো হয়ে ওঠা। বাবা-মা দুজনেই গাইতে পারতেন, বিশেষত মা অনিলা দেবীর গানের গলাটি খুবই সুন্দর ছিল। আর তাই বুঝি সঞ্চারিত হয়েছে মেয়ের মধ্যে। শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের গানের পাঠ নিলেন দিনেন্দ্রনাথ ঠাকুর, ইন্দিরা দেবী চৌধুরানী, শান্তিদেব ঘোষ, শৈলজারঞ্জন মজুমদারের কাছে আর উচ্চাঙ্গসংগীত হেমেন্দ্রলাল রায়, ক্ষিতীশ বন্দ্যোপাধ্যায়, অশেষ বন্দ্যোপাধ্যায় ও ভি ভি ওয়াঝলওয়ারের কাছে। স্বয়ং রবীন্দ্রনাথের কাছেও গান শেখার সৌভাগ্য হয়েছিল। রবীন্দ্রনাথই তাঁর নাম রাখেন 'কণিকা'। কিন্তু সেই কণিকাই তাঁর প্রথম রেকর্ডে গাইলেন বাংলা আধুনিক ! রবীন্দ্রনাথ মোটেও খুশি হননি। হিন্দুস্থান থেকে প্রকাশিত সেই রেকর্ডে, ১৯৩৮-এ, নীহারবিন্দু সেনের কথায় হরিপদ চট্টোপাধ্যায়ের সুরে কণিকা শুনিয়েছিলেন 'ওরে ওই বন্ধ হল দ্বার' আর 'গান নিয়ে মোর খেলা'। তার পর সারা জীবন কণিকার তো গান নিয়েই থাকা। ১৯৩৮ সালেই রবীন্দ্রনাথ ব্যবস্থা করেন কণিকার রবীন্দ্রসংগীত-রেকর্ডের। প্রথম রবীন্দ্রসংগীতের রেকর্ডে কণিকা শোনালেন প্রেম পর্যায়ের দুটি গান, 'মনে কি দ্বিধা রেখে

গেলে' ও 'ডাকব না ডাকব না'। অতঃপর ১৯৩৯, ১৯৪২-এ হিন্দুস্থান, আর ১৯৪২ থেকেই এইচ এম ভি থেকে পরপর রবীন্দ্রসংগীতের রেকর্ড বেরতে থাকে। ১৯৩৯ আর ১৯৪২-এর রেকর্ডে প্রশিক্ষক রূপে শৈলজারঞ্জন মজুমদারের নাম ছিল, যথার্থভাবেই ছিল। কেননা অনেকের কাছে শিখলেও কণিকার নিজের কথায়, '... ছোটোবেলা থেকে আমাকে আলাদা করে নিয়ে আদরে যত্নে যিনি তৈরি করেছিলেন তিনি শৈলজারঞ্জন মজুমদার।' শৈলজারঞ্জনই কণিকার স্বতন্ত্র গায়ন গড়ে তুলেছিলেন, এই ধারা রবীন্দ্রনাথ-দিনেন্দ্রনাথ-শান্তিদেব থেকে আলাদা। তবে কণিকার প্রথমদিকের গানগুলিতে আমাদের চিরচেনা কণিকাকে পাই না। শুরুর পর্বে কণিকার স্বরক্ষেপণে, উচ্চারণে সমসময়ের চলিত গায়নই অনুসৃত। কুমারী কণিকা আর পরবর্তী কালের পরিণত কণিকার মধ্যে মিলটা কম, অমিলটাই বেশি। পার্থক্যটা গাইবার ঢং-এ। চারের দশক জুড়ে কণিকা 'ক্ষণে ক্ষণে মনে মনে', 'খেলাঘর বাঁধতে লেগেছি', 'আমার প্রাণের মাঝে সুধা আছে' ইত্যাকার গানের মধ্য দিয়ে নিজেকে ক্রমশ নির্ভার, পরিণত করে তোলার তথা গায়নকে একটা নিশ্চিত স্বাতন্ত্র্য দেওয়ার প্রয়াসে রত থাকেন। এই সময়ে তাঁর রেকর্ডে 'বেঙ্গলি সঙ' কখনও বা 'বেঙ্গলি মডার্ন' লেখা থাকছিল। ১৯৪৭-এ ভানুসিংহের পদাবলী-র 'শাওনগগনে ঘোর ঘনঘটা' ও 'আজু সখী মুহুমুহু' গানের রেকর্ডে 'টেগোর সঙ' শব্দবন্ধটি ব্যবহৃত হল। ১৯৫০-এর 'আমি রূপে তোমায় ভোলাব না' ও 'যদি তারে নাই চিনি'-তে বোঝা গেল কণিকার গায়নভঙ্গি অনেকটাই বদলেছে, সুরেলা কণ্ঠ আরও গোলাকার, পেলব। তারপর ১৯৫২-র 'নীল দিগন্তে ওই ফুলের আগুন লাগল' আর 'আমার মল্লিকাবনে' আরও মহিমাময়, স্বকীয়তায় উজ্জ্বল। কণ্ঠ, ভঙ্গি, অনুভবের সমন্বয়ে ছবি হয়ে ফুটল নীল দিগন্তে ফুলের আগুন। এই কণিকাকেই আমরা জানি, চিনি। তার পর একে একে 'বিমল আনন্দে জাগো', 'আমার মিলন লাগি', 'আনন্দধারা বহিছে ভুবনে', 'আজ জ্যোৎস্নারাতে', 'পথ চেয়ে যে'.. এমনতর সব গান, যা তাঁর কণ্ঠ ছুঁয়ে আজও অমলিন। রবীন্দ্র জন্মশতবর্ষে কণিকা শোনালেন তাঁর অন্যতম শ্রেষ্ঠ গান 'বাজে করুণ সুরে', ছাত্রী সাবিত্রী কৃষ্ণানের মুখে দক্ষিণী গান 'নিদু চরণমূলে' শুনে যা তৈরি করেছিলেন রবীন্দ্রনাথ। কণিকার কণ্ঠে সুরের অপরিমেয় দাক্ষিণ্য, সঙ্গে মাধুর্য, আর সূক্ষ্ম অলংকরণ রূপায়ণের সহজাত দক্ষতা। 'বাজে করুণ সুরে', 'নীলাঞ্জন ছায়া', 'তোমায় নতুন করে পাব বলে', 'স্বপন যদি ভাঙিলে' ইত্যাকার গানে সহজেই বুঝে নেওয়া যায় কণিকার সুমিত অলংকরণ প্রয়োগের নৈপুণ্য। আসলে এই ধরনের মুক্তছন্দের বা টপ্পাঙ্গের গানে কণিকার যেন এক আলাদা সিদ্ধি। আর অন্য গোত্রের গানের মধ্যে আমাদের বারবার শুনতে ইচ্ছে করে 'দয়া দিয়ে হবে গো মোর', 'প্রতিদিন আমি হে জীবনস্বামী', 'জননী তোমার করুণ চরণখানি', 'ও যে মানে না মানা', 'সকলি ফুরালো স্বপনপ্রায়', 'বারতা পেয়েছি মনে মনে' বা 'দিনান্তবেলায় শেষের ফসল'। লাবণ্যময় কণ্ঠে এক নিবিড় শান্তি ছড়িয়ে দিয়ে যায় তাঁর গান।

এইচ এম ভি বিভিন্ন রবীন্দ্র নৃত্যনাট্যের লং-প্লে প্রকাশ করেছে। অন্যতম উল্লেখযোগ্য, 'শ্যামা', যেখানে মূল দুটি চরিত্রে হেমন্ত মুখোপাধ্যায় (বজ্রসেন) আর কণিকা বন্দ্যোপাধ্যায় (শ্যামা)। শ্যামার প্রেম, মনের দ্বন্দ্ব চমৎকার ফুটিয়েছেন কণিকা তাঁর কণ্ঠের মাধুরী আর অভিব্যক্তি দিয়ে। শ্যামার গান যেন কণিকা ছাড়া ভাবাই যায় না। তাছাড়া অংশ নিয়েছিলেন 'চিত্রাঙ্গদা' ( এইচ এম ভি যেটি দ্বিতীয় বার বের করে), 'তাসের দেশ', 'মায়ার খেলা'য়। শেষোক্ত দুটির সংগীত পরিচালকও তিনি। আরও কিছু সংকলন তাঁর গানে সমৃদ্ধ, যেমন, 'ভানুসিংহের পদাবলী', 'যায় দিন শ্রাবণ দিন যায়' বা 'বসন্ত'।

নেপথ্যে গেয়েছেন অল্পই। প্রথম 'তথাপি' (১৯৫০)-তে। খুবই হৃদয়স্পর্শী হয় হেমন্ত মুখোপাধ্যায়ের সংগীত পরিচালনায়

'নিমন্ত্রণ'(১৯৭১) ছবিতে 'দূরে কোথায় দূরে দূরে' এবং পঙ্কজকুমার মল্লিকের সংগীত পরিচালনায় 'বিগলিত করুণা জাহ্নবী যমুনা' (১৯৭২)-য় 'আনন্দধারা বহিছে ভুবনে'। এখানে উল্লেখ্য, কণিকার গাওয়া 'আনন্দধারা বহিছে ভুবনে'র সঙ্গে এ-গানের মুদ্রিত স্বরলিপির (স্বরবিতান ৪৫) কিছু অমিল আছে। কণিকা রেকর্ড করেছিলেন রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের প্রশিক্ষণে। অনেক পরে কণিকার গাওয়া অনুযায়ী স্বরলিপি করেন ভি বালসারা, তা বেরোয় স্বরবিতান ৬৪ খণ্ডে।

রবীন্দ্রসংগীত ছাড়া অন্যান্য গানের মধ্যে বেশি গেয়েছেন অতুলপ্রসাদী আর ভজন। ভজন-- 'মোরি চুনরি মে' 'গোবিন্দ কবহুঁ' নিবেদনে গভীর। অতুলপ্রসাদের গানের যে একটা আলাদা মেজাজ আছে তা মেলে ধরতে পারেন 'পাগলা মনটারে তুই বাঁধ' বা 'ওগো নিঠুর দরদী' গানে। একইভাবে মন ছুঁয়ে যায় ব্রহ্মসংগীত ---কাঙাল হরিনাথের 'যদি ডাকার মতো পারতাম ডাকতে', জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'হে অন্তর্যামী' বা কাজী নজরুল ইসলামের 'তোমার মহাবিশ্বে কিছু হারায় না তো কভু'।

একেবারে প্রথম রেকর্ডে কণিকা আধুনিক গেয়েছিলেন, তারপর পাঁচের দশকে সলিল চৌধুরী তাঁকে দিয়ে 'প্রান্তরের গান আমার' রেকর্ড করিয়েছিলেন, কিন্তু কোনও কারণে তা প্রকাশিত হতে পারে নি। তখন উৎপলা সেনকে দিয়ে গাওয়ানো হয়। উৎপলা ভারি দরদ দিয়ে গেয়েছিলেন, তবে কণিকার কণ্ঠে গানটি কী রূপ নিত সে ব্যাপারেও কৌতূহল রয়ে গেল। একটা অন্য রূপে হয়তো কণিকাকে পাওয়া যেত।

কর্মজীবনে কণিকা অধ্যাপনা করেছেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে, বিষয় অবশ্যই রবীন্দ্রসংগীত। যুগ্মভাবে রবীন্দ্রসংগীত সম্পর্কিত গ্রন্থ রচনা করেছেন স্বামী বীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে---'রবীন্দ্রসঙ্গীতের ভূমিকা', *রবীন্দ্রসঙ্গীতের নানা দিক*, *রবীন্দ্রসঙ্গীত কাব্য ও সুর*। দুর্লভ স্মৃতি উজাড় করে দিয়েছেন *আনন্দধারা* গ্রন্থে। 'সংগীত নাটক একাডেমি', 'পদ্মশ্রী', 'দেশিকোত্তম' ইত্যাদি বিবিধ সম্মাননা পেয়েছেন। দেশে-বিদেশে গান গেয়ে অজস্র শ্রোতার মনোরঞ্জন করেছেন। তাঁকে নিয়ে একটি তথ্যচিত্র তৈরি করেছিলেন সুনামী পরিচালক গৌতম ঘোষ।

মর্ত্যের বন্ধন একদিন অনিবার্যত ছিন্ন হয়, কিন্তু প্রকৃত শিল্পীর তো মৃত্যু নেই। তাঁর গান আজও আমাদের শুশ্রূষা দেয়, নন্দিত করে। রবীন্দ্রনাথের অমর সৃষ্টিকে আমরা নব নব রূপে পাই তাঁর মতো হাতে-গোনা গুটিকয়েক শিল্পীর অমোঘ গায়নে। সতীর্থ সুচিত্রা মিত্রর মতোই তাঁরও জন্মশতবর্ষ আসন্ন। বিনম্র প্রণতি রইল।

**সূত্র :**

*আনন্দধারা*, কণিকা বন্দ্যোপাধ্যায়, আজকাল, ১৯৯৮
*মোহর*, সুমিতা সামন্ত স, সুতানুটি পটকথা, ১৯৯৮



# আগস্ট ১৯৪৬ : কলকাতার দাঙ্গার কিছু প্রামাণিক তথ্য

**অতীশ দাশগুপ্ত**
অবসরপ্রাপ্ত অধ্যাপক, সমাজবিজ্ঞান ইউনিট, ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইন্সটিটিউট

১৯৪৬ সালের পাঁচটি কুখ্যাত দিন; ১৬ই আগস্ট থেকে ২০শে আগস্ট। ঐ দিনগুলিতে সাম্প্রদায়িক কারণে যে বীভৎসতা সংগঠিত হয়েছিল, কলকাতার ইতিহাসে তার নজির আগেও নেই, পরেও মেলে না। দাঙ্গা-কলুষিত মহানগরীর সেই ভয়াবহ চিত্র বিভিন্ন ভাবে নানা বর্ণনায় উদ্ঘাটিত হয়েছে, বিগত চার দশকের বেশি সময় ধরে। বর্তমান প্রবন্ধের আকর-তথ্যের ভিত্তি কিঞ্চিৎ ভিন্ন : তৎকালীন কলকাতার পুলিশ কমিশনার, হার্ডউইক ডোনাল্ড রস রচিত ১২১ পাতার একটি দীর্ঘ প্রতিবেদন 'Report of the Commissioner of Police on the disturbances and the action taken by the Calcutta Police, between the 16th and 20th August, 1946 inclusive.' পুলিশ কমিশনারের বিশ্লেষণের সাথে সর্বদা মতৈক্য না হতে পারে; কিন্তু আগস্টের দাঙ্গার বিষয় প্রত্যক্ষ তথ্য এত পুঙ্খানুপুঙ্খ ভাবে অন্যত্র কমই পরিবেশিত হয়েছে। প্রতিবেদনটি সহজলভ্য নয়। এটি সংরক্ষিত আছে কলকাতায় অবস্থিত গোয়েন্দা দপ্তরের নথিপত্রের সংগ্রহে। অধ্যাপক লাডলী মোহন রায়চৌধুরীর সৌজন্যে, দুষ্প্রাপ্য রিপোর্টটি দেখার সুযোগ ঘটেছিল বেশ কিছুদিন আগে। অন্যান্য যে সংশ্লিষ্ট প্রামাণিক তথ্য-সংকলনের সন্ধান পেয়েছিলাম (যেমন Home [Political] Department Miscellaneous Reports on the Calcutta Disturbances, August 1946; Report of the Surgeon General on Medical Arrangements ইত্যাদি) সেগুলি পড়ার ব্যবস্থাও করে দিয়েছিলেন অধ্যাপক রায়চৌধুরী (রাজ্য লেখ্যাগার বা আর্কাইভস-এর অধিকর্তা)। উপরোক্ত আকর-তথ্যগুলির ভিত্তিতে প্রবন্ধটি লেখার উদ্দেশ্য শুধু আগস্টের দাঙ্গার একটি পরিচিত পূর্ণাঙ্গ বিবরণ তুলে ধরা নয়, সাম্প্রদায়িক দাঙ্গার চক্রান্ত আজও অব্যাহত রয়েছে আমাদের দেশে। দাঙ্গায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হল যে সাধারণ মানুষ, তাঁকে ইতিহাস-বিস্মৃত করাতে চায় চক্রান্তকারীরা। দাঙ্গার সব ইতিহাস তথ্যের ভিত্তিতে, সঠিকভাবে জানলে, মানুষ নিজেই সর্তক হবেন।

১৯৪৬ সালের আগস্ট মাসের দাঙ্গার পরিপ্রেক্ষিত ছিল সম্পূর্ণ ভিন্ন, পাঁচটি নারকীয় দিনের উৎপত্তি ঘটেছিল, দেশের তীব্র রাজনৈতিক আবর্ত থেকে। সকলেই জানেন যে, ১৯৪৬ সালের ইংরেজ সরকারের পাঠানো ক্যাবিনেট মিশন স্বতন্ত্র পাকিস্তান রাষ্ট্রের দাবি অগ্রাহ্য করেছিল। মিশনের বিকল্প প্রস্তাবে ভারতের বিভিন্ন সম্প্রদায় ও প্রদেশগুলি থেকে পক্ষে গ্রহণযোগ্য কয়েকটি শর্তসাপেক্ষ, সমগ্র দেশের জন্য একটি সংবিধান সভা ও অন্তর্বর্তী সরকার গঠনের পরিকল্পনা পেশ করা হয়েছিল। প্রস্তাবটির মধ্যে বেশ কিছু অসঙ্গতি থাকা সত্ত্বেও, এর মূল সুপারিশ অনুসারে ভারতবর্ষের অখণ্ডতা ও সাম্প্রদায়িক সমঝোতা বজায় রাখার সম্ভাবনা সাময়িকভাবে উজ্জ্বল হয়েছিল। কংগ্রেস ও মুসলিম লিগ পুরোপরি সন্তুষ্ট না হলেও, মিশনের প্রস্তাব মোটামুটি ভাবে মেনে নিতে সম্মত হয়েছিল। কিন্তু সম্মতি জানানোর পরেই পণ্ডিত জওহরলাল নেহেরু একটি সাংবাদিক সম্মেলনে ঘোষণা করে বললেন

যে, মিশনের প্রস্তাব অন্যান্য সার্বিক প্রয়োজনবোধে গ্রহণ ও বর্জন করতে হতে পারে। বলা বাহুল্য, নেহেরুর এই অন্যতম বিবৃতিটি মুসলিম লিগের সুবিধা করে দিয়েছিল। লিগের বোম্বাই অধিবেশন অনুষ্ঠিত হওয়ার পরেই, কায়েদ-ই-আজম জিন্না, ঘোষণা করেন যে, ক্যাবিনেট মিশনের প্রস্তাবগুলি সম্পর্কে কংগ্রেসের পরস্পর বিরোধী মন্তব্যের পরিপ্রেক্ষিতে, লিগ কংগ্রেসের আন্তরিকতায় আর আস্থা রাখতে পারছে না। সুতরাং লিগ মনে করে যে, উপমহাদেশের রাজনৈতিক সমস্যাগুলির সমাধান একমাত্র স্বতন্ত্র পাকিস্তান রাষ্ট্র নির্মাণের মাধ্যমেই সম্ভব। জিন্না আরও বলেন সাম্প্রতিক ঘটনাবলীর প্রেক্ষিতে প্রত্যক্ষ সংগ্রাম বা 'direct action' ব্যতীত অন্য বিকল্প অর্থাৎ শান্তিপূর্ণ পদ্ধতিতে পাকিস্তান রাষ্ট্র সৃষ্টি করা কঠিন।

মৌলানা আবুল কালাম আজাদ বুঝতে পেরেছিলেন ক্যাবিনেট মিশনের প্রস্তাবিত পরিকল্পনার গণ্ডী থেকে কোনো একটি অছিলায় জিন্না বেরিয়ে আসতে চাইছিলেন। মুসলিম লিগের পক্ষ থেকে, ১৯৪৬ সালের ১৬ই আগস্ট ‘প্রত্যক্ষ সংগ্রাম’ শুরু করার দিন ধার্য করা হল। লিগের সাধারণ সম্পাদক, লিয়াকত আলী খান দিল্লি থেকে ঘোষণা করলেন ‘প্রত্যক্ষ সংগ্রাম’ কী ভাবে চালানো হবে, তা পরিস্থিতি অনুসারে স্থির করা হবে। তবে, এটা নিশ্চিত ভাবে বলা যেতে পারে যে, আগেকার মতো সংবিধান সম্মত পথে এই সংগ্রাম পরিচালিত হবে না। পরিস্থিতি ব্যাখ্যা করে, জিন্না আরও স্পষ্ট ভাষায় বিবৃতি দেন যে, মুসলিম লিগের ইতিহাসে এ যাবৎ সাংবিধানিক পদ্ধতিতেই সকল সংগ্রাম পরিচালিত হয়েছে। এই প্রথম, সেই পথ পরিত্যাগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এবং ঐ সিদ্ধান্ত গ্রহণ করতে লিগ বাধ্য হয়েছে ("Never have we in the whole history of the League, done anything except by constitutional methods, and by constitutionlism. This day, we bid goodbye to constitutional methods").

লিগের সিদ্ধান্ত অনুসারে, অবিভক্ত বাঙলার লিগ মন্ত্রীসভা 'direct action' বা প্রত্যক্ষ সংগ্রামের সূচনার দিনটি (১৬ই আগস্ট) সাধারণ ছুটির দিন হিসেবে ঘোষণা করে। কলকাতার ট্রাম কোম্পানি, এবং বাস সিন্ডিকেটের শ্রমিক কর্মচারীরা ঐ দিন গোলমাল হতে পারে এই আশঙ্কায় তাঁদের যানবাহন চালাবেন না বলে আগে থেকে সিদ্ধান্ত গ্রহণ করেন। অবশ্য বেশ কিছু শিখ ড্রাইভার ও কন্ডাক্টর, লিগের ঘোষণার বিরুদ্ধে চ্যালেঞ্জ জানিয়ে, তাঁদের বাস ও ট্যাক্সি চালু রাখার বিষয়ে ইচ্ছা প্রকাশ করেছিলেন। কিন্তু সরকারী কর্তৃপক্ষ যখন তাঁদের জানিয়ে দেন, রাস্তায় বেরনোর পর, সেই যানবাহন যদি অগ্নিসংযোগ ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্ত হয়, তাহলে সরকার তার দায়িত্ব নেবেন না, তখন বাধ্য হয়ে, তাঁরা আগেকার সিদ্ধান্ত বাতিল করে দেন। একই কারণে, সরকারের পরোক্ষ নির্দেশে ১৬ই আগস্ট সিভিল সাপ্লাই, রেল কোম্পানী ঘোষণা করেছিলেন, প্রয়োজন হলে ফোর্ট উইলিয়ামের দুর্গের প্রাকার ভেঙ্গেও স্বতন্ত্র পাকিস্তান রাষ্ট্রের কল্পনাকে বাস্তবায়িত করতে হবে।

১৬ই আগস্টের ভোরবেলা থেকে হাঙ্গামার খবর আসতে আরম্ভ হয়েছিল। উত্তর কলকাতার শ্যামাপুকুর থানার কাছে সংবাদ যায় যে ভোর ছটার মধ্যেই শহরের উত্তরাঞ্চল থেকে মুসলিম জনতা মিছিল করে আসছে। দমদমের পথে এগিয়ে চলেছে এবং তার ফলে পুলিশের দুই অফিসার শ্যামবাজারের পাঁচ মাথার মোড় ছাড়িয়ে উত্তর দিকে আর এগোতে পারছেন না। মিছিলের একাংশ হাতিবাগানে হিন্দু দোকানদারদের উপর চড়াও হয়ে, তাদের দোকানপাট বন্ধ রাখতে বাধ্য করেছে। বেলা দুটো নাগাদ, পুলিশের স্পেশাল ব্রাঞ্চের কাছে আরেকটি খবর আসে, হিন্দুদের প্রায় ৩০০ জনের একটি দল, শ্যামবাজারের মোড় থেকে পোস্ট অফিস পর্যন্ত এলাকায় অবাধে লুঠতরাজ চালিয়ে যাচ্ছে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শহরের অন্যত্র দাঙ্গা ছড়িয়ে পড়ে। দুপুরের পরে লালবাজার পুলিশ কন্ট্রোলে সংবাদ আসে যে, বঙ্গীয় ব্যবস্থাপক সভার স্পিকার সৈয়দ নৌশের আলি, তাঁর ৬৬/১এ বৈঠকখানা রোডের বাসভবনের ছাদে কংগ্রেস পতাকা তোলায়

নিকটবর্তী এলাকার প্রায় ৩০০ মুসলমান তাঁর বাড়িতে এক হাঙ্গামা করেছে। অবশেষে লালবাজার থেকে পুলিশ ইন্সপেক্টর বিন্‌শিস, ঘটনাস্থলে কাঁদানে গ্যাস ব্যবহার করে পরিস্থিতির মোকাবিলা করেন। ১৬ই আগস্ট সন্ধ্যা সাতটা নাগাদ মধ্য কলকাতার ৬৩/২ মির্জাপুর স্ট্রীট থেকে পুলিশকে ফোনে জানানো হয় যে, নিকটবর্তী একটি মুসলিম বোর্ডিং-এ এক উচ্ছৃঙ্খল হিন্দু জনতা আগুন লাগানোর আয়োজন করেছে এবং স্কুলের ভিতর থেকে মুসলমান বাসিন্দারা বেরিয়ে আসতে পারছেন না। কলকাতার দক্ষিণাংশে অশান্তি সংক্রমিত হয়। সন্ধ্যা সাতটায় কড়েয়া থানার মাধ্যমে কন্ট্রোল রুমে খবর যায় যে, শামসুল হুদা রোডে এবং কড়েয়া রোড সংলগ্ন কয়েকটি সরকারী গুদাম ঘরে গুন্ডারা নির্বিচারে লুঠতরাজ চালিয়ে যাচ্ছে। তাছাড়া পার্ক সার্কাস, রাসবিহারী অ্যাভিনিউ, গড়িয়াহাট, রিচি রোড, পণ্ডিতিয়া, হাজরা রোড প্রভৃতি এলাকাতেও উভয় সম্প্রদায় লুঠতরাজে লিপ্ত হয়ে পড়েছিল। ভবানীপুর থানা মারফৎ দুপুর দেড়টায় স্পেশাল ব্রাঞ্চে খবর যায় যে, প্রায় ৫০ জন শিখ, খোলা কৃপাণ হাতে চৌরঙ্গীর রাস্তায় বেরিয়ে পড়েছে, এবং তারা মিছিলকারী মুসলমান জনতাকে মোকাবিলা করবে বলে শাসানি দিয়ে গেছে। বেলা আড়াইটে নাগাদ সংবাদ পাওয়া যায়, রসা রোড দিয়ে যে মুসলমান মিছিলটি বেরবে বলে কথা আছে, তাকে বাধা দেওয়ার জন্য একদল হিন্দু পাঞ্জাবি স্থানীয় কালী মন্দিরের চত্বরে সমবেত হয়েছে। রাত সাড়ে নটায় খবর আসে, টালিগঞ্জ সার্কুলার রোড সংলগ্ন এলাকায় উভয় সম্প্রদায় সম্মুখ সমরে অবতীর্ণ হয়েছে। বেলা তিনটে নাগাদ, মেটিয়াবুরুজ থেকে প্রায় ৩০০ মুসলমানের একটি দল, নিউ ডায়মণ্ডহারবার রোডে এসে সমবেত হলে, পার্শ্ববর্তী হিন্দু এলাকা থেকে তাদের উপর প্রচুর ইট-পাটকেল ছোঁড়া হতে থাকে। অবস্থা ক্রমশ খারাপ আকার ধারণ করলে, পুলিশ এসে সাময়িক ভাবে পরিস্থিতি আয়ত্তে আনে।

এবারে কিছু পরিমাণে বিশ্লেষণ করা যাক, আগস্টের দাঙ্গার বিভিন্ন তাণ্ডব-লীলার জন্য। তৎকালীন বাঙলার রাজনৈতিক ও প্রশাসনিক কর্তৃপক্ষ কতটা দায়ী ছিলেন। আত্মপক্ষ সমর্থনের জন্য, মুসলিম লিগের নেতা ও রাজ্য সরকারের নেতা সুরাবর্দী যাই বলুন না কেন, সরকারী নথিপত্রের ভিত্তিতেই, সন্দেহ করা যেতে পারে যে, লিগ মন্ত্রিসভার নেতারা ও ব্রিটিশ প্রশাসনিক কর্তৃপক্ষ যোগসাজশ করেই ১৬ই আগস্ট মনুমেন্টের নিচে লিগের জনসমাবেশে সশস্ত্র ভাবে সমর্থকদের হাজির করার উদ্দেশ্যে ঐ দিন সাধারণ ছুটি ঘোষণা করেছিলেন এবং পুলিশবাহিনীকে মোটামুটি নিষ্ক্রিয় রেখেছিলেন। দাঙ্গা শুরু হওয়ায় ক্রমান্বয়ে দুই দিন, সুরাবর্দী নিজে, পুলিশের কাজ তদারক করার নাম করে লালবাজারে 'কন্ট্রোলরুম'-এ উপস্থিত ছিলেন। একজন মুখ্যমন্ত্রীর থাকার ঘটনাটি, ভাইসরয় ওয়েভেলের চোখে অসঙ্গত লেগেছিল। তাই তাঁর ডায়েরিতে ওয়েভেল মন্তব্য লিখে গেছেন "The Chief points, to my mind, were Surwardy's continued presence in the control room, on the first day, are exposed his obvious commands."

এই ভূমিকার কারণ ছিল অন্যত্র। নৌবাহিনীর বিদ্রোহ ও আজাদ হিন্দ ফৌজের বন্দীদের সমর্থনে, দেশের বিস্তৃত অংশে, স্বাধীনতাকামী জনগণ কংগ্রেস ও লিগের নেতৃবৃন্দের বাইরে সঙ্ঘবদ্ধ হয়ে জড়ো হতে শুরু করেছিলেন। এই সমাবেশগুলিতে কমিউনিস্ট ও অন্যান্য বামপন্থীদের ভূমিকা উজ্জ্বল হয়ে উঠেছিল। তার স্বচ্ছ প্রকাশ হবে আগস্টের দাঙ্গার মাত্র ১৮ দিন আগে, খন্ড ডাক ও তার বিভাগের কর্মীরা একটি সর্বাত্মক ধর্মঘট পালন করে ব্রিটিশ কর্তৃপক্ষকে কোণঠাসা করে দিয়েছিল। উপরোক্ত প্রতিটি ঘটনার বৈশিষ্ট্যগুলির অন্যতম দিক ছিল হিন্দু ও মুসলমানের সংগ্রামী ঐক্য। রশিদ আলির বিচারকে কেন্দ্র করে ঐ ঐক্য বিশেষভাবে প্রতিভাত হয়েছিল। সাম্রাজ্যবাদ তার বিপর্যয়ের সূত্রপাতের ইঙ্গিত বুঝতে বিলম্ব করেনি।

তবে চক্রান্তকারীরা ইতিহাসের নির্ধারণ শক্তি হতে পারেনি চূড়ান্ত ভাবে। দাঙ্গার প্রথম দিনেই ক্যামবেল হাসপাতালের ছাত্ররা শান্তি মিছিল

বার করেছিলেন এবং স্লোগান দিয়েছিলেন 'হিন্দু মুসলিম ভাই ভাই, ভুলো নাই ভুলো নাই।' এ বছরে পুজোর ঠিক আগে, দাঙ্গার বিরুদ্ধে কলকাতার রাজপথে লেখক ও শিল্পীরা এক যৌথ মিছিলে অংশগ্রহণ করেন। সেই মিছিলের পুরোভাগে ছিলেন মানিক বন্দ্যোপাধ্যায়, গোপাল হালদার, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, জ্যোতির্ময় রায়, সুচিত্রা মিত্র, দেবব্রত বিশ্বাস, সুধী প্রধান, সবিতাব্রত দত্ত এবং অন্যান্য কলাকুশলী ও বুদ্ধিজীবীরা। প্রগতিশীল চিন্তাধারার নেতৃবৃন্দকে সেই সময় সাম্প্রদায়িক শক্তির হাতে বারংবার আক্রান্ত হতে হয়েছিল। মার্কসবাদী নেতা শ্রদ্ধেয় সমর মুখার্জির লেখা একটি প্রবন্ধ থেকে জানা যায় যে, এইরকম শান্তি মিছিলে তাঁরা এক মুসলমান জনতার দ্বারা আক্রান্ত হন, তখনই জনতার অপরাংশর কিছু শুভ বুদ্ধিসম্পন্ন মানুষ তাঁদের প্রাণ বাঁচানোয় সাহায্য করেন। এইসব অনেক বিক্ষিপ্ত ঘটনা ১৯৪৮ সালের ১লা সেপ্টেম্বর *স্বাধীনতা* পত্রিকায় প্রকাশিত হয়েছিল। বাম ও গণতান্ত্রিক রাজনীতির প্রতিনিধিদের যেমন নিজেদের প্রায় বিসর্জন দিয়েও সাম্প্রদায়িক সংহতির সপক্ষে অবস্থান গ্রহণ করতে হয়েছিল। যাঁরা প্রাণ দিয়েছিলেন, তাঁদের মধ্যে ছিলেন সুশীল দাশগুপ্ত, শক্তি মিত্র, ভূদেব সেন ও চট্টগ্রাম অস্ত্রাগার দখলের অন্যতম যোদ্ধা কমিউনিস্ট নেতা লালমোহন সেন।

সেদিনের নেতৃবৃন্দের মৃত্যুঞ্জয়ী অবদান ব্যর্থ হয়নি। তাঁদের অসমাপ্ত সংগ্রাম পরবর্তী দশকগুলিতে কমিউনিস্টদের সাংগঠনিক নেতৃত্বে শ্রমিক-কৃষক-মধ্যবিত্তদের গণতান্ত্রিক আন্দোলনের মধ্য দিয়ে বহুধা ব্যাপ্ত হয়ে পশ্চিমবঙ্গকে আজ সাম্প্রদায়িক সংহতির প্রতীক হিসেবে প্রতিষ্ঠিত করেছে। মনে রাখা প্রয়োজন ১৯৪৭ সালে শুধু কলকাতায় নয়, বোম্বাই, নোয়াখালি, গড়মুক্তেশ্বর ও পাঞ্জাবে যাঁরা ভ্রাতৃঘাতী দাঙ্গায় নিহত হয়েছিলেন, তাঁরা সবাই ছিলেন হিন্দু, মুসলমান ও শিখ সম্প্রদায়ের সাধারণ দরিদ্র মানুষ। যাঁরা জটিল চক্রান্ত করে দেশকে দ্বিখণ্ডিত করে ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ইংরেজ সাম্রাজ্যবাদীদের হাত থেকে শাসন ক্ষমতা গ্রহণ করেছিল, ভারতবর্ষ এবং পাকিস্তানে, তাঁদের কারো গায়েই দাঙ্গার কোন আঁচ লাগেনি; তাঁরা ক্ষতিগ্রস্ত হননি বিন্দুমাত্র। বাঙলার গ্রামাঞ্চলে, কোথাও সাম্প্রদায়িক দাঙ্গা সংক্রমিত হয়নি, ধর্মীয় সমন্বয়বাদের ঐতিহ্যের প্রভাবে।

**তথ্যসূত্র** :


১ Maulana Abul Kalam Azad; *India Wins Freedom*

২ *Amrit Bazar Patrika*, August 6,

৩ Report of the Commissioner of Police on the disturbance and the action taken by the Calcutta Police between the 16th and 20th August, 1946, including Government of Bengal.

৪ Fortnightly Report on the political situation in Bengal, 2nd half, Government of Bengal.

৫ Miscellaneous Report on the Calcutta Disturbance, Home Political Government of Bengal, August 1946.

৬ সূত্র নং ৩ দ্রষ্টব্য।

৭ Report of the Surgeon-general of Medical Arrangement : ...... সূত্র নং ৩ দ্রষ্টব্য।

৮ সূত্র নং ৩ দ্রষ্টব্য।

৯ Report of the Officer-in-charge, Corpose Disposal, .... সূত্র নং ৫ দ্রষ্টব্য।

১০ Report of Commissioner, Civil Support, সূত্র নং ৫ দ্রষ্টব্য।

১১ M.A.H. Ispahani; *Quid-E-Azam Jinnah. As I knew Him*.

১২ Penderel Moon (ed.) : *Wavell : The Viceroy's Journal*.

১৩ *গণশক্তি* : কমরেড মুজফফ্‌র আহমদ জন্মশতবর্ষ সংবাদ, ১৯৮৩।

১৪ *মুক্তির সংগ্রামে ভারত*, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার।

১৫ রবীন্দ্রনাথ ঠাকুর, *Religion of Man*

১৬ ক্ষিতিমোহন সেন, *হিন্দু ও মুসলমানের যুক্ত সাধনা*।

# Worthy Sons of December

## Wassily Kandinsky (1866-1944) & Paul Klee (1879-1940)

**Somnath Mukherjee**
Life Member, The Asiatic Society

The two most brilliant painters of our age were born in the month of December. The journey of their lives were like two long distance Siberian birds. Their paths meeting but their strong winged minds charting independent territories, exploring areas never traversed before. But before venture into this fascinating journey, we should take a sketchy idea about their biography.

**Wassily Kandinsky (1866-1944)**

The life of Kandinsky reflects like a picturesque novel, in many more senses. Born in December 4, 1866, he spent much of his early years in Odessa, listening to strange folklore and fairy tales from his aunt Elizabeth. From there he came to Moscow to study Law and Political Economics at Moscow University. Gifted with a brilliant mind he easily graduated in 1892 and was offered a post at the Law School. But the fate decreed otherwise. He abandoned a promising legal career partly under the impact of exhibition in Moscow of French Impressionists, at which Monets' picture 'The Haystack' made a lasting impression upon him and in 1896 went to Munich to study painting. Enrolling at Anton Azbe's School and Fraz Von Stuck's class at the Munich Royal Academy, he was happy to meet Klee and Stuck.

Despite his reserve nature, Kandinsky had a great administrative flair. In Munich he helped to form a forum for the Jugendstil— the German equivalent of Art Nouveau and in 1911 he set up an independent association the Blaue Reiter, along with Fraz Marc. In 1914 he returned to Russia due to outbreak of World War and became Professor at the Moscow Academy of Fine Arts in 1918 and stayed up to 1921. When social realism was imposed in Russia, Kandinsky returned to Germany and taught at the Bauhaus during 1922-33, the revolutionary new school of design and applied arts. Here Kandinsky's work matured and he began working in broad areas of colour at greater levels of abstraction. He had reached his own conception of the future destiny of art, and had formulated his beliefs in a book. The *Art of Spiritual Harmony*, which was written in 1910 but not published until 1912. Inspired perhaps by certain types of Jugendstil ornament, he arrived at an original conception of non-objective painting which was to develop between 1910 and 1913.

Indeed Kandinsky was one of the first ranking artists to explore complete abstraction, as evidenced by improvisation 28 (second version), 1912 oil on canvas preserved in Guggenheim Museum, New York (Illustration-I). He articulated his ideas in an influential treatise, concerning the spiritual Art, published in 1912. Artist, Kandinsky believed, must express the spirit and their innermost feelings by orchestrating colour form, line and space. He produced numerous works as stated earlier. Improvisation 28, conveying feelings with colour just intersecting linear elements, and implied spatial relationships. Ultimately,



Illustration-I

the artist saw these abstractions as evolving blueprints for a more enlightened and liberated society emphasising spirituality.

Kandinsky remained comparatively uninfluenced by the contemporary development of Cubism in Paris and arrived at an 'art of internal necessity' in which colour and line were used as means of representing 'spitirual' states of mind. In the course of this experimental development Kandinsky anticipated all the degress of abstraction that art was to undergo in the next fifty years, including the action-painting of the then time out of the many possible way thus opened, the artist himself choose one which led to compositions of an extremely precise, carefully calculated, harmony. Of all types of modern painting, Kandinsky comes nearest to a plastic equivalent for music. The artist left Germany for France in 1933 and lived at Neuilly-sur-seine and spent his best years in a Paris apartment overlooking the science planning new ventures till his demise in 1944.

**Paul Klee (1879-1940)**

Paul Klee was born on December 18, 1879 at Munchenbuchese, near Berne, Switzerland, the son of a music master. An imaginative introvert, the young Klee showed some ability as a poet, but by the time he finished school it was clear where his real interests lay. In 1898, he went to Munich to study art and there he was influenced by Jugendstil.

During the early 1900's, Klee worked mainly as a graphic artist, restricting himself to black and white prints and drawings with a distinctive linear style. Then a visit to Italy and exposure to Impressionist masters showed him the inherent scope and effect of colour, something that was further accentuated when he joined the Blaue Reiter group in 1911.

In April 1914, Klee visited Tunisia and its ancient towns with their break-takingly beautiful landscapes, spectacular, almost magical domes and palm trees—had an

overwhelming influence on his work. His studies in colour continued through the war and then he joined the Bauhaus (by which time his paintings were beginning to receive popular and critical acclaim.) These were productive years, with Klee giving lectures, exhibitions and working on different projects. While at Bauhaus, Klee set out on an ambitious trip to Egypt in December 1920 and this like the Tunisis experience was a mixture, mixture of fantasy and reality for the rest of his life, pyramids and exotic flora appearing in his paintings as recurring motifs.

With the Nazis hostile to Bauhaus, Klee returned to the country of his birth and then occasionally visited Italy and France spending time with friend Kandinsky. His return to Switzerland was marked by a hugely successful retrospective exhibition in 1935. But his health began to fail and he died on June 21, 1940, a few days before Hitler invaded Western Europe.




Illustration-II

Klee was inventive in many ways. He excelled as a draughts man but became a colourist of extreme delicacy. Though personally diffident, he performed as a violinist and he taught art students for more than a decade. His art responded to nature but he made some of the most remarkable abstract painting of the period, unconcerned with style or a consistent personal practice, he produced strikingly different works in the same moment simply because they were appropriate to the inspiration or grew out of the demands of the material itself. Klee's decade there, and his wider commitment to nurturing students, was distilled into his Pedagogical Sketch Book, a key contribution to the understanding of creative practice when first published in 1925.

To penetrate the reality behind visible things, Klee studied nature avidly, taking special interest in analysing processes of growth and change. He coded these studies in diagrammatic form in notebooks, and the knowledge he gained in this way became so much a part of his consciousness that it influenced the psychic improvisation he used to create his art. His work was thus rooted in nature, but it was nature filtered through his mind. Upon starting on images he would allow the pencil or brush to lead him until an image emerged, to which he

would then respond to complete the idea (c.f. Twittering Machine, 1922 water-colour and pen and ink on oil transfer drawing on paper, mounted on card board), Museum of Modern art, New York). (Illustration-II).

Twittering Machine reveals artist's fanciful vision. The painting although based on objects in the tangible world that can easily be read as birds, is far from illusionistic. Klee has presented the scene in a simplified almost childlike manner, imbuing the work with a poetic lyricism. The impact of Klee's works is enhanced by their small size; a viewer must draw near to decipher the delicately rendered forms and enter this mysterious dream world. The inclusion of a crank-driven mechanism adds a touch of whimsy. Perhaps no other artist of the 20th Century matched Klee's subtlety as he deftly created a world of ambiguity and understatement that dress each viewer into finding a unique interpretation of the work.

The most prolific period for both Klee and Kandinsky was the time when they spent together at the Bauhaus, an institute whose creation in the ancient German city of Weimer 1919 was largely the work of Walter Gropius. Despite the obvious hardships of post-war Germany, Gropius assembled a staff of considerable talent. Between 1920 and 1922, he appointed five more teachers at the Bauhaus, including Klee and Kandinsky both of whom had already established international reputations, and Oskar Schlemmer, an artist whose talents encompassed the theatre and ballet.

Kandinsky and Klee were responsible for the basic course at the Bauhaus—former is the reputed dogmatist, his naughty exterior making many students wary of contradicting him, and the latter is enthusiastic, exploring theories of colour and form in formal and workshop sessions. However, the two liked discussing their work, each analysing the other's progress. This period witnessed a revolutionary and dramatic development in two common aspects of their art work—the relationship between painting and music, and the use of highly personalised symbols and motifs.

Klee and Kandinsky had a keen interest in and a deep understanding of music. Kandinsky in fact published some of his old music in 1912, while attempted a literal translation of music into painting note to note. Both of them used symbols of Russian iconography had a permanent influence and later he developed his own distinct vocabulary of symbols. Likewise, Klee's paintings show the recurrence of specific symbols, some of which, like the bird and an open eye, were borrowed from Egyptian hieroglyphs. For him, though, the actual subject of a statue or the meaning of a hieroglyph was less important than the underlying sense of timeless truth.

Perhaps, the best testimony to their relationship is the speech, Klee gave on the occasion of Kandinsky's 60th birthday: "At the beginning of the century our ways crossed for a moment at the Munich Academy...a dozen years later, our first real making took place. He was more advanced in his development than I; I could have been his pupil and in a certain sense I was, for some of his words managed to encourage, confirm and clarify my stroking. The current of feeling between us (has) remained unbroken but under monstrable."

(I am grateful to Professor Isha Mahammad, eminent painter, for rendering his opinion and suggestion during his lifetime and thanks are also due to Professor Manoj Sarkar for valued discussion to give shape of the article.)

# Six-Day Workshop on Manuscriptology and Palaeography




L to R: Professor Ratna Basu, Dr. Satyabrata Chakrabarti, Professor Tapati Mukherjee and Dr. Sujit Kumar Das

The Asiatic Society organised a six-day workshop on 'Manuscriptology and Palaeography' from 11th-16th December 2023 at the Vidyasagar Hall of the Society. Almost 100 participants joined this workshop and nurtured their knowledge about different aspects on Manuscriptology and Palaeography. The Coordinator of the programme was Professor Tapati Mukherjee, Vice-President of the Society.

The workshop was divided into twelve academic sessions and each session was covered with different subjects of discussion. Many professors from different universities chaired the sessions as well as delivered their valuable speeches on different topics.

On 11th December, the workshop was started with chanting of Vedic hymns by the Research Scholars of the Society. Dr. Satyabrata Chakrabarti, General Secretary of the Society paid his tribute to Pandit Iswarchandra Vidyasagar by garlanding the bust of Vidyasagar and also delivered the Welcome Address. After that, Professor Tapati Mukherjee introduced the theme of the workshop. In Keynote Address, Professor Ratna Basu gave a general idea about Manuscriptology, critical edition of a manuscript, development of different scripts etc. Vote of Thanks was delivered by Dr. Sujit Kumar Das, Treasurer of the Society.

In the two sessions of the first day of the workshop, the speakers introduced the two terms 'Manuscriptology' and 'Palaeography' and shed light on the history of manuscript studies in India and role of the Asiatic Society.

On the second day, two important topics 'Relevance of Manuscripts in Contemporary Perspective' and 'Technique of Cataloguing' were discussed through power-point presentations, hands on activities and lectures. Cataloguers of the Museum Section of the Society described different scripts and techniques of the cataloguing meticulously.


The third day of the workshop covered different aspects of Bengali manuscripts. The speakers not only delivered their lectures on exposition of Bengali manuscripts but also took practical lessons on some Bengali manuscripts and scripts.

On the fourth day, discussions and practical lessons on different scripts like Brahmi, Devanagari, Sarada, Grantha, Tibetan etc. were taken by the eminent speakers.

Fifth day of the workshop includes different activities like discussion of Arabic and Persian manuscripts, practical lessons on editing, learning the technique of conservation and also visit to the Conservation Section of the Society. During their visit to the Conservation Section, the participants were demonstrated different methods of curative conservation by the staff members.

On the last day, participants were well acquainted with preventive conservation of manuscripts with practical demonstrations. Shri Abhiram Sau from Odisha showed different methods of manuscript conservation and decoration with indigenous preservatives and materials of writing. In the second session of the last day, participants visited the Museum of the Society and observed manuscripts of different scripts and languages, some rare manuscripts, copper plates, paintings etc.

In the Valedictory Session Professor Parbati Chakrabarti delivered a lecture on the Bengali Manuscripts in general. Professor Samiran Chandra Chakrabarti, who chaired this session, added a short speech on relevance of such workshop. Specially designed feedback forms were distributed among the participants for their valuable feedback. The six-day programme was ended with Vote of Thanks by Dr. Keka Adhikari Banerjee, Curator of the Society and also Joint Coordinator of the Workshop.




***অবনীন্দ্র পরম্পরা***
সোমা সেন
প্রকাশক : সিগনেট প্রেস, কলকাতা
মূল্য : ৫৫০.০০

উনিশ শতকের সূচনায় অবনীন্দ্রনাথের হাত ধরে ভারতীয় শিল্পের যে উত্থান তাকে অস্বীকার করবার কোনো উপায় নেই। বাংলা-কলমের শিল্পকলা প্রসঙ্গে আজ আমাদের একপ্রকার নাসাকুঞ্চন থাকলেও, বিলেতি রিয়েলিস্তিক আর্টের আদর্শের বিরুদ্ধে বেঙ্গল স্কুলের ছবিই একদা মাথা তুলে দাঁড়াবার স্পর্ধা দেখিয়েছিল। রবি বর্মার ছবির বিপুল জনপ্রিয়তাকে সরিয়ে এই ভিন্নতর চিত্র-আদর্শ নির্মাণ করেছিল ভারতীয় শিল্পধারার নতুন বনিয়াদ। যা ক্রমে বাঁক নিতে নিতে এগিয়ে চলেছে। আর সেই শিল্পপ্রবাহে বিচিত্র কর্মকাণ্ডের কেন্দ্রস্থলে স্তম্ভের মতো দাঁড়িয়ে ছিলেন যে মানুষটি, তিনি শিল্পাচার্য অবনীন্দ্রনাথ ঠাকুর। তাঁর দেখানো পথেই এক ঝাঁক তরুণ শিল্পী বাংলার শিল্প আন্দোলনকে এগিয়ে নিয়ে চলেছিলেন। স্মরণে রাখা দরকার, এই শিল্প-আন্দোলনের অগ্রপথিক হিসেবে এগিয়ে চলার আগে তিনি নিজেকেও নির্মাণ করে নিয়েছেন। প্রথম জীবনের পাশ্চাত্য শিল্পের পাঠ থেকে নিজেকে সরিয়ে এনেছেন ভারতীয় ভাব ও আদর্শের ভুবনে। তাঁর এই কাজে তাঁর ভাবনার সহায়ক হিসেবে প্রত্যক্ষ ভূমিকা ছিল রবীন্দ্রনাথ, বলেন্দ্রনাথ প্রমুখ একাধিক ব্যক্তিত্বের। ভারতীয় শিল্পের ভাবনা ও শিল্প-আঙ্গিক একদিনে গড়ে ওঠেনি। অবনীন্দ্রনাথের সেই নতুন ধারার চিত্রমালা মুঘল মিনিয়েচার, দূর-প্রাচ্যের ছবির ঘরানার সঙ্গে বিলেতি জলরঙের নিজস্ব ধারা সংশ্লেষিত হয়ে নির্মিত হয়েছে। তাঁর আবিষ্কৃত ওয়াশ-টেকনিকের অভিনব আঙ্গিক ভারতীয় চিত্রকলার নতুন দরজা খুলে দিয়েছিল। ক্রমে শিষ্যদের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে, বিস্তৃতি পেয়েছে এই নবতর চিত্রশৈলী। অবনীন্দ্রনাথের ছাত্রগণ গুরুর শেখানো পথে কী ভাবে এগিয়েছেন, কেমন করে নিজেদের ভাবনার টিপছাপ রেখেছেন – এই বিষয়েই লেখা হয়েছে *অবনীন্দ্র পরম্পরা* শীর্ষক গ্রন্থটি। যেখানে শিল্পগুরু অবনীন্দ্রনাথের একুশ জন শিষ্যকে ঘিরে আলোচিত হয়েছে আধুনিক ভারতীয় শিল্পের প্রেক্ষাপট। বইটি শুরু হয়েছে 'গুরু-শিষ্য সংবাদ' শীর্ষক ভূমিকার মধ্যে দিয়ে, যেখানে সেই পর্বের সামগ্রিক চালচিত্রটি অঙ্কিত। কলকাতার সরকারী আর্ট স্কুলের অধ্যক্ষ ই বি হ্যাভেলের অনুরোধে তথা উদ্যোগে অবনীন্দ্রনাথ ১৯০৫ সালে সহকারী অধ্যক্ষের দায়িত্ব নিয়ে আর্ট স্কুলের শিক্ষকতায় যোগদান করেন। সেই সময়ে অবনীন্দ্রনাথ পরিচালিত বিভাগটির নাম ছিল 'এডভান্সড ডিজাইন ক্লাস'। কিছুকাল পরে হ্যাভেলের অসুস্থতার কারণে অবনীন্দ্রনাথকেই ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে বেশ কিছুকাল কাজ চালিয়ে যেতে হয়। লেখিকার কথা অনুসারে প্রথম শিল্পশিক্ষার্থী হিসেবে অবনীন্দ্রনাথের কাছে আসেন সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়। তারপর আসেন নন্দলাল বসু, তবে অসিতকুমার হালদার তাঁর 'শিল্পগুরু অবনীন্দ্রনাথের শিষ্য ও নাতি-শিষ্যবর্গ'

শীর্ষক লেখায় জানিয়েছেন, 'অবনীন্দ্রনাথের কাছে দেশী পদ্ধতিতে ছবি আঁকার হাতেখড়ি সর্বপ্রথমে নেন শ্রীযুক্ত নন্দলাল বসু। তারপর এলেন স্বর্গীয় সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, তারপর এই লেখক (অসিতকুমার) এবং ক্রমে হাকিম মহম্মদ, ভেঙ্কটাপ্পা, বীরেশ্বর সেন, শৈলেন্দ্রনাথ দে, সমরেন্দ্রনাথ গুপ্ত, ক্ষিতীন্দ্রনাথ মজুমদার প্রভৃতি'। ঘটনা যাই হোক, সহজ আন্তরিকতায় অবনীন্দ্রনাথ বলেছেন, 'আমিও আঁকতুম, তারাও আঁকত। গুরুশিষ্যের বালাই ছিল না। যে যার এক মনে কাজ করে যেতুম।' বলেছেন বটে, তবে আমরা জানি, কী ভাবে তিনি তাঁর ছাত্রদের শিল্পের পাঠ দিতেন। তাঁর কাছে সাধারন চোখের দেখার চেয়ে কল্পনার দেখায় জোর ছিল বেশী। এখানে *প্রবাসী* পত্রিকায় মুদ্রিত ছাত্রদের প্রতি তাঁর উপদেশ স্মরণ করি। তিনি বলেছেন, -- 'আমি দেখিয়াছি, তোমরা কোন একটা সুন্দর দৃশ্য লিখিতে গেলে বাগানে কিম্বা নদীতীরে গিয়া গাছপালা ফলফুল জীবজন্তু দেখিয়া লিখিতে থাক। এই সহজ ফাঁদে সৌন্দর্যকে ধরিবার চেষ্টা দেখিয়া অবাক হইয়াছি। তোমরা কি জান না সৌন্দর্য বাহিরের বস্তু নয় কিন্তু অন্তরের। অন্তর আগে কালিদাসের মেঘদূতের রসবরষায় সিক্ত কর তবে আকাশের দিকে চাহিয়া দেখিও, নব মেঘদূতের নূতন ছন্দ উপভোগ করিবে; আগে মহাকবি বাল্মীকির সিন্ধুবর্ণন, তবে তোমার সমুদ্রের চিত্রলিখন।' এই ছিল অবনীন্দ্রনাথের শিক্ষা। কেবল ছবি আঁকাই নয়, তিনি চাইতেন ছাত্রেরা যেন নানান সৃষ্টিশীল কাজের সঙ্গে নিজেদের যুক্ত রাখেন, সে সাহিত্য, গান-বাজনা, অভিনয় যাই হোক না কেন। অর্থাৎ অবনীন্দ্র চিত্রপরম্পরার অন্যতম চাবিকাঠি হচ্ছে সৃষ্টির বিচিত্রমুখিতা। তাঁর জীবনেও এর অন্যথা ঘটেনি। তিনি একাধিক ভাষায় পারদর্শী ছিলেন, ভাল এসরাজ বাজাতেন, সাহিত্যে অনায়াস বিচরণ নতুন করে বলার অপেক্ষা রাখে না। তাছাড়া যাত্রাপালা রচনার পাশাপাশি কাটুমকুটুমের জগৎ আজও আমাদের কাছে বিপুল বিস্ময়, আর এই সবটা মিলিয়েই তো অবনীন্দ্র পরম্পরা। ছাত্রেরা তাঁর বিচিত্র সৃষ্টিসত্তার দুর্লঙ্ঘ্য পরম্পরাকে স্পর্শ করতে না পারলেও চিত্রকলার ক্ষেত্রে বহুদূর প্রসারিত হয়েছিলেন। গুরুর নির্দেশনায় এবং শিষ্যদের কাজে উন্মোচিত হয়েছে ভারতীয় চিত্রের নবদিগন্ত। যাকে অবনীন্দ্রনাথ একপ্রকার যুদ্ধে নামার সঙ্গে তুলনা করেছেন। যুদ্ধ এই কারণেই, তখন রবি বর্মার ছবির প্রসিদ্ধি আকাশচুম্বী। ভারতীয় পুরাণ, মহাকাব্য ও ইতিহাসকে কেন্দ্র করে গড়ে উঠেছিল তাঁর চিত্রকলা। দেশের মানুষ সেগুলিকেই ভারতীয় ছবির আদর্শ হিসেবে গ্রহণ করেছিলেন। এমন কি, প্রথম দিকে রবীন্দ্রনাথও তলিয়ে না দেখে রবি বর্মার ছবির ভূয়সী প্রশংসা করেছেন। ১৮৯৩-এর মাঝামাঝি *ছিন্নপত্রাবলী*তে তিনি ভ্রাতুস্পুত্রী ইন্দিরা দেবীকে চিঠিতে লিখেছেন,-- 'রবিবর্মার ছবি দেখতে দেখতে সমস্ত সকালবেলাটা গেল। আমার সত্যি বেশ লাগে। হাজারই হোক, আমাদের দিশি বিষয় এবং দিশি মূর্তি ও ভাব আমাদের কাছে যে কতখানি, এই ছবিগুলি দেখলে তা বেশ বোঝা যায়।' আমরা জানি, রবীন্দ্রনাথের এই মুগ্ধতা বেশিদিন স্থায়ী হয় নি। তবে তাঁর কথায় এইটুকু স্পষ্ট, রবি বর্মার ছবির জনপ্রিয়তার উৎসটি কোথায়। বুঝতে বাকি থাকে না, রবি বর্মার ছবির বিষয় ভারতীয় পুরাণ, সংস্কৃত কাব্য থেকে উঠে এলেও, তার চিত্র-কৌশল, চিত্রের মাধ্যম বা টেকনিক ও প্রকাশ ভঙ্গিমা পুরোপুরি পাশ্চাত্য থেকে নেওয়া। ফিগারের রিয়েলিস্তিক গড়ন, আলোছায়ার খেলা একেবারেই পশ্চিমের চিত্রধারাকে অনুসরণ করেছে। প্রকৃতপক্ষে ভারতীয় শিল্প হিসেবে বলা যাবে তাকেই, যেখানে বিষয়ের পাশাপাশি শৈলীও ভারতীয় তথা প্রাচ্যের পরম্পরায় অবগাহিত। শিষ্যদের নিয়ে গুরু অবনীন্দ্রনাথ কথিত 'যুদ্ধ' এইখানেই। যুদ্ধের প্রসঙ্গে অসিতকুমার বলেছেন, --'যে সময় শিল্পগুরু অবনীন্দ্রনাথ ঠাকুর মহাশয় দেশের চিত্রকলার সেবায় নিযুক্ত ছিলেন তখন দেশের শিক্ষিত লোকেরা ইংরাজি শিক্ষার প্রভাবে

বিলাতি আর্টেরই তত্ত্ব অবগত ছিলেন; অজন্তা, বরবুদোর, কাম্বোজ ও শ্যাম দেশের সব কীর্তির কথা কেবল মুষ্টিমেয় প্রত্নতত্ত্ববিদের নিকটেই প্রচারিত ছিল।... তখন একমাত্র অবনীন্দ্রেরই তার দিকে চোখ পড়েছিল। তিনি বুঝেছিলেন দেশের আর্ট জানতে হলে শুধু দেশের নয়, দেশ-বিদেশে ছড়ানো দেশের প্রাচীন কীর্তিগুলির ঐতিহ্যের পরিচয়লাভ শিল্পীদের আগে করতে হবে। তাই সেই প্রাচীন কীর্তিগুলির পরিচয় তাঁর ছাত্রদের নিকট দিয়েছিলেন।' অসিতকুমারের এই কথা যে সর্বাংশে সত্য, তাতে বিন্দুমাত্র সন্দেহ নেই।

গ্রন্থটিতে লেখিকা শিল্পাচার্য অবনীন্দ্রনাথের প্রধান ছাত্রদের জীবন ও কাজের যে সংক্ষিপ্ত পরিচয় মেলে ধরেছেন – তা খুবই গুরুত্বপূর্ণ। ছাত্রদের তালিকাটি লক্ষ করলে দেখা যাবে, সর্বাগ্রে আছেন সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, তারপর ক্রমে নন্দলাল বসু, শৈলেন্দ্রনাথ দে, ক্ষিতীন্দ্রনাথ মজুমদার, সমরেন্দ্র গুপ্ত, অসিতকুমার হালদার, দুর্গেশচন্দ্র সিংহ, কৃষ্ণ বেঙ্কটাপ্পা, সারদাচরণ উকিল, দুর্গাশঙ্কর ভট্টাচার্য, হিরণ্ময় রায়চৌধুরী, সুরেন্দ্রনাথ কর, পুলিনবিহারী দত্ত, বীরেশ্বর সেন, দেবীপ্রসাদ রায়চৌধুরী, চৈতন্যদেব চট্টোপাধ্যায়, প্রমোদকুমার চট্টোপাধ্যায়, প্রবোধেন্দুনাথ ঠাকুর, প্রশান্ত রায় এবং রেবতীভূষণ ঘোষ। এই শিল্পীদের মধ্যে বিশেষ করে কয়েকজনের সম্বন্ধে খুব বেশি তথ্য পাওয়া যায় না। লেখিকা পরিশ্রমের সঙ্গে তা সন্নিবদ্ধ করেছেন, সেজন্যে অবশ্যই তাঁর সাধুবাদ প্রাপ্য। তালিকা দীর্ঘ হলেও লেখিকা নিজেই জানিয়েছেন, আরো অনেকের কথা এখানে বলা গেল না। সেই না-বলা শিল্পীদের মধ্যে আবদুর রহমান চুঘতাই, রূপকৃষ্ণ, রতি পেটিট (যিনি নিজেকে অবনীন্দ্রনাথের সর্বশেষ শিক্ষার্থী বলেছেন), হাকিম মহম্মদ খাঁ প্রমুখ উল্লেখযোগ্য। তা সত্ত্বেও শিষ্যদের ঘিরে অবনীন্দ্রনাথের ভাবনা ও কর্মকাণ্ডের একটা আভাস এখানে পরিস্ফুট। তাঁকে কেন্দ্র করে বাংলা-কলমের চিত্রকলার এই আলোকিত বৃত্তটি ইতিহাসের প্রেক্ষাপটে জরুরিও বটে। তবে বইতে মুদ্রিত ছবিগুলির প্রতি আরেকটু প্রাধান্য দেওয়া উচিত ছিল, কারণ বইয়ের প্রধান ভর চিত্রী এবং চিত্রকলা। আর গ্রন্থের শিরোনামে অবনীন্দ্রনাথ থাকলেও বইয়ের অন্দরে শিল্পাচার্যের আলোকচিত্রটি অন্যদের ভিড়ে হারিয়ে গিয়েছে।


**সুশোভন অধিকারী**
**শান্তিনিকেতন**

## Eastern Command China Seminar, 1-2 December 2023 held at Fort William, Kolkata




Lieutenant General RP Kalita , PVSM,UYSM, AVSM, SM VSM, General officer Commanding Eastern Command visiting Society's book stall in the seminar.

# JUST PUBLISHED




₹ 400




₹ 300

# 2024

## JANUARY

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | 31 | | | |

## FEBRUARY

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |
| 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | | |

## MARCH

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| 31 | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

## APRIL

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | | | | |

## MAY

| S | M | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

## JUNE

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| 30 | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |

## JULY

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | 31 | | | |

## AUGUST

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |
| 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | 31 |

## SEPTEMBER

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | | | | | |

## OCTOBER

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | | 1 | 2 | 3 | 4 | 5 |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | 30 | 31 | | |

## NOVEMBER

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

## DECEMBER

| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | 31 | | | | |

## LIST OF HOLIDAYS

| Holiday | Date | Day |
|---|---|---|
| Republic Day | 26.01.2024 | Friday |
| Basant Panchami / Sri Panchami | 14.02.2024 | Wednesday |
| Holi | 25.03.2024 | Monday |
| Good Friday | 29.03.2024 | Friday |
| Id-ul-Fitr | 11.04.2024 | Thursday |
| Mahavir Jayanti | 21.04.2024 | Sunday |
| Buddha Purnima | 23.05.2024 | Thursday |
| Id-uz-Zuha (Bakrid) | 17.06.2024 | Monday |
| Muharram | 17.07.2024 | Wednesday |
| Independence Day | 15.08.2024 | Thursday |

| Holiday | Date | Day |
|---|---|---|
| Milad-un-Nabi or Id-E-Milad (Birthday of Prophet of Mohammad) | 16.09.2024 | Monday |
| Mahatma Gandhi's Birthday | 02.10.2024 | Wednesday |
| Dussehra (Mahaashtami Mahanavami) (Additional Day) | 11.10.2024 | Friday |
| Dussehra (Vijaya Dashami) | 12.10.2024 | Saturday |
| Diwali (Deepavali) | 31.10.2024 | Thursday |
| Guru Nanak's Birthday | 15.11.2024 | Friday |
| Christmas Day | 25.12.2024 | Wednesday |

Published by Dr. Satyabrata Chakrabarti, General Secretary, The Asiatic Society, 1, Park Street, Kolkata 700016,
Phone: 2229 0779, 2229 7251, 2249 7250 E-mail : generalsecretary-ask@asiaticsocietykolkata.nic.in
Web: www.asiaticsocietykolkata.org
Printed at Arunima Printing Works, 81, Simla Street, Kolkata 700 006. E-mail : arunimaprinting@gmail.com